



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টর
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।

"বাংলাদেশ গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন (১ম সংশোধিত)" শীর্ষক
প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ

চূড়ান্ত প্রতিবেদন



প্রণয়নে

এসএ কনসাল্ট ইন্টারন্যাশনাল লিমিটেড

বাসা-৬ (এপার্টমেন্ট-৩এ), ব্লক-এফ
রোড-৮, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২
জুন ২০১৭

সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
	ACRONYMS	iii
	নির্বাহী সার-সংক্ষেপ	vi-iv
প্রথম অধ্যায় - প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ		
১.১	পটভূমি	১
১.২	প্রকল্পের উদ্দেশ্য	১
১.৩	প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ	২
১.৪	প্রকল্পের পরিচিতি	২
১.৫	প্রকল্প অনুমোদন, সংশোধন ও বাস্তবায়নকাল	২
১.৬	প্রাক্কলিত ব্যয়	৩
১.৭	প্রকল্পের আওতাভুক্ত প্রধান প্রধান অঙ্গসমূহের পরিমাণ ও বরাদ্দ (অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী)	৩
১.৮	বছর ভিত্তিক বরাদ্দ ও ব্যয়ের চিত্র	৩
১.৯	দায়িত্বপ্রাপ্ত প্রকল্প পরিচালকগণের নাম ও কার্যকাল	৪
১.১০	প্রকল্পের সংক্ষিপ্ত অঙ্গভিত্তিক বিবরণ	৪
দ্বিতীয় অধ্যায় - নিবিড় পরিবীক্ষণ কার্যপদ্ধতি		
২.১	প্রস্তাবিত নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রমের উদ্দেশ্য	৬
২.২	নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমে পরামর্শকের দায়িত্ব	৬
২.৩	নিবিড় পরিবীক্ষণে পরিচালিত কার্যক্রম	৭
২.৪	নমুনা এলাকা ও নমুনার আকার নির্বাচন	৭
২.৫	উপাত্ত সংগ্রহ পদ্ধতি	১১
২.৬	মাঠ পরিদর্শন ও সম্পাদিত কাজের গুণগত মান পরীক্ষা	১২
২.৭	নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রমের ব্যবস্থাপনা	১২
	২.৭.১ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের দায়িত্ব বন্টন	১২
	২.৭.২ তথ্য সংগ্রহকারী নিয়োগ ও প্রশিক্ষণ	১৩
	২.৭.৩ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ	১৩
২.৮	নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের প্রতিবেদন প্রস্তুতকরণ	১৩
তৃতীয় অধ্যায়- প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি		
৩.১	প্রকল্পের প্রধান প্রধান অঙ্গভিত্তিক অগ্রগতির বর্তমান চিত্র	১৪
৩.২	২০১৭ সালের এপ্রিল পর্যন্ত স্যানিটেশন কাজের অগ্রগতি	২০
৩.৩	২০১৭ সালের মার্চ পর্যন্ত জেলাভিত্তিক নন পাইপড ওয়াটার অপশন কাজের অগ্রগতি (NGO Intervention Areas)	২১
৩.৪	২০১৭ সালের মার্চ পর্যন্ত জেলাভিত্তিক নন পাইপড ওয়াটার অপশন কাজের অগ্রগতি (DPHE Intervention Areas)	২১
৩.৫	৩১ মার্চ ২০১৭ পর্যন্ত আরপিডব্লিউএসএস কাজের ভৌত অগ্রগতি	২২
৪র্থ অধ্যায় – প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ		
৪.১	আর্থ-সামাজিক অবস্থার তথ্য	২৭
৪.২	নিরাপদ পানি বিষয়ক তথ্য	৩১
৪.৩	পয়ঃনিষ্কাশন	৪০
৪.৪	সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ এর তথ্য	৪৮
৪.৫	সবল, দুর্বল, ঝুঁকি ও সুযোগ সমূহ	৫০
৪.৬	অন্যান্য বিষয়	৫২
৪.৭	সুবিধাভোগীদের নিকট থেকে প্রাপ্ত তথ্য	৫৪

৪.৮	ফোকাস গ্রুপ সভা থেকে প্রাপ্ত তথ্য	৫৪
৪.৯	KII থেকে প্রাপ্ত তথ্য	৫৫
৪.১০	স্থানীয় কর্মশালা থেকে প্রাপ্ত তথ্য	৫৬
৫ম অধ্যায়- প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যবেক্ষণ ও পর্যালোচনা		৫৮
৫.০	ক্রয় কার্যক্রম পরিবীক্ষণ/দরপত্র ও ঠিকাদার নিয়োগ সংক্রান্ত তথ্য	৫৮
৫.১	সেবা (Service)	৫৮
৫.২	মালামাল (Goods)	৫৯
৫.৩	কাজ (Works)	৫৯
৬ষ্ঠ অধ্যায়- মাঠ পর্যায়ে পরিদর্শন এবং স্পেসিফিকেশন মোতাবেক নির্মাণ কাজের পরিমাণ ও গুণগতমান পর্যবেক্ষণ।		
৬.১	পরিদর্শনের তারিখ, স্থান ও স্থাপনার বিবরণ	৬০
৬.২	স্থাপনাগুলো পরিদর্শনের চিত্র	৬১
৬.৩	ল্যাব টেস্ট রেজাল্টসমূহ	৬৪
৭ম অধ্যায় - প্রধান প্রধান সমস্যার তথ্যাদি (Major Findings)		
৭.১	প্রকল্প কাজের কম অগ্রগতির কারণ সমূহঃ	৬৭
৭.২	সাধারণ পর্যবেক্ষণ	৬৭
৭.৩	পূর্ত কাজ সম্পর্কিত ফলাফলঃ	৬৮
৮ম অধ্যায় - SWOT বিশ্লেষণ		৬৯
৮.১	সবলতা (Strength)	৬৯
৮.২	প্রকল্পের দুর্বল (Weakness) বা নেতিবাচক দিকসমূহ	৬৯
৮.৩	প্রকল্পের সুযোগ (Opportunity)	৬৯
৮.৪	প্রকল্পের ঝুঁকি (Threat)	৭০
৯ম অধ্যায় - সুপারিশমালা		
৯.১	প্রকল্প সংশ্লিষ্ট সুপারিশ সমূহঃ	৭১

সংযুক্তি

- সংযুক্তি-১: প্রশ্নমালা-১ প্রকল্পের সুবিধাভোগী
সংযুক্তি-২: প্রশ্নমালা- ২, এনজিও প্রতিনিধি
সংযুক্তি-৩: প্রশ্নমালা- ৩, সরকারি-বেসরকারি অংশগ্রহণ (পিপিপি)
সংযুক্তি-৪: চেকলিস্ট- ১, ক্রয় সংক্রান্ত
সংযুক্তি-৫ (১): চেকলিস্ট-২, কেআইআই
সংযুক্তি-৫ (২): চেকলিস্ট-২ কেআইআই (এনজিও)
সংযুক্তি-৬: চেকলিস্ট- ৩, এফজিডি
সংযুক্তি-৭: টেস্ট রিপোর্ট
সংযুক্তি-৮: TOR

ACRONYMS

AIRP	Arsenic Iron Removable Plan
BRWSSP	Bangladesh Rural Water Supply and Sanitation Project
CBO	Community Based Organization
CCGP	Cabinet Committee on Government Purchase
CPTU	Central Procurement Technical Unit
DPP	Development Project Proposal
DPHE	Department of Public Health Engineering
DWSF	Dug Well Sand Filter
FGD	Focus Group Discussion
GOB	Government of Bangladesh
IDA	International Development Agencies
IMED	Implementation Monitoring and Evaluation Division
KII	Key Informants Interview
LGD	Local Government Division
LGED	Local Government Engineering Department
LSE	Local Small Entrepreneur
NCT	National Competitive Tender
NGO	Non-Government Organization
OTM	Open Tendering Method
RTM	Restricted Tendering Method
RFQ	Request for Quotation
PCR	Project Completion Report
PPP	Public Private Participation
PPR	Public Procurement Rules
PSF	Pond Sand Filter
RDPP	Revised Development Project Proposal
RWS	Rain Water Harvesting
SACIL	SA Consult International Limited
SWOT-	Strength, Weakness, Opportunity and Threat
TOR	Terms of Reference
UNICEF	United Nations International Children's Emergency Fund
UN	United Nations
WHO	World Health Organization

নির্বাহী সার-সংক্ষেপ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন "বাংলাদেশ গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি সরকারের একটি গুরুত্বপূর্ণ প্রকল্প।

বাংলাদেশের মোট ৩৩টি জেলার ৯৭টি উপজেলার ৩৮৩ টি ইউনিয়নে প্রকল্পের আওতাভুক্ত স্থাপনাগুলোর অবস্থান। প্রকল্পটির মূল উদ্দেশ্য গ্রামাঞ্চলের জনসাধারণকে আর্সেনিক আয়রণ ও লবনাক্ত মুক্ত বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করা, অতিদরিদ্র জনসাধারণের জন্য কম খরচে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন নির্মাণ এবং স্থানীয় প্রাইভেট সেক্টরের মাধ্যমে নির্বাচিত গ্রামে স্যানিটেশন ব্যবস্থার গুণগত পরিবর্তন সম্পর্কে সচেতনতা ও উপকারভোগীদের দক্ষতা বৃদ্ধি করা। বাংলাদেশ সরকার এবং বিশ্ব ব্যাংক এর অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। বিশ্ব ব্যাংক এর শর্ত ও নির্দেশনা মোতাবেক সরকারী - বেসরকারী অংশগ্রহণ (PPP) এর মডেল/নমুনা অনুসরণ করে প্রকল্পটির পাইপড ওয়াটার সাপ্লাই অংশটি বাস্তবায়িত হচ্ছে।

প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি-র মোট প্রাক্কলিত ব্যয় ৩৮৪১২.১৯ লক্ষ টাকা। তন্মধ্যে বাংলাদেশ সরকারের (জিওবি) সহায়তা ১৩২৪.৪৭ লক্ষ টাকা, স্পন্সর/কমিউনিটি ৪১২৪.৯০ লক্ষ টাকা এবং প্রকল্প সহায়তা ৩২৯৬২.৮৩ লক্ষ টাকা। প্রকল্পের বাস্তবায়নকাল ১ জুলাই ২০১২ হইতে ৩১ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত। প্রকল্পের প্রধান প্রধান অঙ্গ সমূহ যথাক্রমেঃ গ্রামীণ পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম, আর্সেনিক, আয়রণ ও লবনাক্ততা প্রবণ এলাকায় পানির বিভিন্ন অপশন (নন-পাইপড) যেমন- টিউবওয়েল, পন্ড স্যান্ড ফিল্টার (PSF), ডাগ ওয়েল (Dug Well) স্যান্ড ফিল্টার(DWSF) এবং রেইন-ওয়াটার হারভেস্টিং (RWH)। অতিদরিদ্র জনসাধারণের জন্য কম মূল্যে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন নির্মাণ এবং উপকারভোগীদের সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিকরণ।

পরিবীক্ষণ কাজে প্রাথমিক তথ্য সংগ্রহের জন্য প্রকল্প এলাকা থেকে দৈবচয়ন পদ্ধতিতে জরিপ প্রশ্নোত্তরের মাধ্যমে ৭৪৭ জন উপকারভোগীর তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়। KII এবং FGD এর মাধ্যমে প্রকল্পের সাথে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সাথে একক ও দলীয় আলোচনার মাধ্যমে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়। চেকলিস্টের মাধ্যমে সেকেন্ডারি তথ্য সংগ্রহ করা হয়। প্রকল্পের নির্মাণ কাজে যে সকল মালামাল ব্যবহার করা হয়েছে সেগুলোর গুণগত মান যাচাইয়ের জন্য বিভিন্ন স্থাপনা থেকে নমুনার আকার নির্বাচন ও সংগ্রহ এবং ল্যাবরেটরীতে পরীক্ষা করা হয়। একাজের জন্য তথ্য-উপাত্ত সংগ্রহকারীদের হাতে কলমে প্রশিক্ষণ দেওয়া হয়।

প্রকল্পের অনুকূলে বরাদ্দ ও বরাদ্দের ব্যবহার এবং প্রকল্পের অঙ্গাভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির তথ্যসমূহ বিশ্লেষণ করে দেখা যায়, এপ্রিল ২০১৭ পর্যন্ত প্রকল্পের ৭৩% ভৌত এবং ৬৭% আর্থিক অগ্রগতি হয়েছে। অন্যদিকে প্রকল্পের মেয়াদকালের মধ্যে ৩৭টি পাইপড ওয়াটার সাপ্লাই স্কিমের সবগুলোতে পানি সরবরাহ শুরু করা হবে¹। ৫০,০০০টি স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন এর মধ্যে প্রায় ৪৭,০৯৭ টি অর্থাৎ ৯৪.২% কাজ সম্পন্ন হয়েছে। নন-পাইপড ওয়াটার অপশনে এনজিও ইন্টারভেনশন এলাকায় ৯৬.৮৯% এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

¹ সংশ্লিষ্ট প্রকল্পের পিডি ও ডিপিডি

ইন্টারভেনশন এলাকায় ৯৬.০০% কাজ সম্পন্ন হয়েছে।² সর্বোপরি বলা যায় প্রকল্পের বিভিন্ন কার্যক্রমের মধ্যে অধিকাংশ কাজই ইতোমধ্যে সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট কাজ ডিসেম্বর ২০১৭ এর মধ্যে সমাপ্ত হবে।³

প্রকল্পের সুবিধাভোগীদের অনেকে ইতোপূর্বে ঝুলন্ত অথবা খোলা পায়খানা ব্যবহার করত। কিন্তু প্রকল্পের আওতায় আসার পর শতভাগ সুবিধাভোগী (যারা ল্যাট্রিন পেয়েছে) স্বাস্থ্যসম্মত স্যানিটারী ল্যাট্রিন ব্যবহার করছেন। পূর্বে গ্রামাঞ্চলের যে সকল জনগন নদী, পুকুর, অগভীর নলকুপ, খাল বিল ইত্যাদির পানি পানীয় হিসেবে ব্যবহার করত বর্তমানে তারা শতভাগ বিশুদ্ধ খাবার পানি ব্যবহার করছেন। ফলে প্রকল্প এলাকায় পরিবেশ উন্নত হয়েছে এবং পানি বাহিত রোগের (জন্ডিস, আমাশয়, ডাইরিয়া ইত্যাদি) প্রাদুর্ভাব কমেছে, বিশেষ করে শিশুদের। এফজিডি ও কেআইআই থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে গ্রামের জনগণের ভিতরে স্বাস্থ্য সম্মত স্যানিটারী ল্যাট্রিন ও নন-পাইপড ওয়াটার অপশন এর চাহিদা বৃদ্ধি পেয়েছে। তবে পাইপড ওয়াটার স্কীমের জন্য স্পন্সরদের অংশগ্রহণের পরিমাণ ৩০% এর পরিবর্তে ০-১০% করার ব্যাপারে অভিমত ব্যক্ত করেছেন।

প্রকল্পের ক্রয় কার্যক্রমের ১১৮টি নির্বাচিত প্যাকেজের দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় প্যাকেজগুলোর ক্রয় কার্যক্রম PPR – 2008 এবং বিশ্ব ব্যাংকের বিধিমালা অনুসরণ করে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে করা হয়েছে।

পাইপড ওয়াটার স্কীমের অবকাঠামো সমূহ নির্মাণের জন্য ব্যবহৃত বিভিন্ন মালামালের ল্যাব টেস্টের ফলাফল বিশ্লেষণ করে দেখা যায় যে, এমএস রডের ফলাফল ভালো, কনক্রিট টেস্টের গড় ফলাফল ভালো এবং ইউপিভিসি পাইপের ক্ষেত্রে পাইপের ব্যাস, প্রয়োগকৃত চাপ এবং পর্যবেক্ষণ এর ফলাফল ভালো। গ্রামীণ পাইপড ওয়াটার ও নন-পাইপড ওয়াটারের গুণগত মান নির্ণয়ের জন্য প্রকল্প এলাকা হতে সংগৃহীত তিনটি পানির নমুনার ল্যাব টেস্টের ফলাফল বিশ্লেষণ করে দেখা যায় যে, ফরিদপুর সদর উপজেলার টিউবওয়েল থেকে সংগৃহীত পানির আর্সেনিক ও আয়রণের মাত্রা যথাক্রমে ০.০০৩ এবং ০.০৮ এমজি/লিটার। কিন্তু বাংলাদেশে আর্সেনিক ও আয়রণের সহনীয় মাত্রা যথাক্রমে ০.০৫ এবং ০.৩-১ এমজি/লিটার। অন্যদিকে ফরিদপুরের আলফাডাঙ্গা উপজেলার পাইপড ওয়াটার স্কীমের আর্সেনিকের পরিমাণ সহনীয় মাত্রার একটু বেশি (নমুনা সংগ্রহ করার সময় টিওবয়লের ওয়াশিং চলছিল) ও আয়রণের পরিমাণ সহনীয় মাত্রার চেয়ে কম। চট্টগ্রামের মিরেরসরাই উপজেলা থেকে সংগ্রহীত ডাগ ওয়েলের আর্সেনিক ও আয়রণের পরিমাণ সহনীয় মাত্রার অনেক কম।

আলোচ্য পরিবীক্ষণ কাজের পর্যালোচনা ও পর্যবেক্ষণে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে পাইপড ওয়াটার স্কীমগুলোর এবং প্রকল্প স্থানে পর্যাপ্ত গ্রাহক পাওয়া যাবে কিনা তা পূর্ব জরিপের মাধ্যমে নিশ্চিত হওয়া, হস্তান্তর পরবর্তী সময়ে নন-পাইপড ওয়াটার স্থাপনাগুলোর পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য স্থানীয় জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তাদের সম্পৃক্ত করে স্থানীয় পর্যায়ে সুফলভোগীদেরকে নিয়ে সুনির্দিষ্ট নীতিমালাসহ একটি কমিটি করে দেওয়া, স্বল্প মূল্য ল্যাট্রিনের জন্য তিনটি টাইপ (TYPE) এর পরিবর্তে একটি উন্নত (Standard) টাইপ তৈরী করা এবং দরিদ্র গ্রাহকের কথা বিবেচনায় রেখে প্রতিটি গ্রাহকের প্রদেয় অর্থের পরিমাণ কমিয়ে আনা যুক্তিসংগত হবে বলে প্রতীয়মান হয়েছে।

² প্রকল্প পরিচালকের অফিস

³ সংশ্লিষ্ট প্রকল্পের পিডি ও ডিপিডি

সংশ্লিষ্ট কাজে বিশেষভাবে পারদর্শী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অভিজ্ঞ কর্মকর্তা ও জনবলকে এ কাজে সম্পৃক্ত করা, সুবিধাভোগীদের সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিকরণের জন্য বেসরকারী সংস্থাকে কাজে লাগানো, প্রকল্প স্থাপনাগুলোর স্থান ও গ্রাহক নির্বাচনে **Ward Action Plan (WAP) Committee/** স্থানীয় প্রতিনিধিদের সম্পৃক্ত করা প্রকল্পটি সফলভাবে বাস্তবায়নের জন্য সহায়ক হয়েছে।

প্রাপ্ত তথ্য উপাত্ত পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, সুবিধাভোগী কর্তৃক প্রদেয় **Contribution Money** এর একটি ইতিবাচক ভূমিকা রয়েছে। কারণ এতে করে প্রকল্প কাজে সুবিধাভোগীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ বেড়ে যায় এবং তাদের মধ্যে স্থাপনাটির ব্যাপারে **sense of ownership** তৈরী হয়।

বাংলাদেশের গ্রামাঞ্চলে বিশুদ্ধ খাবার পানির সংকট রয়েছে। অতিদরিদ্র জনগোষ্ঠীর কাছে সম্পূর্ণ নিজ খরচে স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন তৈরী করা অত্যন্ত কঠিন। এ প্রেক্ষিতে প্রকল্পটির আওতায় নির্মিত স্থাপনাগুলো কিছুটা হলেও বিশুদ্ধ খাবার পানি ও স্বাস্থ্য সম্মত পয়ঃনিষ্কাশনের অভাব পূরণ করবে। স্থাপনাগুলো হস্তান্তর পরবর্তী সময়ে যাতে সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণের মাধ্যমে টেকসই হয় সে ব্যাপারে আরো নজরদারির ব্যবস্থা রাখা প্রয়োজন।

প্রকল্পটি বাস্তবায়নের কৌশল অনেকটা **marketing approach** এর মতো। স্থানীয় ক্ষুদ্র উদ্যোক্তা (**LSE**) নিয়োগ করে তাদেরকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ফলে গ্রামাঞ্চলে ছোট ছোট উদ্যোক্তা গড়ে উঠেছে এবং কর্মসংস্থান সুযোগ সৃষ্টি হয়েছে। ভবিষ্যতে এসব ছোট ছোট উদ্যোক্তা স্ব-উদ্যোগী হয়ে স্থাপনাগুলোর মালামাল তৈরী করে জনগণকে এগুলো কেনার এবং স্বল্প মূল্যের ল্যাট্রিন নির্মাণের ব্যাপারে উদ্বুদ্ধ/উৎসাহিত করবে। এটা নিঃসন্দেহে পরিবেশ দূষণ রোধে ও দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ব্যাপক প্রভাব ফেলবে।

প্রথম অধ্যায়

প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ

১.১ পটভূমিঃ

বর্তমান সময়ে বিশ্বের প্রতিটি উন্নত ও উন্নয়নশীল দেশের সরকারের দায়িত্ব নিজ নিজ দেশের প্রতিটি নাগরিকের জন্য বিশুদ্ধ খাবার পানি সরবরাহ, স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন এর ব্যবস্থা করা এবং সুস্বাস্থ্য বজায় রাখার জন্য প্রয়োজনীয় উপকরণাদি সহজলভ্যতার বিষয়টি নিশ্চিত করা।

বাংলাদেশে যেহেতু মানানসই স্বল্প গভীরতায় ভূগর্ভস্থ পানির স্তর সহজলভ্য সেহেতু ব্যক্তিগত উদ্যোগে স্বল্প খরচে ২০০৪ সাল পর্যন্ত অনেক হস্তচালিত পানির পাম্প স্থাপিত হয়। কিন্তু DPHE- UNICEF এবং DPHE-BGS জরিপে দেখা যায় ভূগর্ভস্থ স্বল্প গভীরতার পানিতে আর্সেনিকের উপস্থিতি রয়েছে যা জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর অর্থাৎ সহনীয় মাত্রার চেয়ে বেশি। এছাড়াও স্বল্প গভীরতায় ভূগর্ভস্থ পানিতে লবণাক্ততা, আয়রণ ও জীবাণু দূষণ বর্তমান। এ প্রেক্ষিতে বাংলাদেশ সরকার জনগণের জন্য বিশেষ করে গ্রামাঞ্চলের জন্য বিশুদ্ধ খাবার পানি সরবরাহ ও স্বল্প খরচে স্বাস্থ্য সম্মত পয়ঃনিষ্কাশনের ব্যবস্থাসহ জনস্বাস্থ্য সুনিশ্চিত করার গুরুত্ব উপলব্ধি করে শহর ও গ্রামাঞ্চলের জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছে। এই অবস্থার প্রেক্ষাপটে বিশ্বব্যাংক বাংলাদেশ সরকারের কাছে “গ্রামীণ পাইপড ওয়াটার সাপ্লাই” এর মাধ্যমে গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের ব্যাপারে সহযোগিতা প্রদানের অভিপ্রায় ব্যক্ত করে। সরকারী-বেসরকারী যৌথ অংশগ্রহণের মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়িত হবে। এখানে শর্ত ছিল যে বেসরকারী অংশগ্রহণকারীগণ এগুলো নির্মাণ, পরিচালনা ও দক্ষতা বৃদ্ধিকরণের মাধ্যমে উপকারভোগী জনগোষ্ঠীর কাছে হস্তান্তর করবে। অবশেষে বাংলাদেশ সরকারের অনুরোধে বিশ্বব্যাংক এর সহযোগিতায় “Bangladesh Rural Water Supply and Sanitation Project” নামে প্রথমে জুলাই ২০১২ থেকে জুন ২০১৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারণ করা হয় এবং পরবর্তীতে সংশোধিত প্রকল্পের মেয়াদ জুলাই ২০১২ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত নির্ধারণ করা হয়। প্রকল্পটি জাতিসংঘ (UN) কর্তৃক গৃহীত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের সিদ্ধান্ত গ্রহণের সাথে সংগতিপূর্ণ এবং বাংলাদেশ সরকারের ২০৩০ সালের মধ্যে শতভাগ স্যানিটেশন কভারেজ লক্ষ্যমাত্রা অর্জনে অবদান রাখবে।

প্রকল্পটির ডিপিপি মোট প্রাক্কলিত ব্যয় ৬৮,১৯৪.৩০ লক্ষ টাকা। তন্মধ্যে জিওবি ১,৪৩৯.০৬ লক্ষ টাকা, স্পন্সর/কমিউনিটি ১১,২৫১.৭০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য (IDA) ৫৫,৫০৩.৫৪ লক্ষ টাকা। আরডিপিপিতে (১ম সংশোধন) প্রকল্প ব্যয়ের পরিমাণ হ্রাস করে ৩৮,৪১২.১৯ লক্ষ টাকা নির্ধারণ করা হয়। তন্মধ্যে জিওবি ১,৩২৪.৪৭ লক্ষ টাকা, স্পন্সর/কমিউনিটি ৪,১২৪.৯০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য (IDA) ৩২৯৬২.৮৩ লক্ষ টাকা। মূল ডিপিপি অনুমোদিত হয় ১৯ জুন ২০১২ তারিখে এবং আরডিপিপি অনুমোদিত হয় ০৮ মার্চ ২০১৬ তারিখে। এখানে উল্লেখ্য যে, ২০১৫ সালে বিশ্ব ব্যাংক এর একটি মিশন প্রকল্পটি মধ্য মেয়াদী মূল্যায়ন করে। প্রকল্পটির অগ্রগতির বাস্তব প্রেক্ষাপট বিশ্লেষণ করে বরাদ্দের পরিমাণ কমানোর জন্য সুপারিশ ও সিদ্ধান্ত দেয়। বিশ্ব ব্যাংক এর সিদ্ধান্ত মোতাবেক পাইপড ওয়াটার স্কীমের সংখ্যা ১২৫ থেকে কমিয়ে ৩৭ টি করা হয়, ননপাইপড ওয়াটার অপশন ২০,০০০ থেকে কমিয়ে ১৭,২৭৫ করা হয় এবং স্বল্প মূল্যের ল্যাট্রিনের সংখ্যা ৩,০৬,৪০০ থেকে কমিয়ে ৫০,০০০ করা হয়।

১.২ প্রকল্পের উদ্দেশ্যঃ

- বাংলাদেশের গ্রামাঞ্চলের জনগণকে আর্সেনিক, আয়রণ ও লবণাক্তমুক্ত বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করা;
- বাংলাদেশের গ্রামাঞ্চলের নির্বাচিত ইউনিয়নের অতি দরিদ্র ও দরিদ্র জনসাধারণের জন্য কম খরচে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন নির্মাণ করা;
- স্থানীয় প্রাইভেট সেক্টরের মাধ্যমে নির্বাচিত গ্রামে স্যানিটেশন ব্যবস্থার গুণগত পরিবর্তন সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণ;
- উপকারভোগীদের দক্ষতা বৃদ্ধিকরণ।

১.৩ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম

ক্রমিক নং	বিবরণ
১	আর্সেনিক, আয়রণ ও লবণাক্ত প্রবণ এলাকায় পিপিপি'র মাধ্যমে স্থানীয় সরকার, কমিউনিটি ও প্রাইভেট স্পন্সরদের সম্পৃক্ত করে পাইপের মাধ্যমে পানি সরবরাহের ব্যবস্থা করা;
২	উচ্চ লবণাক্ততা, আর্সেনিক ও আয়রণ দূষণাক্রান্ত ইউনিয়নে ও গ্রামে নন-পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেমের বিভিন্ন অপশন নির্মাণ করা;
৩	নির্বাচিত ইউনিয়নের অতি দরিদ্র ও দরিদ্র জনসাধারণের জন্য কম খরচে ল্যাট্রিন নির্মাণ;
৪	স্থানীয় প্রাইভেট সেক্টরের মাধ্যমে নির্বাচিত গ্রামে স্যানিটেশন ব্যবস্থার গুণগত পরিবর্তন সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণ;
৫	উপকারভোগীদের দক্ষতা বৃদ্ধিকরণ;

১.৪ প্রকল্পের পরিচিতিঃ

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গৃহীত ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশ গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন" শীর্ষক প্রকল্পটির স্থাপনাগুলো বাংলাদেশের ৩৩ টি জেলা, ৯৭ টি উপজেলা ও ৩৮৩ টি ইউনিয়নে অবস্থিত।

১	প্রকল্পের নাম	: বাংলাদেশ গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (১ম সংশোধিত)
২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ।
৩	বাস্তবায়নকারী সংস্থা	: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৪	প্রকল্পের অবস্থান (জেলা)	: চট্টগ্রাম, কুমিল্লা, ঢাকা, ফরিদপুর, বাগেরহাট, বরিশাল, বরগুনা, বগুড়া, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, ফেনী, গোপালগঞ্জ, যশোর, হবিগঞ্জ, ঝিনাইদহ, খুলনা, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, লক্ষীপুর, মাদারীপুর, মাগুরা, মানিকগঞ্জ, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, নড়াইল, নারায়ণগঞ্জ, নোয়াখালী, পিরোজপুর, রংপুর, সাতক্ষীরা, সুনামগঞ্জ, সিলেট ও টাংগাইল।

১.৫ প্রকল্প অনুমোদন, সংশোধন ও বাস্তবায়নকালঃ

বাংলাদেশ গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (Bangladesh Rural Water Supply and Sanitation Project) শীর্ষক প্রকল্পটি ১৯/০৬/২০১২ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির অনুমোদন ও বাস্তবায়নের মেয়াদকাল জুলাই ২০১২ হতে জুন ২০১৬ পর্যন্ত নির্ধারণ করা হয়। পরবর্তীতে একনেকের ০৮/০৩/২০১৬ তারিখের সভায় সংশোধিত (১ম সংশোধন) আকারে প্রকল্পটি অনুমোদিত হয় এবং বাস্তবায়ন মেয়াদকাল বৃদ্ধি করে ০১ জুলাই ২০১২ থেকে ৩১ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত নির্ধারণ করা হয়। নিম্নে ডিপিপি ও আরডিপিপি প্রণয়ন, সংশোধন ও অনুমোদনের তারিখ সমূহ দেয়া হলঃ

ডিপিপি	অনুমোদনের তারিখ	আরম্ভ	সমাপ্তি	টাইম ওভার-রান (মূল ডিপিপির তুলনায়)
(ক) মূল	১৯ জুন ২০১২	০১ জুলাই, ২০১২	৩০ জুন, ২০১৬	১ বছর ৬ মাস বাস্তবায়নকাল বৃদ্ধি করা হয়েছে
(খ) ১ম সংশোধন	০৮ মার্চ ২০১৬	০১ জুলাই, ২০১২	৩১ ডিসেম্বর, ২০১৭	

সূত্রঃ আরডিপিপি

১.৬ প্রাক্কলিত ব্যয়ঃ

লক্ষ টাকা

বিবরণ	প্রাক্কলিত ব্যয়	
	মূল ডিপিপি	সর্বশেষ সংশোধিত ডিপিপি
জিওবি	১,৪৩৯.০৬	১,৩২৪.৪৭
স্পন্সর /কমিউনিটি	১১,২৫১.৭০	৪,১২৪.৯০
প্রকল্প সাহায্য (আইডিএ-IDA)	৫৫,৫০৩.৫৪	৩২,৯৬২.৮৩
মোট	৬৮,১৯৪.৩০	৩৮,৪১২.১৯

সূত্রঃ আরডিপিপি

১.৭ প্রকল্পের আওতাভুক্ত প্রধান প্রধান অঙ্গসমূহের পরিমাণ ও বরাদ্দ (অনুমোদিত ১ম সংশোধিত আরডিপিপি অনুযায়ী)

লক্ষ টাকা

ক্রমিক নং	প্রকল্পের অংগ	পরিমাণ (একক)	প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	সর্বমোট প্রাক্কলিত মূল্য সাপেক্ষে অঙ্গসমূহের ওয়েটেজ (%)
১	গ্রামীণ পাইপড ওয়াটার সাপ্লাই স্কীম	৩৭ টি স্কীম	১১,৩৬৬.৩১	২৯.৫৯%
২	আর্সেনিক, আয়রণ ও লবণাক্ততা প্রবণ এলাকায় পানির বিভিন্ন অপশন (নন-পাইপড) পানির অপশন	১৭২৭৫ টি নন-পাইপড পানির অপশন	১৪,৭৫৫.০০	৩৮.৪১%
৩	লো কস্ট ল্যান্ড্রিন নির্মাণ	৫০০০০ সেট	৪,২২২.৫৮	১০.৯৯%
৪	স্থানীয় প্রাইভেট সেক্টরের মাধ্যমে নির্বাচিত গ্রামে গুণগত স্যানিটেশন ব্যবস্থা পরিবর্তন সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণ;	১৩ ইউনিয়ন	৩৭৬.২১	০.৯৭%
৫	উপকারভোগীদের দক্ষতা বৃদ্ধিকরণ;	থোক বরাদ্দ	৩৬৮৩.০০	৯.৬০%
৬	প্রকল্প ব্যবস্থাপনা ও সহায়তা	থোক বরাদ্দ	৪০০৯.০৯	১০.৪৪%
	সর্বমোট		৩৮৪১২.১৯	১০০%

১.৮ বছর ভিত্তিক বরাদ্দ ও ব্যয়ের চিত্রঃ

লক্ষ টাকা

অর্থ বছর	RDPPতে বরাদ্দ	অবমুক্ত অর্থ	প্রকৃত ব্যয়	আরডিপিপি বরাদ্দের তুলনায় প্রকৃত ব্যয়িত অর্থের হার	অব্যয়িত অর্থ	মন্তব্য
২০১২-২০১৩	৮২.৮৮	১,১০০.০০	৮২.৮৮	১০০%	--	
২০১৩-২০১৪	১, ৩৫৮.৩৬	৪,৭২৫.০০	১,৩৫৮.৩৬	১০০%	--	
২০১৪-২০১৫	২,৪৬৭.৮১	১০,১৫০.০০	২,৪৬৭.৮১	১০০%	--	
২০১৫-২০১৬	১৯,০১৯.৩২	১০,৫০০.০০	১০,৪২৭.৩৭	৫৫%	৮,৫৯১.৯৫	
২০১৬-২০১৭	১১,১৯৮.৬৩	১৫,৮০০.০০	৬,৭১০.৫৫	৬০%	৪,৪৮৮.০৮	এপ্রিল ২০১৭ পর্যন্ত
২০১৭-২০১৮	১৬০.২৯	-	-	০%	১৬০.২৯	
মোট	৩৪,২৮৭.২৯	৪২,২৭৫.০০	২১,০৪৬.৯৭	৬১%	১৩,২৪০.৩২	

নোট: আরডিপিপিতে কমিউনিটি/স্পন্সর বাবদ মোট ৪১২৪.৯০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। উক্ত অর্থ কমিউনিটি/স্পন্সর সরাসরি ব্যয় করবে। ফলে উক্ত বরাদ্দকৃত অর্থ বাজেট বহির্ভূত ব্যয় বিধায় বর্ণিত বিবরণীতে বিবেচনায় আনা হয় নাই/ বছর ভিত্তিক বরাদ্দ ও ব্যয়ের চিত্র বিশ্লেষণ করে দেখা যায় যে কোন কোন অর্থ বছরে আরডিপিপিতে বরাদ্দের চেয়ে অবমুক্ত অর্থের পরিমাণ বেশি। অর্থ বছরের শেষে প্রকৃত ব্যয়ের পরে অতিরিক্ত পরিমাণ অর্থ সরকারের কোষাগারে ফেরত দেওয়া হয়।

১.৯ দায়িত্বপ্রাপ্ত প্রকল্প পরিচালকগণের নাম ও কার্যকাল

ক্রঃ নং	নাম	দায়িত্ব/পদবী	দায়িত্বকাল	
			যোগদান	বদলী
০১	জনাব মনোয়ার আলী	প্রকল্প পরিচালক/অতিরিক্ত প্রধান প্রকৌশলী	২৪.০৭.২০১২	২৩.০২.২০১৫
০২	জনাব একেএম ইব্রাহীম	প্রকল্প পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী	২৩.০২.২০১৫	২৪.০৪.২০১৭
০৩	জনাব মীর আব্দুস সাহিদ	প্রকল্প পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী	২৪.০৪.২০১৭	চলমান

সূত্র: প্রকল্প পরিচালকের কার্যালয়।

১.১০ প্রকল্পের অঙ্গভিত্তিক সংক্ষিপ্ত বিবরণ

প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহ নিয়ে আলোচনা করা হলোঃ

গ্রামীন পাইপড ওয়াটার স্কীমের আওতায় বাংলাদেশের গ্রামাঞ্চলে আর্সেনিক, আয়রন ও লবণাক্ততা প্রবণ এলাকায় পাইপড ওয়াটার সাপ্লাই স্কীমঃ

সরকারী বেসরকারী অংশগ্রহণ অর্থাৎ পিপিপি (PPP-Public Private Participation) মাধ্যমে স্থানীয় সরকার, কমিউনিটি ও প্রাইভেট স্পন্সরদের সম্পৃক্ত করে এই অঙ্গটি বাস্তবায়িত হয় এবং এই স্কীমে ৩৭টি স্থাপনা নির্মাণ হচ্ছে। এ কার্যক্রমে সরকারী ও বেসরকারী (প্রাইভেট স্পন্সর) অংশগ্রহণ যথাক্রমে ৭০% ও ৩০%। প্রাইভেট স্পন্সর নিজে কাজের ঠিকাদার। নির্মাণ শেষ হলে ১২ বৎসর (চুক্তি অনুযায়ী) পর্যন্ত স্পন্সর নিজে এটা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করবে এবং প্রতি মাসে গ্রাহকের কাছ থেকে ট্যারিফ আদায় করবে। ১২ বৎসর পর স্পন্সর এটার পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব Community Based Organization (CBO) নামক একটা লোকাল কমিটির কাছে হস্তান্তর করবে। স্থানীয় জনপ্রতিনিধি (ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যান, মেম্বর) ও গ্রাহকদের প্রতিনিধি সমন্বয়ে CBO গঠিত।

বাংলাদেশের গ্রামাঞ্চলে আর্সেনিক, আয়রন ও লবণাক্ততা প্রবণ এলাকায় জনগণকে বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য নন-পাইপড ওয়াটারের বিভিন্ন অপশনের ১৭,২৭৫ টি ইউনিট নির্মাণ করা যেমনঃ পন্ড স্যান্ড ফিল্টার, রেইন ওয়াটার হার্বেস্টিং এবং ডাগওয়েল ফিল্টারঃ

এগুলোর প্রতিটি ইউনিট কমিউনিটি ভিত্তিক দেয়া হচ্ছে। প্রতিটি ইউনিটের জন্য কমিউনিটির প্রদেয় অর্থের পরিমাণ ২,৫০০.০০ টাকা। হস্তান্তর পরবর্তী পর্যায়ে প্রতিটি ইউনিটের পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব কমিউনিটির উপর ন্যস্ত থাকবে। কমিউনিটির সদস্যদের পরিচালনা ও রক্ষণাবেক্ষণের উপর কিছু ট্রেনিং দেওয়া হয়েছে এবং প্রত্যেক ইউনিটের জন্য ১টি রেঞ্চ (Wrench) দেওয়া হয়েছে।

বাংলাদেশে গ্রামাঞ্চলের অতি দরিদ্র এ দরিদ্র জনগণের জন্য স্বল্প খরচে মোট ৫০,০০০ (পঞ্চাশ হাজার) ৪ ধরনের (যেমন টাইপ-১, টাইপ-২, টাইপ-৩ ও মডিফাইড টাইপ-৪) স্যানিটারী ল্যাট্রিনের স্থাপনা নির্মাণ করাঃ প্রতিটি ইউনিটের জন্য টাইপ ভেদে গ্রাহকের প্রদেয় অর্থ যথাক্রমে ১,৮২৮.০০, ২,৫৪৮.০০ ও ৪,০০০.০০ টাকা। স্থানীয় ক্ষুদ্র উদ্যোক্তার (LSE) মাধ্যমে এগুলো তৈরি ও WAP কমিটি কর্তৃক নির্বাচিত ব্যক্তিদেরকে এগুলো দেওয়া হয়েছে।


গ্রামাঞ্চলের জনগণের সচেতনতা বৃদ্ধিকরণঃ

দক্ষিণাঞ্চলে নিয়োগকৃত NGO এর মাধ্যমে এই অঙ্গটি বাস্তবায়নের কাজ চলছে। অন্যান্য এলাকায় জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কর্মচারী/কর্মকর্তা দ্বারা এই অঙ্গটির কার্যক্রম চলছে।

গ্রামাঞ্চলের জনগণের দক্ষতা বৃদ্ধিকরণঃ

এই অঙ্গটির বাস্তবায়নের কাজ যথাক্রমে NGO ও জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কর্মকর্তা/কর্মচারী দ্বারা পরিচালিত হচ্ছে।

চিত্রঃ বাংলাদেশ মানচিত্রে প্রকল্পের অবস্থান



দ্বিতীয় অধ্যায়

নিবিড় পরিবীক্ষণ কার্যপদ্ধতি

২.১ নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রমের উদ্দেশ্য

নিবিড় পরিবীক্ষণের প্রধান উদ্দেশ্য হচ্ছে প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রমের বর্তমান অবস্থা ও অগ্রগতির পর্যালোচনা করা যাতে প্রকল্পটি বাস্তবায়নের আসল উদ্দেশ্য অর্জিত হচ্ছে কিনা তা মূল্যায়ন করা সম্ভব হয়, বাস্তবায়নকালীন দুর্বলতা সমূহ সনাক্ত করে প্রকল্পটি যথাসময়ে সঠিকভাবে শেষ করার ব্যাপারে পরামর্শ ও সুপারিশ দেয়া, এবং নির্মাণকাজে ব্যবহৃত মালামালের গুণগত মান ও স্থাপনাগুলোর নির্মাণ ড্রইং-ডিজাইন মোতাবেক হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখা।

২.২ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমে পরামর্শকের দায়িত্ব

- ক) প্রকল্পের বিবরণ (প্রকল্পের নাম, উদ্যোগী মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয়, বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন, প্রকল্পের উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, অর্থায়ন, প্রকল্পের পটভূমি ইত্যাদি সংশ্লিষ্ট সকল তথ্য পর্যালোচনা);
- খ) প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- গ) প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জিত অগ্রগতি বিশ্লেষণ ও পর্যালোচনা;
- ঘ) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইড লাইনস্ ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়ন পর্যালোচনা করা বাঞ্ছনীয়; ডিপিপি-তে বর্ণিত ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙা হয়েছে কিনা, ভাঙা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন);
- ঙ) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদি নিয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- চ) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত BoQ অনুযায়ী পরিমাণ সংগ্রহ এবং স্পেসিফিকেশন অনুযায়ী গুণগত মান নিশ্চিত করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে স্পেসিফিকেশন অনুযায়ী গুণগতমান নিশ্চিত করা হচ্ছে কিনা তা মাঠ পর্যায় হতে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে পরীক্ষার মাধ্যমে যাচাই করা বাঞ্ছনীয়। এছাড়া মাঠ পর্যায় হতে সরেজমিন পরিদর্শন Individual Interview, Key Informant Interview (KII) & Focus Group Discussion (FGD) এর মাধ্যমে তথ্য ও উপাত্ত সংগ্রহ করতে হবে);
- ছ) ডিপিপি-তে বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা ও অর্থ চাহিদার প্রাক্কলন যৌক্তিকতা এবং প্রকল্পের শুরু হতে কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে/হচ্ছে কিনা তা পরীক্ষা করা; পরিকল্পনার সাথে ব্যত্যয় ঘটলে তা চিহ্নিত করে প্রতিকারের পরামর্শ এবং ভবিষ্যতের জন্য সুপারিশ প্রদান;
- জ) প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর, অর্থায়নে বিলম্ব, প্রকল্প বাস্তবায়ন অর্থাৎ পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় দুর্বলতা, প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ঝ) প্রকল্পের সম্ভাব্য exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;

- এ) প্রকল্পের SWOT বিশ্লেষণ; এক্ষেত্রে সার্বিকভাবে চিহ্নিত সবলতা অনুসরণ এবং ত্রুটি, দুর্বলতা বা অসঙ্গতি উত্তরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;
- ত) আর্থ-সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় প্রকল্পটি গ্রহণের যৌক্তিকতা যাচাই;
- থ) প্রকল্প সংশ্লিষ্ট প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;
- দ) ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

২.৩ নিবিড় পরিবীক্ষণে পরিচালিত কার্যক্রম

প্রকল্প সংশ্লিষ্ট তথ্যাদি সংগ্রহ:

"বাংলাদেশ গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন" শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কাজের প্রতিবেদন প্রণয়নে প্রাইমারি ও সেকেন্ডারি উৎসের তথ্য ব্যবহার করা হয়েছে। মাঠ পর্যায় থেকে সুবিধাভোগী ও প্রকল্পের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয় এবং সেকেন্ডারী তথ্য ও উপাত্ত সংগ্রহের জন্য প্রকল্পের বিভিন্ন স্তরের দলিল দস্তাবেজ পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হয়।

(ক) প্রাইমারি উৎসের তথ্যাদিঃ

মাঠ পর্যায়ের বাস্তবায়ন কাজ সরেজমিনে পরিদর্শন ও বাস্তব অবস্থা অবলোকন, প্রশ্নমালার মাধ্যমে প্রকল্প এলাকার উপকারভোগীদের কাছ থেকে তথ্য উপাত্ত সংগ্রহ করা হয়েছে। পর্যবেক্ষণ ও আলোকচিত্রের মাধ্যমেও তথ্য সংগৃহীত হয়েছে।

এছাড়া কারিগরি বিষয়ক অংশের জন্য স্থাপনা এলাকাসমূহ পরিদর্শনপূর্বক প্রকল্প কাজের ড্রইং-ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী কাজ সম্পাদন করার বিষয় এবং ভৌত কাজের গুণগত ও পরিমাণগত মান ইত্যাদি বিষয়ক তথ্যাদি যাচাই ও পর্যালোচনা করে দেখা হয়েছে।

(খ) সেকেন্ডারি উৎসের তথ্যাদিঃ

প্রকল্প পরিচালকের কার্যালয় হতে DPP, RDPP, অগ্রগতি ও বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি, সংশ্লিষ্ট ড্রইং-ডিজাইন, স্পেসিফিকেশন এবং ক্রয় সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ ও পর্যালোচনা করা হয়েছে।

২.৪ নমুনা এলাকা ও নমুনার আকার নির্বাচনঃ

নিবিড় পরিবীক্ষণের কার্য-পরিধি মোতাবেক কম সময়ক্ষেপণ ও ফলপ্রসূ ফলাফল পাওয়ার দিকে নজর রেখে পরিদর্শনের জন্য নমুনা এলাকা ও নমুনার আকার নির্বাচন করা হয়।

নমুনার আকার নির্ণয়ঃ

প্রকল্পের সুফলভোগীদের নমুনা আকার নির্ধারণের জন্য নিম্নোক্ত সূত্র ব্যবহার করা হয়েছেঃ

$$n = \frac{Z^2 pq}{d^2} \times \text{Design effect}$$

যেখানে,

n = Sample Size

p= Proportion of total sanitation coverage throughout the country =62%= 0.62

q= 1-p=1-0.62=0.38

Z = Standardized normal variate which is 1.96 at 5% level of significance with 95% confidence interval

d =Confidence level = 5% = 0.05

Design effect =2

উপরোক্ত সূত্রানুসারে,

$$n = \frac{(1.96)^2 (0.62 \times 0.38)}{(0.05)^2} \times 2$$

$$= 362 \times 2$$

$$= 724.06 \approx 750$$

প্রাপ্ত মোট নমুনার আকার অর্থাৎ ৭৫০ সংখ্যাটিকে উপজেলাওয়ারী সুবিধাভোগীদের আনুপাতিক হারে ৯৭টি উপজেলায় নিম্নোক্ত সূত্র ব্যবহার করে প্রত্যেক উপজেলার জন্য ভাগ করে দেওয়া হয়েছিল:

$$n_i = n \frac{N_i}{N} \text{ for } i=1,2,\dots,97$$

সারণি- ২.১: অন্তর্ভুক্ত এলাকার জরিপ প্রশ্নমালার নমুনা কাঠামো

ক্রমিক নং	প্রকল্প অন্তর্ভুক্ত এলাকা			
	জেলা	উপজেলার নাম ও প্রকল্পের অন্তর্ভুক্ত ইউনিয়নের সংখ্যা	উপজেলাওয়ারী জনসংখ্যা	উপজেলাওয়ারী উপকারভোগীদের নমুনা সংখ্যা
১	বরিশাল	(১) আগৈলঝাড়া- ৩	৯৭৩৪১	৮
		(২) মেহেন্দিগঞ্জ - ২	৪৬,০৬৪	৪
		(৩) মূলাদি - ৪	১২৭,৭৩৩	১০
২	পিরোজপুর	(৪) নাজিরপুর - ২	৪৬,৮৯০	৪
		(৫) পিরোজপুর সদর - ২	৩৩,৯০৫	৩
		(৬) মঠবাড়িয়া - ৭	১৫৯,২২১	১২
৩	বরগুনা	(৭) বরগুনা সদর - ২	৭১,২৩২	৬
		(৮) পাথরঘাটা - ৫	১৩৯,০৩০	১১
উপমোট: বরিশাল বিভাগ			৭২১,৪১৬	৫৮
৪	ব্রাহ্মণবাড়িয়া	(৯) কসবা - ৩	৯১,৭৪৪	৭
		(১০) নবীনগর - ৩	৬৯,৯৬২	৫
		(১১) সরাইল - ৭	২৪১,৫৬০	১৯
৫	চাঁদপুর	(১২) হাজীগঞ্জ - ১১	২৭২,২২৪	২১
		(১৩) কচুয়া - ১১	৩১২,২৩৯	২৪
		(১৪) শাহরাস্তি - ১০	১৯৫,৪৪৫	১৫
৬	চট্টগ্রাম	(১৫) মিরশরাই - ৫	১১৯,৭৯১	৯
		(১৬) সিতাকুন্ড - ১	২৮,৩৮১	২
৭	কুমিল্লা	(১৭) বড়ুয়া - ১০	২৪৮,৮৩৩	১৯
		(১৮) মৌনহরগঞ্জ - ১০	২০৯,৬৮৯	১৬
		(১৯) মেঘনা - ৫	৭৫,০০২	৬
		(২০) মুরাদ নগর - ১	১৮,৪৩৮	২
		(২১) নাজাল কোট - ২	৭৯,৩০৩	৬
৮	ফেনী	(২২) ফেনী সদর - ১	৩৫,৫৮০	৩
		(২৩) সোনা গাজী - ৪	৯৯,৫০৩	৮
৯	লক্ষ্মীপুর	(২৪) লক্ষ্মীপুর সদর - ৪	১১৪,৬৯৮	৯
		(২৫) রামগঞ্জ - ১	২৫,৭৬৯	২

ক্রমিক নং	প্রকল্প অন্তর্ভুক্ত এলাকা			
	জেলা	উপজেলার নাম ও প্রকল্পের অর্ন্তভুক্ত ইউনিয়নের সংখ্যা	উপজেলাওয়ারী জনসংখ্যা	উপজেলাওয়ারী উপকারভোগীদের নমুনা সংখ্যা
১০	নোয়াখালী	(২৬) বেগমগঞ্জ – ৬	১৬৩,৯০৬	১৩
		(২৭) কবিরহাট – ১	১৪,৪৬৬	২
		(২৮) নোয়াখালী সদর – ১	২৮,৫১০	২
		(২৯) সেনবাগ – ৪	১৪০,৪০১	১১
		(৩০) সোনাইমুরি – ৪	১১০,০৪৮	৯
উপমোট: চট্টগ্রাম বিভাগ			২৬৯৫,৪৯২	২১০
১১	ঢাকা	(৩১) দোহার – ১	১৯,৮৯৬	২
		(৩২) নওয়াব গঞ্জ – ১৩	৩১০,২৭৯	২৪
১২	ফরিদপুর	(৩৩) আলপাডাঙ্গা – ৪	৭৫,৭৪২	৬
		(৩৪) ভাঙ্গা – ৬	১১৯,১৩৮	৯
		(৩৫) ফরিদপুর সদর – ৮	২৫৯,২৩৫	২০
		(৩৬) নগরকান্দা – ৫	১০২,৮৮৮	৮
১৩	গোপালগঞ্জ	(৩৭) গোপালগঞ্জ সদর – ১৩	১৮৫,৭৯২	১৫
		(৩৮) কাশিয়ানী – ৬	১০৩২৬৪	৮
		(৩৯) কোটালীপাড়া – ২	৪৪,৭৯৩	৪
		(৪০) মোকসেদপুর – ৫	১০৯,৮৭২	৯
		(৪১) টুঙ্গীপাড়া – ২	৪৭,৯৫১	৪
১৪	কিশোরগঞ্জ	(৪২) ভৈরব – ১	২৯,৮৫১	২
		(৪৩) ইটনা – ২	৪৫,১৮২	৪
		(৪৪) নিকলি – ১	১৪,৯৫৮	২
১৫	মাদারীপুর	(৪৫) কালকিনি – ৪	৯১,৮০৩	৭
		(৪৬) মাদারীপুর সদর – ৭	১৩২,৭১০	১০
		(৪৭) রাজৈর – ৪	৬৮,৪২৬	৫
		(৪৮) শিবচর – ৯	১৮৩,৬৪২	১৪
১৬	মানিকগঞ্জ	(৪৯) হরিরামপুর – ৪	৩৭,৬৭১	২
		(৫০) শিবালয় – ৩	৬১,৮৫০	৫
		(৫১) সিঙ্গাইর – ৫	১১০,৫৭৭	৯
১৭	মুন্সিগঞ্জ	(৫২) গজারিয়া – ৮	১৫৬,৪০৩	১২
		(৫৩) মুন্সিগঞ্জ সদর – ৩	৪৩,০৭৯	৩
১৮	নারায়ণগঞ্জ	(৫৪) আড়াই হাজার – ৭	২৩৩,১৮৭	১৮
		(৫৫) বন্দর – ১	৪১,৫১৬	৩
		(৫৬) সোনারগাঁও – ৯	২৩২,৮১৭	১৮
১৯	টাঙ্গাইল	(৫৭) কালিহাতী – ৩	৮৬,৮০৬	৭
		(৫৮) নাগরপুর – ১	৩৭,৪২৭	৩
উপমোট: ঢাকা বিভাগ			২৯৮৬,৭৫৫	২৩৫
২০	বাগেরহাট	(৫৯) চিতলমারি - ৪	৯০,৭২৫	৭
		(৬০) মোল্যারহাট – ২	৩৫১৩৭	৩
		(৬১) শরণখোলা – ৭	১১৯,৮৩৫	৯
		(৬২) কচুয়া – ২	৫৮,১০০	৫
		(৬৩) মংলা – ৪	৬৯,১৯৭	৫
		(৬৪) মোড়লগঞ্জ – ৫	১৭১,৩৮৪	১৩
২১	যশোর	(৬৫) ঝিকরগাছা – ৫	১২৫,৪০২	১০
		(৬৬) কেশবপুর – ২	৬৫,৮৬১	৫
		(৬৭) শারষা – ১	৩৪,২৮৪	৩

ক্রমিক নং	প্রকল্প অন্তর্ভুক্ত এলাকা			
	জেলা	উপজেলার নাম ও প্রকল্পের অর্ন্তভুক্ত ইউনিয়নের সংখ্যা	উপজেলাওয়ারী জনসংখ্যা	উপজেলাওয়ারী উপকারভোগীদের নমুনা সংখ্যা
২২	বিনাইদহ	(৬৮) শৈলকুপা – ৪	১০২,৫৮০	৮
২৩	খুলনা	(৬৯) রুপসা – ১	৬০,৩৫৬	৫
		(৭০) ডুমুরিয়া-১	২৫,০৯৯	২
		(৭১) পাইকগাছা – ৩	৭২,৬৪৮	৬
		(৭২) দাকোপ – ৪	৬৪,৫০৭	৫
		(৭৩) কয়রা – ২	৬১,২১৬	৫
২৪	মাগুরা	(৭৪) মোহাম্মদপুর – ৩	৮৭,৪২১	৭
২৫	সাতক্ষীরা	(৭৫) আশাশুনি – ৫	১১৫,৭১৫	৯
		(৭৬) কলারোয়া – ৯	২২২,৯৮৭	১৭
		(৭৭) সাতক্ষীরা সদর – ৩	৬৫,৯৫১	৫
		(৭৮) তালা – ৫	১৪০,২২৯	১১
		(৭৯) শ্যাম নগর – ৭	৩৩৮,০৩৯	২৬
২৬	নড়াইল	(৮০) নড়াইল সদর – ৩	৬২,৫৬২	৫
উপমোট: খুলনা বিভাগ			২১৮৯,২৩৫	১৬৯
২৭	বগুড়া	(৮১) শেরপুর – ১	৩২,৪৫৬	৩
		(৮২) সোনাতলা - ২	৫২,১৫১	৪
২৮	কুড়িগ্রাম	(৮৩) উলিপুর – ৪	১০৭,৪২৩	৮
২৯	রংপুর	(৮৪) বদর গঞ্জ – ২	৬৫,৭৬৭	৫
		(৮৫) গজাচরা – ৩	৯৪,৯৩৬	৭
		(৮৬) কাউনিয়া – ২	৫২,২৫৬	৪
		(৮৭) মিঠাপুকুর – ১	২৯,৮০০	২
		(৮৮) পিরগাছা – ১	২৬,৫৭৮	২
		(৮৯) পিরগঞ্জ – ২	৬৯,০২৬	৫
উপমোট: রাজশাহী এবং রংপুর বিভাগ			৫৩০,৩৯৩	৪০
৩০	সুনামগঞ্জ	(৯০) সুনামগঞ্জ সদর – ১	৭৫,২৬৮	৬
		(৯১) ধর্মপাশা – ২	৪১,২৩৯	৩
৩১	সিলেট	(৯২) বালাগঞ্জ – ৪	৮৪,৪১৩	৭
		(৯৩) দক্ষিণ সুরমা – ১	২৭,৩৩৫	২
		(৯৪) কানাই ঘাঁট – ১	২০,৫৬৮	২
৩২	মৌলভীবাজার	(৯৫) কুলাউড়া – ৪	৮৮,৭৭৫	৭
৩৩	হবিগঞ্জ	(৯৬) মাধবপুর – ৪	১১৩,৭৮০	৯
		(৯৭) নবীগঞ্জ – ১	২৮,৩৩১	২
উপমোট: সিলেট বিভাগ			৪৭৯,৭০৯	৩৮
সর্বমোট			৯৬,০৩,০০০	৭৫০

উৎস: আরডিপিপি

২.৫ উপাত্ত সংগ্রহ পদ্ধতি

প্রকল্পের ভৌত কার্যক্রমসমূহ নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত এলাকাসমূহ সরেজমিনে পরিদর্শন করা হয়েছে এবং মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ করা হয়েছে। নিম্নে তথ্য সংগ্রহের বিভিন্ন পদ্ধতির সংক্ষিপ্ত বিবরণ দেয়া হলঃ

ক্রঃ নং	অংশগ্রহণকারী ব্যক্তি/উত্তরদাতা	অংশগ্রহণকারী/উত্তরদাতার সংখ্যা ও স্থান	তথ্য উপকরণ
১	সুফলভোগী	৭৪৭ জন (প্রকল্পের অন্তর্ভুক্ত ৯৭ টি উপজেলা)	প্রশ্নপত্র
২	পাবলিক-প্রাইভেট পার্টিসিপেশন	৩৭ জন (কুমিল্লা-৪, ঢাকা-৪, ফরিদপুর-৪, বরিশাল-১, ব্রাহ্মণবাড়িয়া-২, চাঁদপুর-৩, ফেনী-১, যশোর-১, মাদারীপুর-২, মানিকগঞ্জ-২, মুন্সিগঞ্জ-৪, নারায়নগঞ্জ-৫, নোয়াখালী-২)	KII চেকলিস্ট
৩	নিরাপদ খাবার পানি এবং স্যানিটেশন এর কাজে সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি	০২ জন (বাগের হাট)	KII চেকলিস্ট
৪	স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে এফজিডি	৩৩ টি (লক্ষীপুর জেলা সদর, ফরিদপুর জেলা সদর, মাদারীপুর জেলা সদর, গোপালগঞ্জ জেলা সদর, মূলাদি-বরিশাল, মঠবাড়িয়া-পিরোজপুর, পাথরঘাটা-বরগুনা, সরাইল-ব্রাহ্মণবাড়িয়া, কচুয়া-চাঁদপুর, মিরসরাই-চট্টগ্রাম, বড়ুয়া-কুমিল্লা, সোনাগাজী-ফেনী, বেগমগঞ্জ-নোয়াখালী, নওয়াবগঞ্জ-ঢাকা, ইটনা-কিশোরগঞ্জ, সিঙ্গাইর-মানিকগঞ্জ, গজারিয়া-মুন্সিগঞ্জ, সোনারগাঁও-নারায়নগঞ্জ, কালিহাতী-টাঙ্গাইল, শরণখোলা-বাগেরহাট, ঝিকরগাছা-যশোর, শৈলকুপা-ঝিনাইদাহ, পাইকগাছা-খুলনা, মোহাম্মদপুর-মাগুরা, শ্যামনগর-সাতক্ষীরা, নড়াইল সদর, সৌনাতলা-বগুড়া, উলিপুর-কুড়িগ্রাম, গঙ্গাচরা-রংপুর, সুনামগঞ্জ সদর, বালাগঞ্জ-সিলেট, কুলাউরা-মৌলবী বাজার, মাধবপুর-হবিগঞ্জ)	এফজিডি (FGD) গাইডলাইন
৫	প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের সাথে নিবিড় আলোচনা	৩৮ জন (প্রকল্প পরিচালক অফিস, ঢাকা-৫ জন, নির্বাহী প্রকৌশলী-৬ জন (লক্ষীপুর সদর, ফরিদপুর সদর, মাদারীপুর সদর, গোপালগঞ্জ সদর, নড়াইল সদর, সুনামগঞ্জ সদর) সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী (আগৈলজড়া-বরিশাল, মঠবাড়িয়া-পিরোজপুর, পাথরঘাটা-বরগুনা, সরাইল-ব্রাহ্মণবাড়িয়া, হাজীগঞ্জ-চাঁদপুর, মিরসরাই-চট্টগ্রাম, মোনহরগঞ্জ-কুমিল্লা, সোনাগাজী-ফেনী, সেনবাগ-নোয়াখালী, নওয়াবগঞ্জ-ঢাকা, ইটনা-কিশোরগঞ্জ, সিঙ্গাইর-মানিকগঞ্জ, গজারিয়া-মুন্সিগঞ্জ, আড়াই হাজার-নারায়নগঞ্জ, কালিহাতী-টাঙ্গাইল, শরণখোলা-বাগেরহাট, ঝিকরগাছা-যশোর, শৈলকুপা-ঝিনাইদাহ, দাকোপ-খুলনা, মোহাম্মদপুর-মাগুরা, কলারোয়া-সাতক্ষীরা, শেরপুর-বগুড়া, উলিপুর-কুড়িগ্রাম, কাউনিয়া-রংপুর, বালাগঞ্জ-সিলেট, কুলাউরা-মৌলবী বাজার, মাধবপুর-হবিগঞ্জ)	চেকলিস্ট
৬	আঞ্চলিক কর্মশালা	চাঁদপুর জেলার কচুয়া উপজেলায় গোহাট ইউনিয়নের হাসিমপুর গ্রামের ড. মুনসুর উদ্দিন মহিলা ডিগ্রি কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত হয় যেখানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইএমইডির উপ-পরিচালক জনাব মোঃ খলিল আহমেদ, সহকারী পরিচালক জনাব মোঃ ফজলুর রহমান, স্থানীয় উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ শাহজাহান ও স্থানীয় জনগণ।	আলোচনা

২.৬ মাঠ পরিদর্শন ও সম্পাদিত কাজের গুণগত মান পরীক্ষাঃ

প্রকল্পের স্থাপনাগুলোর কয়েকটি জায়গায় সরেজমিনে পরিদর্শন পূর্বক সম্পাদিত কাজগুলো ড্রইং-ডিজাইন ও BOQ তে বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী কাজ হয়েছে কিনা তা পর্যবেক্ষণ ও পরীক্ষা করে দেখা হয়েছে। নির্মাণ কাজে ব্যবহৃত মালামালের গুণগত মান ঠিক আছে কিনা তা জানার জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আঞ্চলিক অফিস কর্তৃক করা ও সংরক্ষিত নিম্নে বর্ণিত মালামালের টেস্ট রেজাল্ট পর্যালোচনা করে দেখা হয়েছে।

- ❖ নির্মাণ কাজে ব্যবহৃত এমএস বার।
- ❖ নির্মাণ কাজে ব্যবহৃত কনক্রিটের কম্প্রিসিভ স্ট্রেংথ।
- ❖ কাজে ব্যবহৃত uPVC pipe

এছাড়াও মাঠ পর্যায়ের তিনটি বিভিন্ন ধরনের স্থাপনা থেকে সংগৃহীত তিনটি পানির নমুনা ল্যাবে পরীক্ষা করে আর্সেনিক ও আয়রনের পরিমাণ যাচাই করা হয়েছে।

২.৭ নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রমের ব্যবস্থাপনা

২.৭.১ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের দায়িত্ব বন্টন

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার সার্বিক দায়িত্বে ছিলেন এসএ কনসাল্ট ইন্টারন্যাশনাল লিমিটেড-এর টিম লিডার। তার তত্ত্বাবধান ও পরিচালনায় অন্যান্য কর্মকর্তা যেমন, মিড লেভেল ইঞ্জিনিয়ার, আর্সেনিক/পাবলিক হেলথ বিশেষজ্ঞ ও আর্থ-সামাজিক বিশেষজ্ঞ, সুপার ভাইজার ও মাঠ পর্যায়ে তথ্য/উপাত্ত সংগ্রহকারীগণ পুরো নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের বিভিন্ন দায়িত্ব পালন করেছেন যার বর্ণনা নিম্নের ছকে প্রদত্ত হলঃ

ক্রঃ নং	নাম	পদবী	দায়িত্ব
০১	ইঞ্জিনিয়ার মোঃ রুহুল আযম	টিম লিডার	নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার সার্বিক দায়িত্ব পালন যেমন প্রকল্পের সমস্ত নথিপত্র সংগ্রহ, পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে প্রতিবেদন তৈরী ও উপস্থাপনসহ সমস্ত টিমকে পরিচালনা করা।
০২	ইঞ্জিনিয়ার মোঃ গোলাম মোস্তফা	মিড লেভেল ইঞ্জিনিয়ার	নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনায় টিম লিডারকে সার্বিক সহযোগিতা প্রদান করেছেন। তথ্য উপাত্ত সংগ্রহের জন্য টুলস ডেভেলপমেন্টে আর্থ-সামাজিক বিশেষজ্ঞকে সহযোগিতা করেছেন। মাঠ পর্যায়ে ভৌত কাঠামোর গুণগত মান পর্যালোচনা করেছেন। রিপোর্ট তৈরীতে টিম লিডারকে সার্বিক সহযোগিতা করেছেন। মাঠ পর্যায়ে ১১ টি জেলায় তথ্য সংগ্রহকারীগণকে সুপারভাইজ করেছেন।
০৩	ইঞ্জিনিয়ার এসএ রাফিউজ্জামান	আর্সেনিক/পাবলিক হেলথ বিশেষজ্ঞ	নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনায় টিম লিডারকে সার্বিক সহযোগিতা প্রদান করেছেন। মাঠ পর্যায়ে পানির নমুনা সংগ্রহ করে আর্সেনিক, আয়রন ও লবণাক্ততা যাচাই করেছেন। রিপোর্ট তৈরীতে টিম লিডারকে সার্বিক সহযোগিতা করেছেন। মাঠ পর্যায়ে ১১ টি জেলায় তথ্য সংগ্রহকারীগণকে সুপারভাইজ করেছেন।
০৪	মোঃ সাইদুর রহমান	আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনায় টিম লিডারকে সার্বিক সহযোগিতা প্রদান করেছেন। তথ্য উপাত্ত সংগ্রহের জন্য বিভিন্ন প্রকার প্রশ্নপত্র ও চেকলিস্ট তৈরী করা হয়। তথ্য ও উপাত্ত সংগ্রহকারীদের প্রশিক্ষণ প্রদান করেছেন। মাঠ পর্যায়ে তথ্য ও উপাত্ত যাচাই করেছেন। রিপোর্ট তৈরীতে টিম লিডারকে সার্বিক সহযোগিতা করেছেন। মাঠ পর্যায়ে ১১ টি জেলায় তথ্য সংগ্রহকারীগণকে সুপারভাইজ করেছেন।

২.৭.২ তথ্য সংগ্রহকারী নিয়োগ ও প্রশিক্ষণ

পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মোট ২০ জন তথ্য সংগ্রহকারী ও ৪ জন সুপারভাইজার নিয়োগ দিয়ে তাদেরকে হাতে কলমে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং অনুমোদিত প্রশ্নমালা/ছক সঠিকভাবে পূরণ করার কৌশল শেখানো হয়েছে।

২.৭.৩ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ

মাঠ পর্যায় থেকে সংগৃহীত তথ্য ও উপাত্তের গুণগত মান নিয়ন্ত্রণ করা হয়েছে। প্রায় ১০% পুরণকৃত প্রশ্নপত্রের পুনঃনিরীক্ষণ করা হয়েছে। দক্ষ প্রশিক্ষণ প্রাপ্ত কোডারদের দ্বারা উন্মুক্ত (খোলা প্রশ্নের) উত্তর সমূহকে কোডিং করা হয়েছে। কম্পিউটারের মাধ্যমে নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের উপাত্ত প্রক্রিয়াকরণ সম্পন্ন করা হয়েছে। মাঠ হতে সংগৃহীত তথ্য/উপাত্ত নিয়মতান্ত্রিকভাবে পরিশুদ্ধ করা হয়েছে এবং সেগুলো কম্পিউটারে এন্ট্রির মাধ্যমে রেকর্ড করা হয়েছে। নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের উপাত্ত প্রক্রিয়ার জন্য SPSS-2014 ব্যবহার করা হয়েছে। যথাযথ Tabulation-এর সাহায্যে উপাত্ত সংগ্রহ প্রক্রিয়ার ফলাফল সারণি, গ্রাফ ও চার্ট আকারে উপস্থাপন করা হয়েছে এবং সেগুলো বিশ্লেষণ ও ব্যাখ্যা করা হয়েছে।

২.৮ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের প্রতিবেদন প্রস্তুতকরণ

মাঠ পর্যায় হতে সংগৃহীত সকল তথ্য ও উপাত্ত প্রক্রিয়াকরণ ও প্রয়োজনীয় বিশ্লেষণ পূর্বক নিবিড় পরিবীক্ষণের ১ম খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। ১ম খসড়া প্রতিবেদনের ওপর সংশ্লিষ্ট কারিগরি/স্টিয়ারিং কমিটির সুপারিশের আলোকে প্রতিবেদন সংশোধন করে ২য় খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। ২য় খসড়া প্রতিবেদন জাতীয় সেমিনারে উপস্থাপন করা হয়েছে। সেমিনারে অংশগ্রহণকারীগণের মন্তব্য বিবেচনায় নিয়ে IMED-এর সংশ্লিষ্ট সেক্টরের সাথে আলোচনা করে প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে। চূড়ান্ত প্রতিবেদন বাংলা ও ইংরেজী উভয় ভাষাতেই প্রস্তুত করা হয়েছে।

তৃতীয় অধ্যায়

প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ

মূল প্রকল্পটি ১৯ জুন ২০১২ সালে প্রথম একনেকে অনুমোদিত হয়। প্রাক্কলিত ব্যয় ছিল ৬৮,১৯৪.৩০ লক্ষ টাকা ও বাস্তবায়ন মেয়াদকাল ছিল ০১ জুলাই ২০১২ থেকে ৩০ জুন ২০১৬। পরে প্রকল্পটি ০৮ মার্চ ২০১৬ সালে সংশোধিত আকারে অনুমোদিত হয় তখন প্রাক্কলিত ব্যয় ধরা হয় ৩৮,৪১২.১৯ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদকাল রাখা হয় ০১ জুন ২০১২ থেকে ৩১ ডিসেম্বর ২০১৭। প্রকল্পটি ০৮ মার্চ ২০১৬ সালে যখন সংশোধিত আকারে অনুমোদিত হয় তখন পর্যন্ত বাস্তবে প্রকল্পটির অগ্রগতির বিষয়টি বিবেচনা করে ডিপিপি (DPP) থেকে আরডিপিপি (RDPP) তে বিভিন্ন অঙ্গের সংখ্যা ও কাজের পরিমাণ কমানো হয় এবং প্রাক্কলিত ব্যয় কমানো হয়। প্রকল্পের বাস্তবায়নকাল এক বছর ছয় মাস বৃদ্ধি করা হয়। প্রকল্পের বাস্তবায়ন সময়ের মধ্যে ৩৭টি পাইপড ওয়াটার সাপ্লাই স্কিমের শতভাগে পানি সরবরাহ শুরু করা হবে^৪। ৫০,০০০টি স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন এর মধ্যে ৪৭,০৯৭টি অর্থাৎ ৯৪.২% কাজ সম্পন্ন হয়েছে। নন-পাইপড ওয়াটার অপশনে এনজিও ইন্টারভেনশন এলাকায় ৯৬.৮৯% কাজ সম্পন্ন হয়েছে এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ইন্টারভেনশন এলাকায় ৯৬.০০% কাজ সম্পন্ন হয়েছে।^৫ অতএব সর্বোপরি বলা যায় অধিকাংশ কাজই সমাপ্ত হয়েছে এবং বাকী অসমাপ্ত কাজ ডিসেম্বর ২০১৭ এর মধ্যে সমাপ্ত হবে।^৬ আরডিপিপিতে জনবল ৪৬ জন নিয়োগের কথা থাকলেও ২১ জন নিয়োগ দেওয়া হয়েছে কারণ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের স্থানীয় জনবলকে কাজে লাগানো হয়েছে।

৩.১ প্রকল্পের প্রধান প্রধান অঙ্গভিত্তিক অগ্রগতির বর্তমান চিত্র

ক্রঃ নং	অঙ্গের বিবরণ	অনুমোদিত আরডিপিপি অনুসারে লক্ষ্যমাত্রা					এপ্রিল, ২০১৭ পর্যন্ত ক্রমপূঞ্জিত অগ্রগতি					মন্তব্য
		বাস্তব	আর্থিক				বাস্তব	আর্থিক				
			জিওবি	পিএ	কমিউ-নিটি স্পলর	মোট		জিওবি	পিএ	কমিউনি-টি স্পলর	মোট	
১	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
(ক) রাজস্ব ব্যয়												
১	কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি	৪৬ জন	৭৪৬.২৯	-	-	৭৪৬.২৯	২১ জন	৩০৯.১৭	-	-	৩০৯.১৭	প্রকল্পের জন্য অনুমোদিত জনবলের কিছু পদ শূণ্য থাকায় এক্ষেত্রে বরাদ্দের তুলনায় আর্থিক অগ্রগতি তুলনামূলকভাবে কম হয়েছে। উল্লেখ্য, মোট অনুমোদিত জনবল ৪৬ জনের মধ্যে বর্তমানে ১৬ জন কর্মরত আছে।

^৪ সংশ্লিষ্ট প্রকল্পের পিডি ও ডিপিডি

^৫ প্রকল্প পরিচালকের অফিস


^৬ সংশ্লিষ্ট প্রকল্পের পিডি ও ডিপিডি

ক্রঃ নং	অঙ্গের বিবরণ	অনুমোদিত আরডিপিপি অনুসারে লক্ষ্যমাত্রা					এপ্রিল, ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি					মন্তব্য
		বাস্তব	আর্থিক				বাস্তব	আর্থিক				
			জিওবি	পিএ	কমিউ- নিটি স্পঞ্জর	মোট		জিওবি	পিএ	কমিউনি- টি স্পঞ্জর	মোট	
১	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
২	পিএমইউ পরিচালনা ব্যয়	থোক	২৪৮.৫৮	৮৭৫.৪৫	-	১১২৪.০৩	থোক	১০৭.৫৮	৩৭৩.৯৩	-	৪৮১.৫১	ব্যয় নিয়ন্ত্রনের কারণে এক্ষেত্রে বরাদ্দের চেয়ে প্রকৃত ব্যয় কম হয়েছে। ফলে উক্ত অঙ্গে অর্থের সাশ্রয় হবে।
৩	প্রকল্প শুরু কর্মশালা এবং পরিচিত কার্যক্রম	থোক	-	৩০.০০	-	৩০.০০	থোক	-	১৩.৫৪	-	১৩.৫৪	অবশিষ্ট প্রকল্প মেয়াদে বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণরূপে ব্যয় হওয়ার সম্ভাবনা রয়েছে।
৪	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ ও কমিউনিটির সক্ষমতা বৃদ্ধি	থোক	-	৫০০.০০	-	৫০০.০০	থোক	-	৩৮১.১৮	-	৩৮১.১৮	ঐ
৫	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের শিক্ষা সফর	থোক	-	৪০০.০০	-	৪০০.০০	থোক	-	১০৫.১৬	-	১০৫.১৬	মোট ১৩টি বৈদেশিক সফরের মধ্যে ঐ পর্যন্ত ৪টি সফর সম্পন্ন হয়েছে বিধায় এক্ষেত্রে অগ্রগতি কম হয়েছে।
৬	পানি গুণগতমান পরীক্ষা, পরিবীক্ষন এবং সার্ভিলেন্স	থোক	-	৩০০.০০	-	৩০০.০০	থোক	-	৫৬.৮৯	-	৫৬.৮৯	এই অঙ্গের সমস্ত কাজ শেষ পর্যায়ে। ফলে অবশিষ্ট প্রকল্প মেয়াদের মধ্যে আর্থিক অগ্রগতি শতভাগ অর্জন করা সম্ভব।
৭	দীর্ঘ মেয়াদী পরামর্শক	৫ জন	-	৪৬০.১৪	-	৪৬০.১৪	৫ জন	-	৩৩৯.৫৫	-	৩৩৯.৫৫	ঐ
৮	কারিগরি পরামর্শকের মাধ্যমে গ্রামীণ পাইপড ওয়াটার স্কিমের সম্ভাব্যতা সমীক্ষা, সামাজিক সম্প্রসারণ, নকশা ও তদারকি	১টি চুক্তি	-	২৩৪০.০০	-	২৩৪০.০০	১টি চুক্তি	-	২,২১০.১৭	-	২২১০.১৭	ঐ
৯	ছোট শহর/পৌরসভার ফিজিবিলিটি স্টাডি	১ চুক্তি	-	১০০০.০০	-	১০০০.০০	১টি চুক্তি	-	৯৯.১০	-	৯৯.১০	পরামর্শক প্রতিষ্ঠানের সাথে গত সেপ্টেম্বর/১৬ মাসে চুক্তি হয়েছে। এক্ষেত্রে লক্ষ্যমাত্রা অনুযায়ী আর্থিক না হওয়ার সম্ভাবনা রয়েছে।
১০	স্যানিটেশন পাইলটিং	১ চুক্তি	-	৩৭৬.২১	-	৩৭৬.২১	১টি চুক্তি	-	৩১৩.৬৬	-	৩১৩.৬৬	এই অঙ্গের সমস্ত কাজ শেষ পর্যায়ে। ফলে অবশিষ্ট প্রকল্প মেয়াদের মধ্যে আর্থিক অগ্রগতি শতভাগ অর্জন করা সম্ভব।


ক্রঃ নং	অঙ্গের বিবরণ	অনুমোদিত আরডিপিপি অনুসারে লক্ষ্যমাত্রা					এপ্রিল, ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি					মন্তব্য
		বাস্তব	আর্থিক				বাস্তব	আর্থিক				
সারণি-৪.২১, সুবিধাভোগীরা কি ধরনের স্যানিটারী ল্যাট্রিন ব্যবহার করে তা তথ্য সংগ্রহকারীগণ সরোজমিনে পরিদর্শন করে। সারণি থেকে দেখা যায় যে, সামগ্রিকভাবে সবচেয়ে বেশী সংখ্যক ৮২.৫% সুবিধাভোগী উত্তরদাতা পিট-ল্যাট্রিন (স্লাব রিং সহ) ওয়াটার সিল সহ ল্যাট্রিন ব্যবহার করে; এদের মধ্যে ৮৬.৫% মহিলা এবং ৮১% পুরুষ। অন্যদিকে ৭.২% সুবিধাভোগী ব্যবহার করে ফ্লাশ পায়খানা (পাকা স্যানিটারী/জলাবদ্ধ) ল্যাট্রিন; এদের মধ্যে ৭.৫% মহিলা এবং ৭.১% পুরুষ। কাঁচা পায়খানা ব্যবহার করে মাত্র ৪.৩%; এদের মধ্যে ২.৫% মহিলা এবং ৪.৯% পুরুষ।

সারণি ৪.২১: উত্তরদাতাগণ সাধারণত কি ধরনের স্যানিটারী ল্যাট্রিন ব্যবহার করে এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ					
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
স্যানিটারী ল্যাট্রিন এর ধরণ						
ফ্লাশ পায়খানা (পাকা স্যানিটারী/জলাবদ্ধ)	১৫	৭.৫	৩৯	৭.১	৫৪	৭.২
পিট ল্যাট্রিন (স্লাব রিং সহ) ওয়াটার সিল সহ	১৭৩	৮৬.৫	৪৪৩	৮১.০	৬১৬	৮২.৫
পিট ল্যাট্রিন (স্লাব বিহীন/খোলা)	৫	২.৫	৩৫	৬.৪	৪০	৫.৪
কাঁচা পায়খানা	৫	২.৫	২৭	৪.৯	৩২	৪.৩
খোলা/বুলন্ত	২	১.০	৩	০.৫	৫	০.৭

মোট	২০০	১০০	৫৪৭	১০০	৭৪৭	১০০
তথ্য ও উপাত্ত সংগ্রহকরীগন সরোজমিনে পরিদর্শন করে যে ফলাফল পেয়েছেন তা সারণি-৬.২২ দেয়া হলো। প্রায় ১৪% সুবিধাভোগী যে ল্যাট্রিন ব্যবহার করে তার আউটলেট/নির্গমন নল খোলা জায়গার সাথে সংযুক্ত; এদের মধ্যে ১৩.৫% মহিলা এবং ১৪% পুরুষ। অন্যদিকে সর্বোপরি ৮৬% সুবিধাভোগী যে ল্যাট্রিন ব্যবহার করে তার আউটলেট/নির্গমন নল খোলা জায়গায়র সাথে সংযুক্ত নাই; এদের মধ্যে ৮৬.৫% মহিলা এবং ৮৬% পুরুষ।						

সারণি ৪.২২: উত্তর দাতাগনের স্যানিটারি ল্যাট্রিন এর আউটলেট/নির্গমন নল খোলা জায়গায় কি না এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ					
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
আউটলেট/নির্গমন নল খোলা জায়গায়						
হ্যাঁ	২৭	১৩.৫	৭৬	১৩.৯	১০৩	১৩.৮
না	১৭৩	৮৬.৫	৪৭১	৮৬.১	৬৪৪	৮৬.২
মোট	২০০	১০০	৫৪৭	১০০	৭৪৭	১০০

সুবিধাভোগীরা যে, স্যানিটারি ল্যাট্রিন ব্যবহার করে তার ওয়াটার সিল আছে কি না সে বিষয়ে উপাত্ত সারণি-৪.২৩ দেয়া হলো। সরোজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, ৭৬% সুবিধাভোগী যে ল্যাট্রিন ব্যবহার করে তার ওয়াটার সিল আছে; এদের মধ্যে ৮০.৫% মহিলা এবং ৭৪.৪% পুরুষ। অন্যদিকে ২৪% সুবিধাভোগী যে ল্যাট্রিন ব্যবহার করে তার ওয়াটার সিল নাই; এদের মধ্যে ১৯.৫% মহিলা এবং ২৫.৬% পুরুষ।

সারণি-৪.২৩: উত্তর দাতাগনের স্যানিটারি ল্যাট্রিন এর ওয়াটার সিল আছে কি না এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ					
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
ওয়াটার সিল আছে কি না						
হ্যাঁ	১৬১	৮০.৫	৪০৭	৭৪.৪	৫৬৮	৭৬.০
না	৩৯	১৯.৫	১৪০	২৫.৬	১৭৯	২৪.০
মোট	২০০	১০০	৫৪৭	১০০	৭৪৭	১০০

সারণি-৪.২৪, প্রকল্পের সুবিধাভোগীদের সাথে তাদের শিশুদের মল-মুত্র ত্যাগ এবং এর ব্যবস্থাপনা নিয়ে আলোচনা করা হয়। উপাত্ত বিশ্লেষণ করে দেখা যায় যে, সামগ্রিকভাবে অর্ধেকের চেয়ে বেশী সংখ্যক ৫৬% সুবিধাভোগী তাদের শিশুদের মল-মুত্র ত্যাগ করার পর নিদিষ্ট পায়খানার গর্তে ফেলে দেন; এদের মধ্যে ৭০% মহিলা এবং ৫১% পুরুষ। অন্যদিকে ৩৬.৫% সুবিধাভোগী তাদের শিশুদের মল-মুত্র ত্যাগ করার পর বাড়ীর আবর্জনা ফেলার গর্তে এবং খোলা জায়গায় ফেলে দেন; এদের মধ্যে ৩০.২% মহিলা এবং ৩৮.৭% পুরুষ। এখানে উল্লেখ্য যে, বাড়ীর আবর্জনা ফেলার গর্ত এবং খোলা জায়গায় দুটোই পরিবেশের জন্য ক্ষতিকারক এবং এই সকল মল-মুত্র বৃষ্টির পানিতে পুকুর বা জলাশয়ের পানিতে মিশে যায়। এবং এই পানি পান করলে বিভিন্ন ধরনের পানি বাহিত রোগের প্রাদুর্ভাব দেখা দেয়ার সম্ভাবনা রয়েছে।

সারণি-৪.২৪: উত্তর দাতাগনের পরিবারের শিশুদের মল মূত্র/পায়খানা কোথায় ফেলা হয় এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ				মোট	
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
এল-মূত্র/পায়খানা ফেলার স্থান						
নির্দিষ্ট পায়খানার গর্তে	৬৫	৬৯.৯	১৪৭	৫১.২	২১২	৫৫.৮
বাড়ীর আবর্জনা ফেলার গর্তে	২৬	২৮.০	১০৩	৩৫.৯	১২৯	৩৩.৯
খোলা জায়গায়	২	২.২	৮	২.৮	১০	২.৬
লেট্রিনে	০	০.০	২৯	১০.১	২৯	৭.৬
মোট	৯৩	১০০	২৮৭	১০০	৩৮০	১০০

সুবিধাভোগী উত্তরদাতাদের স্যানিটারি ল্যাট্রিন এর অবস্থা সরোজমিনে পরিদর্শন এর উপাত্ত বিশ্লেষণ করে দেখা যায় যে, সামগ্রিকভাবে তিন-চতুর্থাংশের চেয়ে বেশী সংখ্যক ৮৬% সুবিধাভোগীদের পায়খানা দেয়াল বা বেড়া দিয়ে ঘেরা; এদের মধ্যে ৮৬.৫% মহিলা এবং ৮৫.৫% পুরুষ। ৭৫% পরিবারের টয়লেটে পায়খানার দুগন্ধ ছড়াচ্ছে না; এদের মধ্যে ৭৬% মহিলা এবং ৭৫% পুরুষ। পরিদর্শনের সময় আরো দেখা যায় যে প্রায় অর্ধেক ৪৮% সুবিধাভোগীদের স্যানিটারি ল্যাট্রিনে মল ভাসতে দেখা যায় নি; এদের মধ্যে ৬৬.৩% মহিলা এবং ৪১.৫% পুরুষ। এখানে উল্লেখ্য যে, মাত্র ৩.৯% ল্যাট্রিনের দেয়াল বা বেড়া দিয়ে ঘেরা ছিল না, ৭.৬% পায়খানায় মল ভাসছে এবং প্রায় ১১% পায়খানায় দুগন্ধ ছড়াচ্ছে। এখানে উল্লেখ্য যে, তথ্য ও উপাত্ত সংগ্রহকারী দল, টিম লিডার এবং আর্থ-সামাজিক পরামর্শকগণ বিভিন্ন জেলায় সংশ্লিষ্ট প্রকল্পের আওতায় নির্মিত স্যানিটারি ল্যাট্রিন পরিদর্শন করেন এবং ১০০% পরিষ্কার পরিচ্ছন্ন দেখতে পেয়েছেন। সারণি -৪.২৫ দেখা যেতে পারে।

সারণি ৪.২৫: উত্তর দাতাগনের পরিবার যে স্যানিটারি ল্যাট্রিন ব্যবহার করে তার অবস্থার শতকরা হার বিন্যাস (একাধিক উত্তর)

নির্দেশক	লিঙ্গ				মোট	
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
স্যানিটারি ল্যাট্রিন এর অবস্থা						
পায়খানা দেয়াল বা বেড়া দিয়ে ঘেরা	১৫৪	৮৬.৫	৪২৪	৮৫.৫	৫৭৮	৮৫.৮
পায়খানায় মল ভাসছে না	১১৮	৬৬.৩	২০৬	৪১.৫	৩২৪	৪৮.১
পায়খানায় দুগন্ধ ছড়াচ্ছে না	১৩৫	৭৫.৮	৩৭০	৭৪.৬	৫০৫	৭৪.৯
পায়খানা দেয়াল বা বেড়া দিয়ে ঘেরা না	৩	১.৭	২৩	৪.৬	২৬	৩.৯
পায়খানায় মল ভাসছে	১৮	১০.১	৩৩	৬.৭	৫১	৭.৬
পায়খানায় দুগন্ধ ছড়াচ্ছে	১৯	১০.৭	৬০	১২.১	৭৯	১১.৯
মোট	১৭৮		৪৯৬		৬৭৪	

সারণি -৪.২৬, প্রকল্পের সুবিধাভোগীদের পরিবারের স্যানিটারি ল্যাট্রিন এর ব্যবহারের জন্য পানির উৎসসমূহ দেয়া হলো। উপাত্ত থেকে দেখা যায় যে, সামগ্রিকভাবে প্রায় তিন-চতুর্থাংশ (৭৪%) সুবিধাভোগী তাদের টয়লেটে জন্য নলকূপের পানি ব্যবহার করেন। এরপর প্রায় ৪০% সুবিধাভোগী তাদের টয়লেটে জন্য পুকুরের পানি ব্যবহার করেন, ১৫% ডোবার পানি ব্যবহার করেন, ১২.৮% খালের পানি ব্যবহার করে এবং ১.৪% নদীর পানি ব্যবহার করেন। এখানে উল্লেখ্য যে, মাত্র ১.৭% ট্যাংকের পানি ব্যবহার করেন এবং ০.৩% হাউজের পানি ব্যবহার করেন।

সারণি ৪.২৬: উত্তর দাতাগনের পরিবার স্যানিটারি ল্যাট্রিন ব্যবহারের জন্য পানির উৎস এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ					
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
পানির উৎস						
নলকূপ	১৪৩	৭১.৫	৩৮৯	৭৫.২	৫৩২	৭৪.২
পুকুর	৯৫	৪৭.৫	১৫৫	৩০.০	২৫০	৩৪.৯
খাল	২৭	১৩.৫	৬৫	১২.৬	৯২	১২.৮
পানির ট্যাংকি	৮	৪.০	৪	০.৮	১২	১.৭
নদী	০	০.০	১০	১.৯	১০	১.৪
ডোবা	৩৪	১৭.০	৭৬	১৪.৭	১১০	১৫.৩
হাউজ	০	০.০	২	০.৪	২	০.৩
মোট	২০০		৫১৭		৭১৭	

এই প্রকল্পের আওতায় পানির উৎস থেকে প্রাপ্ত পানি সংশ্লিষ্ট পরিবারের স্যানিটারি ল্যাট্রিনে ব্যবহার/পরিষ্কারের জন্য পর্যাপ্ত কি না এর উত্তরে সামগ্রিকভাবে ৯০.৪% সুবিধাভোগী মনে করে যে, তাদের পানির উৎস থেকে প্রাপ্ত পানি তাদের পরিবারের ব্যবহৃত স্যানিটারি ল্যাট্রিন ব্যবহারের জন্য যথেষ্ট; এদের মধ্যে ৮২.২% মহিলা এবং ৯৩.৪% পুরুষ। অন্যদিকে মাত্র ৯.৩% সুবিধাভোগী মনে করে তাদের পানির উৎস থেকে প্রাপ্ত পানি তাদের পরিবারের ব্যবহৃত স্যানিটারি ল্যাট্রিন ব্যবহারের জন্য যথেষ্ট নয়; এদের মধ্যে ১৭.৮% মহিলা এবং ৬.২% পুরুষ। এখানে উল্লেখ্য যে মাত্র ০.৩% মনে করে পানির উৎস থেকে প্রাপ্ত পানি তাদের পরিবারের ব্যবহৃত স্যানিটারি ল্যাট্রিন ব্যবহারের জন্য মোটামুটি যথেষ্ট।

সারণি ৪.২৭: স্যানিটারি ল্যাট্রিনে ব্যবহারের/ পরিষ্কারের জন্য সংগ্রহীত পানি পর্যাপ্ত কি না এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ					
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
পর্যাপ্ত কি না						
হ্যাঁ	১৫৭	৮২.২	৪৮৪	৯৩.৪	৬৪১	৯০.৪
না	৩৪	১৭.৮	৩২	৬.২	৬৬	৯.৩
মোটামুটি	০	০.০	২	০.৪	২	০.৩
মোট	১৯১	১০০	৫১৮	১০০	৭০৯	১০০

যে সকল সুবিধাভোগী মনে করেন যে প্রকল্পের আওতায় পানির উৎসের থেকে প্রাপ্ত পানি সংশ্লিষ্ট পরিবারের স্যানিটারি ল্যাট্রিনে ব্যবহার/পরিষ্কারের জন্য পর্যাপ্ত না। তাদের কাছে জানতে চাওয়া হয়েছিল যে কোন উৎস থেকে তারা অতিরিক্ত পানি সংগ্রহ করে। সামগ্রিকভাবে ৫৪.৫% সুবিধাভোগী জানান তারা পুকুর থেকে অতিরিক্ত পানি সংগ্রহ করে। অন্যদিকে প্রায় অর্ধেক সুবিধাভোগী খাল থেকে তাদের অতিরিক্ত পানি সংগ্রহ করে থাকে এবং এক-তৃতীয়াংশ (৩৬.৪%) ডোবার পানি ব্যবহার করে। এখানে উল্লেখ্য যে প্রত্যেকটি উৎসই মহিলা উত্তর দাতা পুরুষদের চেয়ে বেশী।

সারণি-৪.২৮: স্যানিটারি ল্যাট্রিনে ব্যবহারের জন্য সংগ্রহীত পানি পরিষ্কারের জন্য পর্যাপ্ত না হলে কোথা থেকে পানি সংগ্রহ করা হয় এর শতকরা হার বিন্যাস (একাধিক উত্তর)

নির্দেশক	লিঙ্গ				মোট	
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
পানি সংগ্রহের উৎস						
পুকুর	১৯	৫৫.৮	১৭	৫৩.১	৩৬	৫৪.৫
ডোবা	১৩	৩৮.২	১১	৩৪.৪	২৪	৩৬.৪
খাল	১৭	৫০.০	১৫	৪৬.৮	৩২	৪৮.৫
মোট (এন)	৩৪		৩২		৬৬	১০০

স্যানিটারি ল্যাট্রিন তৈরিতে উপকারভোগীদের কে বা কারা সহযোগিতা করেছিলো তা সারণি-৪.২৯ এ দেখানো হলো। তথ্য ও উপাত্ত বিশ্লেষণ করে দেখা যায় যে সামগ্রিকভাবে সবচেয়ে বেশী ৬৪.৫% সুবিধাভোগী বলেছে যে তাদের স্যানিটারি ল্যাট্রিন তৈরিতে লোকাল সেনিটারি এন্টারপ্রাইজ/দোকান সহযোগিতা করেছে; এদের মধ্যে ৬২% মহিলা এবং ৬৫.৪% পুরুষ। দ্বিতীয় সর্বোচ্চ উত্তরদাতা ২০.৫% স্বীকার করেছে তাদের স্যানিটারি ল্যাট্রিন নিজেরাই ক্রয় করেছেন কেউ সহযোগিতা করেন নাই। এখানে ১০.৩% বলেছেন তাদের টয়লেট তৈরিতে এলাকার জনসাধারণ কর্তৃক নির্বাচিত প্রতিনিধি সহযোগিতা করেছেন এবং ২.৩% এর টয়লেট তৈরিতে এনজিও সহযোগিতা করেছেন।

সারণি-৪.২৯: স্যানিটারি ল্যাট্রিন তৈরিতে কে/কারা সহযোগিতা করেছেন এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ				মোট	
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
সহযোগী সংস্থা/ব্যক্তি						
লোকাল স্যানিটারি এন্টারপ্রাইজ/দোকান	১২৪	৬২	৩৫৮	৬৫.৪	৪৮২	৬৪.৫
কোন এনজিও	১	০.৫	১৬	২.৯	১৭	২.৩
এলাকার জনসাধারণ কর্তৃক নির্বাচিত প্রতিনিধি	২৩	১১.৫	৫৪	৯.৯	৮১	১০.৩
নিজেরা ক্রয় করেছি	৪৭	২৩.৫	১০৬	১৯.৪	১৫৩	২০.৫
বিআডব্লিউএসএসপি	৫	২.৫	১৩	২.৪	১৮	২.৪
মোট	২০০	১০০	৫৪৭	১০০	৭১৫	১০০

স্যানিটারি ল্যাট্রিন তৈরিতে উপকারভোগীদের কোন আর্থিক ব্যয় হয়েছে কিনা এমন আলোচনায় দেখা যায় যে, সামগ্রিকভাবে সবচেয়ে বেশী ৯৮.৫% সুবিধাভোগী বলেছে যে তাদের স্যানিটারি ল্যাট্রিন তৈরিতে আর্থিক ব্যয় হয়েছে এবং মাত্র ১.৫% সুবিধাভোগী বলেছে যে তাদের স্যানিটারি ল্যাট্রিন তৈরিতে আর্থিক ব্যয় হয় নাই। এখানে দেখা যায় যে ৯৯% পুরুষ বলেছে যে তাদের স্যানিটারি ল্যাট্রিন তৈরিতে আর্থিক ব্যয় হয়েছে এবং ৯৭% মহিলা বলেছে যে তাদের স্যানিটারি ল্যাট্রিন তৈরিতে আর্থিক ব্যয় হয়েছে।

সারণি- ৪.৩০: স্যানিটারি ল্যাট্রিনে তৈরিতে কোন আর্থিক ব্যয় হয়েছে কি না এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ				মোট	
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
আর্থিক ব্যয় হয়েছে কি না						
হ্যাঁ	১৯৪	৯৭.০	৫৪২	৯৯.০	৭৩৭	৯৮.৫

না	৬	৩.০	৫	১.০	১১	১.৫
মোট	২০০	১০০	৫৪৭	১০০	৭৪৭	১০০

যে সকল উপকারভোগী বলেছিলেন তাদের স্যানিটারী ল্যাট্রিন তৈরীতে আর্থিক ব্যয় হয়েছে তাদের কাছে জানতে চাওয়া হয়েছিল এই সকল স্যানিটারী ল্যাট্রিন তৈরীতে কত টাকা আর্থিক ব্যয় হয়েছে। আলোচনায় দেখা যায় যে সামগ্রিকভাবে প্রায় অর্ধেক ৪৯.৫% সুবিধাভোগী বলেছে যে তাদের স্যানিটারী ল্যাট্রিন তৈরীতে ২৫০০-৩০০০ টাকা খরচ হয়েছে; এদের মধ্যে মহিলাদের শতকরা হার পুরুষের তুলনায় কম (মহিলা ৪২% এবং পুরুষ ৫২%)। অন্যদিকে ২২৫০০ টাকা ব্যয়ে স্যানিটারী ল্যাট্রিন তৈরী করেছে এমন লোকের সংখ্যা প্রায় এক-তৃতীয়াংশ (৩৩%) এদের মধ্যে তুলনামূলক ভাবে মহিলাদের শতকরা হার বেশী (মহিলা ৩৯% এবং পুরুষ ৩১%)। অবশিষ্ট সুবিধাভোগীরা ৩০০০ ≥ এরং এর বেশী টাকা ব্যয়ে স্যানিটারী ল্যাট্রিন তৈরী করেছে এমন লোকের সংখ্যা ১৭.৫%; এদের মধ্যে তুলনামূলক ভাবে মহিলাদের শতকরা হার পুরুষের তুলনায় সামান্য বেশী (মহিলা ১৮.৫% এবং পুরুষ ১৭.২%)।

সারণি-৪.৩১: স্যানিটারি ল্যাট্রিন তৈরীতে কত টাকা ব্যয় হয়েছে এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ				মোট	
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
ব্যয়ের পরিমাণ						
≥ ২৫০০	৭৬	৩৯.২	১৬৭	৩০.৮	২৪৩	৩৩.০
২৫০১-৩০০০	৮২	৪২.৩	২৮২	৫২.০	৩৬৪	৪৯.৫
৩০০০≥	৩৬	১৮.৫	৯৩	১৭.২	১২৯	১৭.৫
মোট	১৯৪	১০০	৫৪২	১০০	৭৩৬	১০০

স্যানিটারী ল্যাট্রিন কিভাবে রক্ষণাবেক্ষণ করে তা সারণি-৪.৩২ এ দেখানো হলো। উপাত্ত থেকে দেখা যায় যে প্রায় অর্ধেক ৪৮% সুবিধাভোগী শুধু পানি দিয়ে তাদের টয়লেট পরিষ্কার করে এবং এদের মধ্যে মহিলাদের শতকরা হার পুরুষের তুলনায় সামান্য কম (মহিলা-৪৬.৬% এবং পুরুষ-৪৮.২%)। অন্যদিকে এক-পঞ্চমাংশের সামান্য বেশী ২২.২% সুবিধাভোগী সাবানের গুরা দিয়ে তাদের টয়লেট পরিষ্কার করে এবং এদের মধ্যে মহিলাদের শতকরা হার পুরুষের তুলনায় সামান্য কম (মহিলা-২০.৩% এবং পুরুষ-২৬.৫%)। উপাত্ত থেকে দেখা যায় যে প্রায় ১৭% সুবিধাভোগী হারপিক দিয়ে তাদের টয়লেট পরিষ্কার করে এবং এদের মধ্যে মহিলাদের শতকরা হার পুরুষের তুলনায় বেশী (মহিলা-১৯% এবং পুরুষ-১৬%)। মাত্র ১৩% সুবিধাভোগী সুইপার দিয়ে তাদের টয়লেট পরিষ্কার করে।

সারণি-৪.৩২: স্যানিটারি ল্যাট্রিন কিভাবে রক্ষণাবেক্ষণ করে এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ				মোট	
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
রক্ষণাবেক্ষণ এর ধরন						
সাবানের গুড়া	৩০	২০.৩	১১৬	২৬.৫	১৩০	২২.২
শুধু পানি দিয়ে পরিষ্কার করা হয়	৬৯	৪৬.৬	২১১	৪৮.২	২৮০	৪৭.৮
ব্রাশ দিয়ে ভালভাবে পরিষ্কার করা হয়	০	০.০	২	০.৫	২	০.৩
হারপিক দিয়ে পরিষ্কার করা হয়	২৮	১৮.৯	৭১	১৬.২	৯৯	১৬.৯
সুইপার দিয়ে পরিষ্কার করা হয়	২৭	১৮.২	৪৮	১১.০	৭৫	১২.৮
মোট	১৪৮		৪৩৮		৫৮৬	

স্যানিটারী ল্যাট্রিন ব্যবহারের পরে হাত ধোয়ার অভ্যাস আছে কি না তা সারণি ৪.৩৩ উপস্থাপন করা হলো। উপকারভোগীদের সাথে আলোচনায় জানা যায় যে সামগ্রিকভাবে সবচেয়ে বেশী ৯৪% সুবিধাভোগী বলেছে যে তাদের পরিবারের লোকজন স্যানিটারী ল্যাট্রিন ব্যবহারের পরে সাবান দিয়ে হাত ধুয়ে থাকে; এদের মধ্যে পুরুষের শতকরা হার

মেয়েদের তুলনায় বেশী (পুরুষ-৯৪.৫% এবং মহিলা-৯১.৫%)। অন্যদিকে যে সকল পরিবারের সদস্যগন স্যানিটারী ল্যাট্রিন ব্যবহারের পর সাবান দিয়ে হাত ধোয় না এমন পরিবারের সংখ্যা প্রায় ৬.৩%; এদের মধ্যে পুরুষের শতকরা হার মেয়েদের তুলনায় কম (পুরুষ-৫.৫% এবং মহিলা-৮.৫%)

সারণি-৪.৩৩: খানার সদস্যরা ল্যাট্রিন ব্যবহারের পর হাত ধুয়ে থাকেন কি না এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ					
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
ল্যাট্রিন ব্যবহারের পরে						
হ্যাঁ	১৮৩	৯১.৫	৫১৭	৯৪.৫	৭০০	৯৩.৭
না	১৭	৮.৫	৩০	৫.৫	৪৭	৬.৩
মোট	২০০	১০০	৫৪৭	১০০	৭৪৭	১০০

স্যানিটারী ল্যাট্রিন ব্যবহারের পরে হাত ধোয়ার অভ্যাস আছে কি না তা সারণি ৪.৩৪ এ উপস্থাপন করা হলো। উপকারভোগীদের সাথে আলোচনায় জানা যায় যে সামগ্রিকভাবে সবচেয়ে বেশী ৮৩% সুবিধাভোগী বলেছে যে তাদের পরিবারের লোকজন শিশুদের শৌচকার্য করানোর পর সাবান দিয়ে হাত ধুয়ে থাকে; এদের মধ্যে পুরুষের শতকরা হার মেয়েদের তুলনায় বেশী (পুরুষ-৮৭.৪% এবং মহিলা-৮৭.৪%)। অন্যদিকে যে সকল পরিবারের সদস্যগন শিশুদের শৌচকার্য করানোর পর সাবান দিয়ে হাত ধোয় না এমন পরিবারের সংখ্যা প্রায় ১৭%; এদের মধ্যে পুরুষের শতকরা হার মেয়েদের তুলনায় কম (পুরুষ-২৯% এবং মহিলা-১২.৬%)

সারণি ৪.৩৪: খানার সদস্যরা শিশুদের শৌচকার্য করানোর পরে হাত ধুয়ে থাকেন কি না এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ					
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
শিশুদের শৌচকার্য করানোর পরে						
হ্যাঁ	১৪২	৭১.০	৪৭৮	৮৭.৪	৬২০	৮৩.০
না	৫৮	২৯.০	৬৯	১২.৬	১২৭	১৭.০
মোট	২০০	১০০	৫৪৭	১০০	৭৪৭	১০০

শিশুদের খাওয়ানোর পূর্বে সাবান দিয়ে হাত ধোয়ার অভ্যাস আছে কি না তা সারণি ৪.৩৫ এ উপস্থাপন করা হলো। উপকারভোগীদের সাথে আলোচনায় জানা যায় যে সামগ্রিকভাবে সবচেয়ে বেশী ৮২.৬% সুবিধাভোগী বলেছে যে তাদের পরিবারের লোকজন শিশুদের খাওয়ানোর পূর্বে সাবান দিয়ে হাত ধুয়ে থাকে; এদের মধ্যে পুরুষের শতকরা হার মেয়েদের তুলনায় বেশী (পুরুষ-৮৬.৮% এবং মহিলা-৭১%)। অন্যদিকে যে সকল পরিবারের সদস্যগন শিশুদের খাওয়ানোর পূর্বে সাবান দিয়ে হাত ধোয় না এমন পরিবারের সংখ্যা প্রায় ১৭.৪%; এদের মধ্যে পুরুষের শতকরা হার মেয়েদের তুলনায় কম (পুরুষ-১৩.২% এবং মহিলা-২৯%)

সারণি ৪.৩৫: খানার সদস্যরা শিশুদের খাওয়ানোর পূর্বে হাত ধুয়ে থাকেন কি না এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ					
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
শিশুদের খাওয়ানোর পূর্বে						
হ্যাঁ	১৪২	৭১.০	৪৭৫	৮৬.৮	৬১৭	৮২.৬
না	৫৮	২৯.০	৭২	১৩.২	১৩০	১৭.৪
মোট	২০০	১০০	৫৪৭	১০০	৭৪৭	১০০

পরিবারের সদস্যদের জন্য খাবার প্রস্তুত ও পরিবেশনের আগে হাত ধোয়ার অভ্যাস আছে কি না তা সারণি ৪.৩৬ এ উপস্থাপন করা হলো। উপকারভোগীদের সাথে আলোচনায় জানা যায় যে সামগ্রিকভাবে সবচেয়ে বেশী ৯০% সুবিধাভোগী বলেছে যে তাদের পরিবারের লোকজন খাবার প্রস্তুত ও পরিবেশনের আগে সাবান দিয়ে হাত ধুয়ে থাকে; এদের মধ্যে পুরুষের শতকরা হার মেয়েদের তুলনায় বেশী (পুরুষ-৯২% এবং মহিলা-৮৪%)। অন্যদিকে যে সকল পরিবারের সদস্যগণ খাবার প্রস্তুত ও পরিবেশনের আগে সাবান দিয়ে হাত ধোয় না এমন পরিবারের সংখ্যা প্রায় ১০%; এদের মধ্যে পুরুষের শতকরা হার মেয়েদের তুলনায় কম (পুরুষ-৭.৯% এবং মহিলা-১৬%)

সারণি ৪.৩৬: খানার সদস্যরা খাবার প্রস্তুত ও পরিবেশনের আগে হাত ধুয়ে থাকেন কি না এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ					
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
খাবার প্রস্তুত ও পরিবেশনের আগে						
হ্যাঁ	১৬৮	৮৪.০	৫০৪	৯২.১	৬৭২	৯০.০
না	৩২	১৬.০	৪৩	৭.৯	৭৫	১০.০
মোট	২০০	১০০	৫৪৭	১০০	৭৪৭	১০০

স্যানিটারী ল্যাট্রিন ব্যবহারের ফলে খানার সদস্যদের স্বাস্থ্যের উন্নতি হয়েছে কি না তা সারণি ৪.৩৭ উপস্থাপন করা হলো। উপকারভোগীদের সাথে আলোচনায় জানা যায় যে সামগ্রিকভাবে সবচেয়ে বেশী ৯১.৬% সুবিধাভোগী মনে করে যে স্বাস্থ্য-সম্মত ল্যাট্রিন ব্যবহারের ফলে খানার সদস্যদের স্বাস্থ্যের উন্নতি হয়েছে; এদের মধ্যে পুরুষের শতকরা হার মহিলাদের তুলনায় বেশী (পুরুষ-৯৩% এবং মহিলা-৮৮%)। অন্যদিকে মাত্র ৮.৪% সুবিধাভোগী মনে করে যে স্বাস্থ্য-সম্মত ল্যাট্রিন ব্যবহারের ফলে খানার সদস্যদের স্বাস্থ্যের উন্নতি হয়েছে; এদের মধ্যে পুরুষের শতকরা হার মহিলাদের তুলনায় কম (পুরুষ-৭% এবং মহিলা-১২%)।

সারণি-৪.৩৭: স্বাস্থ্য-সম্মত ল্যাট্রিন ব্যবহারের ফলে খানার সদস্যদের স্বাস্থ্যের উন্নতি হয়েছে এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ					
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
স্বাস্থ্যের উন্নতি হয়েছে						
হ্যাঁ	১৭৬	৮৮.০	৫০৮	৯২.৯	৬৮৪	৯১.৬
না	২৪	১২.০০	৩৯	৭.১	৬৩	৮.৪
মোট	২০০	১০০	৫৪৭	১০০	৭৪৭	১০০

স্যানিটারী ল্যাট্রিন ব্যবহারের ফলে খানার সদস্যদের স্বাস্থ্যের কি কি উন্নতি হয়েছে তা সারণি ৪.৩৮ উপস্থাপন করা হলো। যে সকল উপকারভোগী (৯১.৬% এবং N=684) স্বীকার করেছে যে স্বাস্থ্য-সম্মত স্যানিটারী ল্যাট্রিন ব্যবহারের ফলে খানার সদস্যদের স্বাস্থ্যের উন্নতি হয়েছে তাদের সাথে আলোচনায় জানা যায় যে, সামগ্রিকভাবে সবচেয়ে বেশী ৫৭.৩% সুবিধাভোগী মনে করে যে স্বাস্থ্য-সম্মত ল্যাট্রিন ব্যবহারের ফলে খানার সদস্যদের রোগ কম হয়; এদের মধ্যে পুরুষের শতকরা হার মহিলাদের তুলনায় কম (পুরুষ-৫৫% এবং মহিলা-৬৪%)। অন্যদিকে এক তৃতীয়াংশের কম ৩১% সুবিধাভোগী মনে করে যে স্বাস্থ্য-সম্মত ল্যাট্রিন ব্যবহারের ফলে খানার সদস্যরা রোগ-জীবানু থেকে মুক্তি পাচ্ছে; এদের মধ্যে পুরুষের শতকরা হার নারীদের তুলনায় বেশী (পুরুষ-৩১% এবং মহিলা-৩০%)। ২.২% সুবিধাভোগী মনে করে স্যানিটারী ল্যাট্রিন ব্যবহারের ফলে পরিবেশ ভালো থাকে, প্রায় ১% মনে করে পরিবারের চিকিৎসা বাবদ টাকা কম খরচ হয়।

সারণি-৪.৩৮: স্বাস্থ্য-সম্মত ল্যাট্রিন ব্যবহারের ফলে খানার সদস্যদের স্বস্থ্যের উন্নতি হলে কি কি উন্নতি হয়েছে এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ					
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
স্বস্থ্যের উন্নতি কিকি উন্নতি হয়েছে						
রোগ-জীবানু থেকে মুক্তি	৫২	২৯.৭	১৫৮	৩১.০	২১০	৩০.৭
রোগ কম হয়	১১২	৬৪.০	২৭৮	৫৪.৯	৩৯২	৫৭.৩
সুস্থ্য থাকি	১৮	১০.৯	৮৫	১৬.৭	১০৪	১৫.২
পরিবেশ ভালো থাকে	৪	২.৩	১১	২.২	১৫	২.২
টাকা খরচ কম হয়	৫	২.৯	১	০.২	৬	০.৯
স্বাস্থ্য ব্যবস্থার উন্নতি	২	১.১	২৪	৪.৭	২৬	৩.৮
মোট	১৭৬		৫০৮		৬৮৪	

৪.৪ সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ এর তথ্য

“বাংলাদেশে গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প” এর একটি প্রধান কাজ ছিল জনগনকে পানি ও পয়ঃনিষ্কাশন বিষয়ে সচেতন করা। পরিবারের সদস্যগণ সচেতন মূলক কোন সভা বা মিটিং এ অংশগ্রহণ করেছে কি না তা সারণি ৪.৩৯ এ উপস্থাপন করা হলো। সামগ্রিকভাবে প্রায় ২৮% সুবিধাভোগী স্বীকার করেছেন যে তাদের পরিবারের সদস্য পানি ও পয়ঃনিষ্কাশন বিষয়ে সচেতন মূলক সভা, ট্রেনিং ইত্যাদিতে অংশগ্রহণ করেছিলো; এদের মধ্যে পুরুষের শতকরা হার মহিলাদের তুলনায় কম (পুরুষ-২৪.৩% এবং মহিলা-৩৭%)। অন্যদিকে প্রায় ৭০% সুবিধাভোগী বলেছেন যে তাদের পরিবারের কোন সদস্য পানি ও পয়ঃনিষ্কাশন বিষয়ে সচেতন মূলক সভা, সেমিনার, ট্রেনিং ইত্যাদিতে অংশগ্রহণ করেন নি; এদের মধ্যে পুরুষের শতকরা হার মহিলাদের তুলনায় সামান্য বেশী (পুরুষ-৭৩.৩% এবং মহিলা-৬০%)। মাত্র ২.৫% উত্তরদাতা উত্তর দানে বিরত থাকে।

সারণি- ৪.৩৯: পরিবারের সদস্যরা স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ব্যবহার, নিরাপদ পানি সংগ্রহ ও এর উপকারিতা সম্পর্কে কোন প্রশিক্ষণ পেয়েছেন কি না এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ					
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
প্রশিক্ষণ বিষয়ক তথ্য						
হ্যাঁ	৭৪	৩৭.০%	১৩৩	২৪.৩%	২০৭	২৭.৭%
না	১২০	৬০.০%	৪০১	৭৩.৩%	৫২১	৬৯.৭%
উত্তর না দেয়া	৬	৩.০%	১৩	২.৪%	১৯	২.৫%
মোট	২০০	১০০%	৫৪৭	১০০%	৭৪৭	১০০%

পানি ও পয়ঃনিষ্কাশন বিষয়ে সচেতন বিষয়ে যে সকল সংস্থা ব্যবস্থা করেছিলো তা সারণি ৪.৪০ এ উপস্থাপন করা হলো। যে সকল উপকারভোগী (২৭.৭% এবং N=207) স্বীকার করেছিল যে তাদের পরিবারের সদস্যগণ এই সকল প্রশিক্ষণে অংশগ্রহণ করেছিলো। সামগ্রিকভাবে সবচেয়ে বেশী ৩০% সুবিধাভোগী বলেছে যে, উপজেলা জনস্বাস্থ্য অফিস তাদের প্রশিক্ষনের ব্যবস্থা করেছিলো; এদের মধ্যে পুরুষের শতকরা হার নারীদের তুলনায় প্রায় দ্বিগুন (পুরুষ-৪০% এবং নারী-২২%)। এছাড়া দ্বিতীয় সর্বোচ্চ উপকারভোগী ১১.১% বলেছে তাদের প্রশিক্ষনের ব্যবস্থা করেছিলো ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও এনজিও ফোরাম। মহিলাদের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ উপকারভোগী ২২.২% বলেছেন যে তাদের পরিবারের সদস্যগণ যে প্রশিক্ষণ পেয়েছেন তার ব্যবস্থা করেছে ব্রাক।

টেবিল ৪.৪০: এই প্রশিক্ষণের ব্যবস্থা কে/কারা করেছিলেন এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ				মোট	
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
প্রশিক্ষণ এর ব্যবস্থা করেছিলেন						
□□□□□□□□□□	১৬	২২.২	৫২	৪০.০	৬৮	৩২.৯
□□□□□□□□□□□□□□	১১	১৫.৩	১৪	১০.৮	২৫	১১.১
□□□□□	৫	৬.৯	২০	১৫.৪	২৫	১১.১
□□□□□□□□□□□□	০	০.০	৪	৩.১	৪	১.৯
□□□□□□□□	২	২.৮	৩	২.৩	৫	২.৪
□□□□□□□□□□	১	১.৩	১	০.৮	২	১.০
□□□□□□□□□□□□	১	১.৩	২	১.৫	৩	১.৪
□□□□□□□□□□□□	১	১.৩	৫	৩.৮	৬	২.৯
□□□□□□□□□□□□	১৬	২২.২	৬	৪.৬	২২	১০.৬
□□□□□□□□□□□□	৯	১২.৫	৫	৩.৮	১৪	৬.৮
□□□□□□□□□□□□	১	১.৩	১	০.৮	২	১.০
□□□□□□□□□□□□	৪	৫.৬	১৩	১০.০	১৭	৮.২
□□□□□□□□□□□□□□	৪	৫.৬	২	১.৫	৬	২.৯
গন □□□□□□□□	১	১.৩	৪	৩.১	৫	২.৪
মোট	৭৪	১০০	১৩৩	১০০	২০৭	

যে সকল পরিবারের সদস্যগন পানি ও পয়ঃনিষ্কাশন বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করেছিলো এবং প্রশিক্ষণে কি কি বিষয়ে আলোচনা হয়েছে তা সারণি ৪.৪১ এ উপস্থাপন করা হলো। যে সকল উপকারভোগী (২৭.৭% এবং N=২০৭) স্বীকার করেছিল যে তাদের পরিবারের সদস্যগন এই সকল প্রশিক্ষণে অংশগ্রহণ করেছিলো। তাদের নিকট জানতে চাওয়া হয়েছিল যে ঐ সকল প্রশিক্ষণে কি কি বিষয়ে আলোচনা করা হয়েছিল। সামগ্রিকভাবে সবচেয়ে বেশী ৮৯.৪% সুবিধাভোগী বলেছে যে প্রশিক্ষণে নিরাপদ পানি সম্পর্কে আলোচনা হয়েছে; এদের মধ্যে মহিলাদের শতকরা হার পুরুষের তুলনায় বেশী (মহিলা-৯২% এবং পুরুষ-৮৮%)। এছাড়া দ্বিতীয় সর্বোচ্চ উপকারভোগী ৮০.৭% বলেছে তাদের প্রশিক্ষণের বিষয় ছিল ল্যাট্রিন ব্যবহার সম্পর্কে; এদের মধ্যে মহিলাদের শতকরা হার পুরুষের তুলনায় বেশী (মহিলা-৮১% এবং পুরুষ-৭৮%)। শুধু মহিলাদের মধ্যে সর্বোচ্চ উপকারভোগী ৯২% বলেছেন যে তাদের প্রশিক্ষণে নিরাপদ পানি সম্পর্কে আলোচনা হয়েছে এবং এর পরের অবস্থানেই ছিল সাবান দিয়ে হাত ধোয়া প্রায় ৮৮%। মহিলাদের মধ্যে সবচেয়ে কম সংখ্যক ৫৫.৪% এবং পুরুষদের মধ্যে ৫৪% বলেছেন প্রশিক্ষণে পয়ঃনিষ্কাশন বিষয়ে আলোচনা হয়েছে।

সারণি-৪.৪১: এই প্রশিক্ষণের কি কি বিষয় আলোচনা করা হয়েছিল এর শতকরা হার বিন্যাস (একধিক উত্তর)

নির্দেশক	লিঙ্গ			মোট
	মহিলা	পুরুষ	মোট	

	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
প্রশিক্ষণে আলোচ্য বিষয়						
□□□□□□□□□□ □□□□□□□□ □□□□□□□□□□	৬৩	৮০.৮	১০৪	৭৮.২	১৬৭	৮০.৭
□□□□ পদ □□□□ □□□□□□□□□□	৬৮	৯১.৯	১১৭	৮৮.০	১৮৫	৮৯.৪
□□□□□ □□□□□ □□□□ □□□□□ □□□□□□□□□□	৬৫	৮৭.৮	৯৫	৭১.৪	১৬০	৭৭.৩
□□□□□ □□□□□□ □□□□ □□□□□□□□□□	৫৫	৭৪.৩	৮৩	৬২.৪	১৩৮	৬৬.৭
□□□□□□□□□□□□ □□□□□□□□□□ □□□□□□□□□□	৫৩	৮২.৮	৭৭	৫৭.৯	১৩০	৬২.৮
□□□□□□□□□□□□□□ □□□□□□□□□□	৪১	৫৫.৪	৭১	৫৩.৪	১১২	৫৪.১
মোট	৭৪	১০০	১৩৩	১০০	২০৭	

৪.৫ সবল, দুর্বল, ঝুঁকি ও সুযোগ সমূহ

“বাংলাদেশে গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (১ম সংশোধন)” প্রকল্পের সবল, দুর্বল, ঝুঁকি এবং সুযোগ সমূহ নিয়ে সুবিধাভোগীদের সাথে আলোচনা করা হয়। আলোচনা থেকে প্রাপ্ত ফলাফল সারণি-৬.৪২ এর মাধ্যমে উপস্থাপন করা হলো। সামগ্রিকভাবে সবচেয়ে বেশী ৫৫.৬% সুবিধাভোগী বলেছে যে, এই প্রকল্পের সবচেয়ে সবল দিক হলো প্রকল্প বাসআবায়নের ফলে পরিবেশ ভালো হয়েছে; এদের মধ্যে মহিলাদের শতকরা হার পুরুষের তুলনায় বেশী (মহিলা-৬৮.৫% এবং পুরুষ ৫০.৬%)। এছাড়া দ্বিতীয় সর্বোচ্চ অংশগ্রহণকারী ৪৫.৭% বলেছে যে, এ প্রকল্পের ফলে “এলাকার উন্নতি হয়েছে”; এদের মধ্যে মহিলাদের শতকরা হার পুরুষের তুলনায় বেশী (মহিলা-৫৮.৫% এবং পুরুষ-৪০.৭%)। শুধু মহিলাদের মধ্যে অর্ধেকের বেশী উপকারভোগী বলেছেন যে এই প্রকল্পের ফলে দুর্ঘটনা কম হয় কারণ বর্ষার দিনে তাদেরকে দূর দূরান্ত থেকে খাবার পানি আনতে হয় না। প্রায় ৪৩% মনে করে প্রকল্পের ফলে গরিব লোকেরা ল্যাট্রিন ব্যবহার করার সুযোগ পেয়েছে।

সারণি-৪.৪২: উপকারভোগীদের মতে এই প্রকল্পের সবল দিক সমূহ এর শতকরা হার বিন্যাস (একাধিক উত্তর)

নির্দেশক	লিঙ্গ					
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
সবল দিক সমূহ						
□□□□□□ □□□□ □□□□□□□□□□ □□□□□□ □□□□	৪১	২০.৫	৬৯	১২.৬	১১০	১৪.৮
□□□□□ □□□□□□□□□□ □□□□□□ □□□□	৩৩	১৬.৫	৯৭	১৭.৭	১৩০	১৭.৪
□□□□□□□□□□ □□□□□□ □□□□□□□□□□ □□□□□□□□ □□□□ □□□□	৪৩	২১.৫	১৩৮	২৫.২	১৮১	২৪.৩
□□□□□□ □□□□□ □□□□□□ □□□□	৭৩	৩৬.৫	১৪৮	২৭.১	২২১	২৯.৭
কম □□□□□ □□□□□ ও □□□□□□□□□□ □□□□□□	৪১	২০.৫	১০১	১৮.৫	১৪২	১৯.১

□□□						
□□□□□□ □□□□ □□□□□□□□ □□□□□□ □□□	৫৫	২৭.৫	৬৩	১১.৫	১১৮	১৫.৮
□□□ □□□□□□ □□□□□ বাঁচা □□□	১০৯	৫৪.৫	৪৯	৯.০	১৫৮	২১.২
□□□□□□□□ □□□□□□ □□□□ □□□□□□ □□□□	৭৬	৩৮.৫	১০৭	১৯.৬	১৮৩	২৪.৬
□□□□□□ □□□ □□□□□□	১৩৭	৬৮.৫	২৭৭	৫০.৬	৪১৪	৫৫.৬
□□□□□□□□□□ □□□□□□□□□□ □□□□□□ □□□□□□	৯৯	৪৯.৫	২১৭	৩৯.৭	৩১৬	৪২.৪
□□□□□□□□ □□□□□□ □□□□□□ □□□□□□ □□□□□□	৭৯	৩৯.৫	১৭৮	৩২.৫	২৫৭	৩৪.৫
এখন □□□□□□ □□□□□□ □□□□ □□□□ □□□□□□	৪৫	২২.৫	১০৯	১৯.৯	১৫৪	২০.৭
খরা মৌসুমে পানি পাই	৭৬	৩৮.০	২১০	৩৮.৪	২৮৬	৩২.৩
গরিব লোকেরা ল্যান্ড্রিন ব্যবহার করার সুযোগ পেয়েছে	৯২	৪৬.০	২২৭	৪১.৫	৩১৯	৪২.৭
দূর্ঘটনা কম হয়	১০২	৫১.০	২০৮	৩৮.০	৩১০	৪১.৫
এলাকার উন্নতি হয়েছে	১১৯	৫৮.৫	২২৩	৪০.৭	৩৪২	৪৫.৭
মোট	২০০		৫৪৭		৭৪৭	

এই প্রকল্পের দুর্বলদিক নিয়ে উপকারভোগী উত্তরদাতাদের সাথে আলোচনা করা হয় যার ফলাফল সারণি-৪.৪৩ এর মাধ্যমে উপস্থাপন করা হলো। এখানে উত্তরদাতাগণ এই প্রকল্পের মোট ১৭টি দুর্বল দিক তুলে ধরেন; এদের মধ্যে সামগ্রিকভাবে সবচেয়ে বেশী প্রায় ৫৩% সুবিধাভোগী উত্তরদাতা মনে করে যে এই প্রকল্পের একটি দুর্বল দিক হলো সুবিধাভোগীদের নিকট থেকে টাকা নেওয়া এবং তারা আরো জানান যে এই টাকার পরিমাণ কম হলে ভালো হতো। এদের মধ্যে মহিলাদের শতকরা হার পুরুষের তুলনায় প্রায় দ্বিগুন (মহিলা-৭৮.৫% এবং পুরুষ-৪৩.৫%)। মহিলাদের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ অংশগ্রহণকারী (৩৯%) বলেছে প্রয়োজনের তুলনায় কম পানি পাওয়া যায়, ৩৬.৫% মহিলারা বলেছে যে ল্যান্ড্রিনের সাইজ/আকার ছোট অর্থাৎ ল্যান্ড্রিনের মধ্যে বালতিতে পানি রাখার পর বসতে সমস্যা হয়। ৩৬.৫% মহিলা মনে করে তাদের এলাকায় যে পরিমাণ ল্যান্ড্রিনের প্রয়োজন তার তুলনায় সরবরাহ কম। প্রায় এক পঞ্চমাংশ (২৩.৮%) সুবিধাভোগী উত্তরদাতা মনে করে যদি ল্যান্ড্রিনে রিং এর পরিমাণ কম দেয়া হয় তাহলে বর্ষা হলেই ল্যান্ড্রিন নষ্ট হয়ে যায়।

সারণি-৪.৪৩: উপকারভোগীদের মতে এই প্রকল্পের দুর্বল দিক সমূহ এর শতকরা হার বিন্যাস (একাধিক উত্তর)

নির্দেশক	লিঙ্গ				মোট	
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
দুর্বল দিক সমূহ						
□□□□□□□□□□□□□□ □□□□ □□□	৭৩	৩৬.৫	২৪	৪.৪	৯৭	১৩.০
□□□ □□□□□□ □□□/□□□□□□	১৭	৮.৫	২৫২	২৭.৮	১৬৯	২২.৬
□□□□ □□□ কম □□□□ □□□ হত/ □□□□ □□□□ □□□□ হয়	১৫৭	৭৮.৫	১৩৮	৪৩.৫	৩৯৫	৫২.৯
□□□□□□□□ □□□□ □□□ □□□	৫	২.৫	১৯	৩.৫	২৪	৩.২
□□□□□□□□□□ □□□□□□ □□□□ □□□ □□□□□□□□ □□□□ হয়	৩৭	১৮.৫	৫৭	১০.৪	৯৪	১২.৬
□□□□□□□□□□ এর □□□□□□□□□□	০	০.০	৯	১.৬	৯	১.২

□□□□□ □□□□□						
□□□□□□□□ □□□□□ □□□□□□□□ সময় □□□□	১৫	৭.৫	২৪	৪.৪	৩৯	৫.২
□□□□□□□□ □□□□□□□□ কম	১৭	৮.৫	৭৭	১৪.১	৯৪	১২.৬
কম □□□□□□ □□□□□□□□ □□□□□ হয়	৭৩	৩৬.৫	১৭৬	৩২.২	২৪৯	৩৩.৩
□□□□□□□□ □□□□ □□□ □□□□□ □□□□□□□□ □□□□□□ □□□□□ হয়	৩৫	১৭.৫	৫৪	৯.৯	৮৯	১১.৯
□□ উবও □□□/ □□□□□□□□□□ □□□□□ □□□□□ □□□□□ হয়	০	০	১৭	৩.১	১৭	২.৩
□□□□□□ □□□□□□□□ কম □□□□	৬৯	৩৪.৫	১০৯	১৯.৯	১৭৮	২৩.৮
□□□□□ □□□□□ □□□□□ কম □□□□□□ □□□□	৪৫	২২.৫	৯১	১৬.৬	১৩৬	১৮.২
বন্দিযু□ সমস্যার কারণে ঠিকমত পানি পাওয়া যায় না	১০	৫.০	২১	৩.৮	৩১	৪.১
পরয়োজন্যে তুলনায় নরিপদ পানি কম	৭৮	৩৯.০	৫৬	১০.২	১৩৪	১৯.৯
ট্যাংকনা থাকায় সবসময় পানি পাওয়া যায় না	৪৫	২২.৫	৪১	৭.৫	৮৬	১১.৫
পানি কম উঠে	৩১	১৫.৫	৬২	১১.৩	৯৩	১২.৪
মোট	২০০		৫৪৭		৭৪৭	

বাংলাদেশে গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের এর সুবিধাভোগী জনসাধারণ এর সাথে সংশ্লিষ্ট প্রকল্পের ফলে এলাকার জনসাধারণের কি কি সুযোগ সৃষ্টি হয়েছে সে বিষয় নিয়ে আলোচনা করা হয়। এখানে অংশগ্রহণকারীদের সাথে আলোচনার মাধ্যমে মোট ৬ ধরনের সুযোগ সৃষ্টি হয়েছে বলে তারা জানান। প্রায় এক চতুর্থাংশ (২৪.৪%) অংশগ্রহণকারী মনে করে যে এই প্রকল্পের ফলে এলাকার জনসাধারণ স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ব্যবহারে আগ্রহী হচ্ছে; এদের মধ্যে মহিলাদের শতকরা হার পুরুষের তুলনায় কম (মহিলা-১৯% এবং পুরুষ-২৬.৪%)। অন্যদিকে এক পঞ্চমাংশ (২০.৬%) অংশগ্রহণকারী মনে করে সংশ্লিষ্ট প্রকল্পের ফলে অতি-দরিদ্র জনগন কম খরচে স্যানিটারী ল্যাট্রিন পেয়েছে; এখান মহিলাদের শতকরা হার পুরুষের তুলনায় বেশী (মহিলা-২৭.৫% এবং পুরুষ-১৮%)। এখানে উল্লেখ করা প্রয়োজন যে ৫.৪% সুবিধাভোগী উত্তরদাতা মনে করে যে, এই প্রকল্পের ফলে এলাকায় কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে; এদেও মধ্যে ৬.৫% মহিলা এবং ৫% পুরুষ।

সারণি- ৪.৪৪: উপকারভোগীদের মতে এই প্রকল্পের ফলে কি কি সুযোগ সৃষ্টি হয়েছে এর শতকরা হার বিন্যাস (একাধিক উত্তর)

নির্দেশক	লিঙ্গ				মোট	
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
সুযোগ সৃষ্টি হয়েছে						
স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ব্যবহারে অন্যরা আগ্রহী হচ্ছে	৩৯	১৯.৮	১৪৩	২৬.৪	১৮২	২৪.৪
কম খরচে টিউবওয়েল ও ল্যাট্রিন পাওয়া যায়	৪৭.০	২৩.৫	১০২.০	১৮.৬	১৪৯	১৯.৯
সময় কম লাগে/কাছ থেকে পানি পাই	৩০.০	১৫.২	৫৫.০	১০.২	৮৫	১১.৪
সবাই বিশুদ্ধ পানি পাচ্ছে	৬৭.০	৩৩.৫	৬৩.০	১১.৬	১৩০	১৭.৪
গবীর মানুষ ল্যাট্রিন পেয়েছে	৫৫.০	২৭.৫	৯৯.০	১৮.১	১৫৪	২০.৬
কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে	১৩.০	৬.৫	২৭.০	৪.৯	৪০	৫.৪
মোট	২০০		৫৪		৭৪৭	

সুবিধাভোগী জনসাধারণ এর সাথে সংশ্লিষ্ট প্রকল্পের ফলে ভবিষ্যতে কি কি সমস্যা সৃষ্টি হতে পারে সে বিষয় নিয়ে কথা বলা হয়। এখানে অংশগ্রহণকারীদের সাথে আলোচনার মাধ্যমে মোট ৫ ধরনের সমস্যা হতে পারে বলে তারা জানান। প্রায় এক চতুর্থাংশ (২২.৬%) অংশগ্রহণকারী মনে করে ভবিষ্যতে ঝড় বন্যা হলে ল্যান্ডট্রিনি ভেঙ্গে যেতে পারে ফলে প্রকল্পের উদ্দেশ্য ব্যাহত হতে পারে; এদের মধ্যে মহিলাদের শতকরা হার পুরুষের তুলনায় প্রায় দ্বিগুন বেশী (মহিলা-৩৩.৫% এবং পুরুষ-১৮.৬%)। অন্যদিকে প্রায় ১৭% অংশগ্রহণকারী মনে ল্যান্ডট্রিনির খুঁটি মজবুত না তাই দুর্ঘটনা ঘটতে পারে: এখান মহিলাদের শতকরা হার পুরুষের দ্বিগুনের তুলনায় বেশী (মহিলা-২৮.৫% এবং পুরুষ-১২.২%)। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, ১০.২% সুবিধাভোগী উত্তরদাতা মনে করে যে, সঠিক পরিচালনা বা ব্যবস্থাপনার অভাবে কার্যক্রম বন্ধ হয়ে যেতে পারে, অন্যদিকে ৭.৬% মনে করে রিং ভালো হয় নাই সুতরাং ভেঙ্গে যায় বা যেতে পারে।

সারণি-৪.৪৫: উপকারভোগীদের মতে এই প্রকল্পের ঝুঁকি/সমস্যা কি কি হতে পারে এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ					
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
সমস্যা সৃষ্টি হয়েছে বা হতে পারে						
ল্যান্ডট্রিনির খুঁটি মজবুত না তাই দুর্ঘটনা ঘটতে পারে	৫৭	২৮.৫	৬৭	১২.২	১২৪	১৬.৬
সঠিক পরিচালনা বা ব্যবস্থাপনার অভাবে কার্যক্রম বন্ধ হয়ে যেতে পারে	৬২	৩১.০	১৪৪	২৬.৩	২০৬	১০.২
একাধিক লোক একটি টিউবয়েল ব্যবহার করার ফলে নষ্ট হয়ে যায়	৩৫	১৭.০	১১০	২০.১	১৪৫	৭.৪
ঝড় বন্যা হলে ল্যান্ডট্রিনি ভেঙ্গে যেতে পারে	৬৭	৩৩.৫	১০২	১৮.৬	১৬৯	২২.৬
রিং ভেঙ্গে যায়	২৪	১২.০	৬৬	১২.১	৯০	৭.৬
মোট	২০০		৫৪৭		৭৪৭	

৪.৬ অন্যান্য বিষয়

এই উপ-অধ্যায়ে সংশ্লিষ্ট প্রকল্পের ফলে সুবিধাভোগী জনসাধারণের লাভ/ভালো হয়েছে কি না সে বিষয় নিয়ে আলোচনা করা হয়।

সিংহভাগ (৯৮.৮%) অংশগ্রহণকারী মনে করে সংশ্লিষ্ট প্রকল্পের ফলে এলাকার জনসাধারণের লাভ/ভালো হয়েছে; এদের ৯৭.৫% মহিলা এবং ৯৯.৩% পুরুষ। অন্যদিকে মাত্র ১.২% মনে করে এই প্রকল্পের ফলে সুবিধাভোগী জনসাধারণের কোন লাভ/ভালো হয়েছে হয় নাই।

সারণি-৪.৪৬: এই প্রকল্পের আওতায় এসে উপকারভোগীদের পরিবার লাভবান হয়েছে এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ					
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
লাভবান হয়েছে						
হ্যাঁ	১৯৫	৯৭.৫	৫৪৩	৯৯.৩	৭৩৮	৯৮.৮
না	৫	২.৫	৪	০.৭	৯	১.২
মোট	২০০	১০০	৫৪৭	১০০	৭৪৭	১০০

সারণি ৪.৪৭ বিশ্লেষণ করলে দেখা যায় যে প্রায় এক তৃতীয়াংশ (৩২.৭%) অংশগ্রহণকারী মনে করে সংশ্লিষ্ট প্রকল্পের ফলে এলাকার জনসাধারণ কম খরচে বিশুদ্ধ পানি এবং স্যানিটারী ল্যাট্রিন পাচ্ছে; এদের ২৬.৭% মহিলা এবং ৩৫.৩% পুরুষ। অন্যদিকে প্রায় ৩০% সুবিধাভোগী উত্তরদাতা মনে করে এই প্রকল্প তাদের এলাকায় বাস্তবায়নের ফলে পানি সংগ্রহের জন্য কম সময় লাগে; এদের মধ্যে মহিলাদের শতকরা হার পুরুষের তুলনায় বেশী (মহিলা- ৩৯.৫% এবং পুরুষ-২৬.৫%)। উপাত্ত থেকে দেখা যায় যে প্রায় ২১% অংশগ্রহণকারী বলছে যে বর্তমানে রোগ ব্যাধি ছড়ায় না। আলোচনায় আরো জানা যায় যে প্রায় ২৬% বলেছে বর্তমানে সবাই বিশুদ্ধ পানি পাচ্ছে, ২০% বলেছে দুর্ঘটনা কম হচ্ছে, ১৮% বলেছে খরা মৌসুমে খাবার পানির সমস্যা হয় না, ১৮% বলেছে সামাজিক উন্নয়ন হয়েছে।

সারণি-৪.৪৭: এই প্রকল্পের আওতায় এসে উপকারভোগীদের কি কি লাভ হয়েছে এর শতকরা হার বিন্যাস

নির্দেশক	লিঙ্গ				মোট	
	মহিলা		পুরুষ		মোট	
	সংখ্যা	%	সংখ্যা	%	সংখ্যা	%
লাভ হয়েছে						
সরকারী সাহায্য	৯২	৪৬.০	১২০	২১.৯	১১২	১৪.৯
আর্থিক খরচ কম	৫২	২৬.৭	১৯৩	৩৫.৩	২৪৫	৩২.৭
সময় কম লাগে	৭৮	৩৯.০	১৪৫	২৬.৫	২২৩	২৯.৮
রোগ ব্যাধি ছড়ায় না	৫১	২৬.২	১০৩	১৮.৮	১৫৪	২০.৬
স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন পাইছি	৫৪	৫২.০	৬৭	১২.২	১২১	১৬.২
সুস্থ থাকি	২৭	১৩.৫	৫২	৯.৫	৭৯	১০.৫
পরিবেশ ভালো থাকে	৬৬	৩৩.০	৫৯	১০.৭	১২৫	১৬.৭
দূরত্ব কমেছে	২৬	১৩.০	১১২	২০.৫	১৩৮	১৮.৪
খোলা/ঝুলমত্ন ল্যাট্রিন ব্যবহার করতে হয় না	২২	১১.৩	৫৫	১০.১	৭৭	১০.৩
সবাই বিশুদ্ধ পানি পাচ্ছে	৭৮	৩৯.৫	১১৫	২১.০	১৯৩	২৫.৮
সামাজিক উন্নয়ন হয়েছে	৪০	২০	৯৭	১৭.৭	১৩৭	১৮.৩
খরা মৌসুমে খাবার পানির সমস্যা হয় না	৩৯	১৯.৫	৯৮	১৭.৮	১৩৭	১৮.৩
স্বাস্থ্যের উন্নতি হয়েছে	৩২	১৬	৫৪	৯.৮	৮৬	১১.৫
স্বল্পমূল্যে টিউবয়েল পেয়েছি	২৮	১৪.০	৬৪	১১.৭	৯২	১২.৩
দুর্ঘটনা কম হয়	৫১	২৫.৫	৯৯	১৮.০	১৫০	২০.০
মোট	১৯৫		৫৪৩		৭৩৮	

পরামর্শক দলের প্রকল্প এলাকা সরেজমিনে পর্যবেক্ষণ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ে কর্মকর্তাদের সাথে নিবিড় আলোচনা, স্থানীয় পর্যায়ে এনজিও ও স্পন্সর এবং উদ্যোক্তাদের সাথে আলোচনা, দলীয় আলোচনা (এফজিডি) এবং স্থানীয় কর্মশালা থেকে প্রাপ্ত তথ্যের মাধ্যমে প্রকল্পের সবল ও দুর্বল দিক এবং সম্ভাবনা ও ঝুঁকিসমূহ নির্ণয় করা হয়েছে।

৪.৭ সুবিধাভোগীদের নিকট হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণঃ

২০ জন তথ্য সংগ্রহকারী ও ৪ জন সুপারভাইজার প্রকল্প এলাকার ৭৪৭ জন তথ্য প্রদানকারীর নিকট থেকে প্রস্তুতকৃত প্রশ্নমালা অনুযায়ী প্রকল্পের স্থাপনাগুলো থেকে পাওয়া তাদের সুবিধাদির এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সংক্রান্ত বিষয়ে তথ্য সংগ্রহ করেন। পাশাপাশি ৩৯ টি KII এর মাধ্যমে প্রকল্পটি সম্পর্কে আর্থ-সামাজিক প্রেক্ষাপটের আলোকে প্রস্তুতকৃত প্রশ্নমালা অনুযায়ী তথ্য সংগ্রহ করেন। সংগৃহীত তথ্য বিশ্লেষণে দেখা যায় প্রকল্পের মাধ্যমে নির্মিত স্থাপনাগুলোর ফলে সুবিধাভোগীদের বিশুদ্ধ খাবার পানির অভাব দূরীভূত হওয়ার পাশাপাশি পানিবাহিত রোগের সমস্যা অনেকটাই কমেছে। স্বল্প মূল্য ল্যাট্রিন নির্মাণের ফলে সুবিধাভোগীদের জীবন যাত্রার মান উন্নত হয়েছে, রোগ-বাল্যই এবং পরিবেশ দূষণ কমেছে।

দেশের দক্ষিণাঞ্চলে যেহেতু বিশুদ্ধ খাবার পানির সংকট প্রবল/অত্যধিক সেহেতু অনেকদূর থেকে খাবার পানি সংগ্রহ করতে সুবিধাভোগীদের অনেক কর্মঘন্টা অপচয় হতো। প্রকল্প থেকে প্রাপ্ত সুবিধার ফলে তাদের কর্মঘন্টার সাশ্রয় হয়েছে।

৩৩টি FGD এবং ১ টি আঞ্চলিক কর্মশালার মাধ্যমে প্রকল্পটির গুরুত্ব, প্রয়োজনীয়তা এবং প্রাপ্ত সুফল/সুবিধাদি সহ পরিবেশ দূষণ রোধ ও আর্থ সামাজিক উন্নয়নে প্রকল্প স্থাপনাগুলোর অবদান সম্পর্কিত বিষয়গুলো উঠে এসেছে। ফলে এই ধরনের প্রকল্প আরো সম্প্রসারিত হওয়ার ব্যাপারে জনমত লক্ষ্য করা গেছে।

প্রকল্প এলাকায় পরিচালিত ৩৩ টি FGD থেকে পাওয়া সুবিধাভোগীদের তথ্যের ভিত্তিতে এটা বলা যায় সুবিধাভোগীদের বিশুদ্ধ খাবার পানি অভাব দূর হওয়ার পাশাপাশি পানি বাহিত রোগের প্রাদুর্ভাব কমেছে। স্বল্প মূল্য ল্যাট্রিন দেওয়ার ফলে পরিবেশ দূষণ কমেছে। প্রকল্পের কাজে নিয়োজিত NGO প্রতিনিধি ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের কাছ থেকে পাওয়া প্রশিক্ষণের ফলে তাদের স্বাস্থ্য ও পরিবেশ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পাওয়ার পাশাপাশি স্থাপনাগুলো রক্ষণাবেক্ষণের ব্যাপারে তাদের দক্ষতা বৃদ্ধি পেয়েছে। স্বল্প মূল্য ল্যাট্রিনের জন্য প্রদেয় অর্থ আর একটু কম হলে হত দরিদ্র জনগনের জন্য সুবিধা হতো। এছাড়া KII থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে এটা প্রায় নিশ্চিত ভাবেই বলা যায় প্রকল্পটি গ্রহণের ফলে প্রকল্প এলাকার গ্রামাঞ্চলের মানুষের বিশুদ্ধ খাবার পানির সংকট দূর হয়েছে এবং পরিবেশ দূষণ কমেছে। তাদের অভিমত হলো প্রকল্পটির সম্প্রসারণ প্রয়োজন।

৪.৮ ফোকাস গ্রুপ সভা (FGD) থেকে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণঃ

গুণগত বিশ্লেষণের জন্য ৭টি বিভাগে ৩৩ টি জেলায় ৩৩ টি FGD করা হয়েছে। প্রত্যেক FGD -তে নূন্যতম ১০-১২ জন অংশগ্রহনকারী ছিল। FGD তে সরাসরি উপকারভোগী, জনপ্রতিনিধি, স্থানীয় সংগঠক, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, কৃষক, ব্যবসায়ী, শিক্ষক এবং এনজিও কর্মীরা উপস্থিত থাকায় প্রকল্পের সার্বিক দিকগুলোর বাস্তব ও বর্তমান চিত্র উঠে এসেছে। বিশ্লেষণের সুবিধার্থে আলোচ্য ফলাফলগুলো নিম্নে বর্ণনা করা হয়েছে।

প্রকল্পের প্রেক্ষাপট: প্রকল্প শুরুর পূর্বে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ও এনজিও কর্মীরা তাদেরকে বিশুদ্ধ খাবার পানি, স্বাস্থ্য সম্মত স্যানিটারি ল্যাট্রিন ব্যবহারের



ইতিবাচক ও নেতিবাচক ইত্যাদি বিষয়ে জন-সচেতনতামূলক সভা করে তাদেরকে সুবিধা গ্রহণ ও ব্যবহার সম্পর্কে অবহিত করেন। জনগণ এলাকার মেসারের মাধ্যমে জানতে পারেন তাদের এলাকায় এ ধরনের একটা

প্রকল্প আসছে যার মাধ্যমে অতি-দরিদ্র মানুষের মধ্যে কিছু টাকার বিনিময়ে বিশুদ্ধ পানি ও স্বাস্থ্য সম্মত স্যানিটারি ল্যাট্রিন তৈরী করে দেওয়া হবে। তারপর এলাকার চেয়ারম্যান ও মেম্বাররা মিলে ঠিক করে দেবেন কারা কারা এ সেবাটি পাবে। যারা প্রদেয় অর্থের বিনিময়ে এ সেবা নিতে ইচ্ছুক তাদের দেওয়া হবে। টিউবওয়েল দেওয়ার ক্ষেত্রে বলা হয় আশে পাশের আট-দশ বাড়ির সমন্বয় করে একটি টিউবওয়েল দেওয়া হয়। টিউবওয়েলের জন্য আট-দশ বাড়ি থেকে লিখিত অনুমতি পত্রে স্বাক্ষরের মাধ্যমে চেয়ারম্যানের নিকটে দাখিল করতে হবে। আর স্যানিটারী ল্যাট্রিন সেবার ক্ষেত্রে ১টি পরিবারের জন্য ১টি ল্যাট্রিন দেয়া হবে।

এলাকার সুবিধাভোগীরা কিভাবে সুবিধা পাচ্ছে

প্রকল্প এলাকার জনগণ কম মূল্যে স্যানিটারি ল্যাট্রিন ব্যবহার করতে পারছে ফলে পরিবেশ উন্নত হয়েছে। সুবিধাভোগীরা নিরাপদ পানি ব্যবহার করছে ফলে পানি বাহিত বিভিন্ন প্রকার রোগের প্রাদুর্ভাব কমে আসছে।

এই প্রকল্পের পূর্বের এবং পরের অবস্থা

এই প্রকল্পের আওতায় আসার পূর্বে এলাকার জনগণ আর্সেনিক, আয়রণ ও লবনাক্তযুক্ত দূষিত পানি ব্যবহার করতো। তাছাড়া এখানকার যেসব টিউবওয়েল ছিল তার বেশিরভাগ অগভীর এবং মানুষ অনেক দূর থেকে পানি সংগ্রহ করত। অতিদরিদ্র জনগণ ঝুলন্ত, খোলা এবং অস্বাস্থ্যকর ল্যাট্রিন ব্যবহার করত ফলে এলাকার পরিবেশ অপরিচ্ছন্ন ছিল এবং পানি বাহিত রোগের প্রাদুর্ভাব দেখা যেতো, বিশেষ করে শিশুরা পানি বাহিত রোগে বেশি আক্রান্ত হত। বর্তমানে পাইপড ও নন-পাইপড ওয়াটার স্কীমের ফলে সুবিধাভোগীরা কাছ থেকে নিরাপদ পানি সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবহার করতে পারছে। প্রয়োজন মতো বিশুদ্ধ খাবার পানি পান করতে পারছে। ফলে পানি বাহিত রোগের সংক্রমণ কমে আসছে। স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ব্যবহারের ফলে এলাকার পরিবেশ উন্নত হয়েছে।

৪.৯ মুখ্য ব্যক্তিদের সাক্ষাৎকার (KII) থেকে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণঃ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা, এনজিও প্রতিনিধি ও এলাকার গন্যমান্য ব্যক্তিদের সাথে KII পরিচালনা করা হয়। মুখ্য ব্যক্তিদের সাথে প্রকল্পের উদ্দেশ্য, ধারণা, প্রকল্প ব্যবস্থাপনা ও বাস্তবায়ন, প্রকল্পের প্রভাব, দুর্বল দিক, সবল দিক, ঝুঁকি, সুযোগ এবং টেকসই করার জন্য ভবিষ্যতে কি করা যায় এ বিষয়গুলো বিস্তারিত আলোচনা করা হয়।

আলোচনার মাধ্যমে জানা যায় যে এই প্রকল্পের একটি ভাল দিক ছিল স্যানিটারি ল্যাট্রিনের ক্ষেত্রে ৩টি টাইপ হতে যে কোন পরিবার তার আর্থিক সামর্থ অনুযায়ী যে কোন একটি টাইপ নিতে পারতো।

মালামাল ক্রয় এবং মূল্য সংক্রান্ত বিষয়গুলো রেজিস্ট্রারে লিপিবদ্ধ করে রাখা হয়েছে। EGP system মাধ্যমে টেন্ডার গ্রহণ, বাছাই এবং মূল্যায়ন করা হয়েছে ফলে সচ্ছতা ও জবাব দিহিতা নিশ্চিত হয়েছে। জনবল নিয়োগের ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে চুক্তির মাধ্যমে নিয়োগ দেয়া হয়েছে। সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিকরণের ক্ষেত্রে NGO কর্মীরা সার্বিক সহযোগিতা করেছে।

ডিপিপি প্রস্তুতের পূর্বে প্রকল্পের সম্ভাব্যতা নিয়ে সমীক্ষা হয়েছিল এবং তাতে Sensitivity Analysis এবং Cause -Effect Analysis ছিল। গুনগত মান নিয়ন্ত্রণের উদ্দেশ্যে নিজস্ব উদ্যোগে পরিবীক্ষণ ও মধ্য মেয়াদী মূল্যায়ন করা হয়েছিল। এর matrix/checklist/data instrument সবই আছে।

এ প্রজেক্টের payment system ভালো কারণ প্রয়োজনীয় অর্থ সঠিক সময়ে (নিয়ম মেনে) দেওয়া হয়েছে। Ward Action Plan অনেক কার্যকরী ভূমিকা পালন করেছে।

সরকারি-বেসরকারি অংশগ্রহণমূলক প্রকল্পের স্কীমগুলোতে স্পন্সর কর্তৃক প্রদেয় অর্থের পরিমাণ কম হওয়া উচিত। আলোচনার সময় তারা জানান যে এই প্রদেয় অর্থ ০-১০% এর বেশি হলে স্পন্সর পেতে সমস্যা হবে। এই প্রকল্পের ফলে মানুষের মধ্যে নিরাপদ পানি ব্যবহার ও স্যানিটারি টয়লেট ব্যবহারের প্রতি সচেতনতা বৃদ্ধি পেয়েছে। এলাকার অনেক মানুষের প্রয়োজনীয় চাহিদা পূরণ হয়েছে। এলাকার পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নত হয়েছে। এলাকার আবহাওয়া সুন্দর হয়েছে। কর্ম-সংস্থানের সৃষ্টি হয়েছে।

৪.১০ স্থানীয় কর্মশালা থেকে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণঃ

চাঁদপুর জেলার কচুয়া উপজেলার উত্তর গোহাট ইউনিয়নের হাশিমপুর গ্রামে স্থানীয় কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন আইএমইডির উপ-পরিচালক জনাব খলিল আহমেদ ও সহকারি পরিচালক জনাব মোঃ ফজলুর রহমান। কর্মশালায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন কচুয়া উপজেলা চেয়ারম্যান জনাব মোঃ শাহ জাহান। এছাড়া, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গসহ প্রকল্পের সুবিধাভোগী জনগণ কর্মশালায় উপস্থিত ছিলেন।

কর্মশালার শুরুতে পবিত্র কোরআনুল কারীম থেকে তেলওয়াত করা হয়। কর্মশালায় শুভেচ্ছা বক্তব্য উপস্থাপন করেন আইএমইডির সহকারি পরিচালক জনাব মোঃ ফজলুর রহমান। সহকারি পরিচালক প্রকল্পের বিভিন্ন দিক সম্পর্কে আলোচনা করেন।

কর্মশালায় আইএমইডির উপ-পরিচালক জনাব খলিল আহমেদ সংশ্লিষ্ট প্রকল্পের প্রেক্ষাপট তুলে ধরেন যেমন- এই প্রকল্পের সম্ভাব্যতা যাচাই, আর্সেনিক, আয়রণ ও লবনাক্ত এলাকা চিহ্নিত করে প্রকল্পের প্রস্তাবনা তৈরী, বিভিন্ন কাজের নকশা তৈরী, বিশ্ব ব্যাংকের সাথে বিভিন্ন সময় আলোচনা। তিনি আরো বলেন উক্ত প্রকল্পটি মাননীয় প্রধান মন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প যাহা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-৬ অর্জন করতে সহায়ক ভূমিকা পালন করবে। ফলে বাংলাদেশে আগামী ২০৩০ সালের মধ্যে শতভাগ জনসাধারণকে স্বাস্থ্য সম্মত স্যানিটারি ল্যাট্রিন ও নিরাপদ পানির আওতায় আনা সম্ভব হবে। তিনি সকলকে সঠিক নিয়মে স্থাপনাগুলোর ব্যবহার ও রক্ষণাবেক্ষণ এবং যারা পাইপড ওয়াটার স্কীমের আওতায় আছেন তারা যেন সঠিক সময়ে নির্ধারিত ট্যারিফ প্রদান করেন এই আহবান রেখে এবং সবাইকে ধন্যবাদ দিয়ে তার মূল্যবান বক্তব্য শেষ করেন।



স্থানীয় পর্যায়ে কর্মশালা
স্থানঃ কচুয়া, চাঁদপুর

কর্মশালার আলোচনা থেকে স্পষ্ট হয় এলাকার একজন মহান ব্যক্তি জনগণের সুবিধার্থে পাইপড ওয়াটার স্কীমের জন্য তার নিজস্ব জমি দান করেছেন। জমিদাতা নিজেও কর্মশালায় উপস্থিত ছিলেন এবং বলেন স্থাপনাটি এলাকার

জনগণের বিশুদ্ধ পানির অভাব পূরণ করবে। তিনি অনুরোধ করেন এলাকার প্রাইমারী স্কুল, কলেজ, মাদ্রাসা, মসজিদ ও অন্যান্য জনহিতকর প্রতিষ্ঠানে যেন বিনা মূল্যে পানি সরবরাহ করা হয়। কর্মশালায় উপস্থিত অন্যান্য সুবিধাভোগীগণ পাইপড ওয়াটার স্ক্রীমের সংযোগ মূল্য ১০০০ (এক হাজার) টাকা করার প্রস্তাব দেন। কচুয়া উপজেলা চেয়ারম্যান সাবসিডাইজড রেটে বিদ্যুৎ সরবরাহের জন্য সরকারের কাছে অনুরোধ করেন। উপকার ভোগীদের পক্ষ থেকে বলা হয় যেহেতু এলাকাটি আর্সেনিক প্রবণ সেহেতু স্থাপনাটির ফলে জনগণের বিশুদ্ধ খাবার পানির সমস্যা দূর হয়েছে। এছাড়াও স্বল্প মূল্যে ল্যান্ড্রিনগুলো স্থাপনের ফলে এলাকার পরিবেশের উন্নতি হয়েছে ও রোগ বালাই কমেছে। প্রকল্পটি সরকারের একটি মহতী উদ্যোগ বলে উপস্থিত সকলেই মতামত ব্যক্ত করেন।

৫ম অধ্যায়

প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যবেক্ষণ ও পর্যালোচনা

৫.০ ক্রয় কার্যক্রম পরিবীক্ষণ/দরপত্র ও ঠিকাদার নিয়োগ সংক্রান্ত তথ্য

প্রকল্পের আওতায় ক্রয় কার্যক্রম সেবার (Service) জন্য ১৬ টি, মালামালের (Goods) জন্য ৩২টি ও কাজের (Works) জন্য ৩০৯টি সহ মোট ৩৫৭ টি প্যাকেজের মাধ্যমে সম্পন্ন হয়েছে। দৈবচয়নের মাধ্যমে সব মিলিয়ে ৩৩% অর্থাৎ ১১৮টি নির্বাচিত প্যাকেজের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় প্যাকেজগুলোর ক্রয় কার্যক্রম PPR – 2008 এবং বিশ্ব ব্যাংকের গাইড লাইন অনুসরণ করে করা হয়েছে। নমুনা স্বরূপ সেবার জন্য ১ টি, মালামালের জন্য ৩ টি এবং কাজের জন্য ৩ টি সহ মোট ৭ টি প্যাকেজের ক্রয় কার্যক্রমের বিস্তারিত বর্ণনা নিম্নের সারণীগুলোতে ও সংযুক্তি-৪ এ দেখানো হল। প্রতিটি দরপত্র দলিলের শর্ত অনুযায়ী চুক্তিপত্র স্বাক্ষরের সময় ঠিকাদারের কার্য সম্পাদনের পরিকল্পনা (Work Plan) চুক্তিপত্রের সাথে সংযুক্ত করা হয়েছে।

ক্রয় কার্যক্রমের (সেবা, মালামাল ও কাজ) ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছে যেমন- বিধি ১৬(৫), ১৬ (৭) অনুযায়ী ক্রয় পরিকল্পনা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন ছিল, বিধি ৯০ (২ক) অনুযায়ী ১টি বাংলা ও একটি ইংরেজি পত্রিকায়/ ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল, QCBS/DPM পদ্ধতি অবলম্বনে পিপিআর ২০০৮ বিধি পালন হয়েছে, বিধি ৮ (১) অনুযায়ী মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা ছিল ৪-৬ জন, বিধি ৩৬ (৬) অনুযায়ী দরপত্র গ্রহণের প্রায় ১৫ দিন থেকে ৩.৫ মাসের মধ্যে মূল্যায়ন কাজ সম্পন্ন ও চুক্তি স্বাক্ষর করা হয়। প্রতিটি ক্রয় কার্যক্রমে প্রাক্কলিত মূল্যের চেয়ে কম মূল্যে চুক্তি সম্পাদন করা হয়। ক্রয় কার্যক্রমের বিভিন্ন দলিল, দস্তাবেজ পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করে বলা যায় যে ক্রয় কার্যক্রমের ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছে ফলে সচ্ছতা এবং জবাব দিহিতা নিশ্চিত হয়েছে।

৫.১ সেবা (Service)

প্যাকেজ নং	কাজের নাম	প্রকাশের মাধ্যম		দরপত্র জমার সংখ্যা		দরপত্র খোলার তাং	রেসপন সিড	নন-রেসপন সিড	মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা	উপস্থিত সদস্য সংখ্যা	প্রাক্কলিত মূল্য	সর্ব নিম্ন দরদাতা ও পরিমাণ	চুক্তি স্বাক্ষরের তাং	কাজের মেয়াদ	কাজের শেষের তারিখ
		পত্রিকা ও তাং	ওয়েবসাইট	মোট	শর্টলি ষ্টেট										
S-17	Technical Assistance (TA) for assessment, development of detailed design, development of service option and modality and preparation of water supply and sanitation (WSS) in 30 small towns of Bangladesh	Daily Star ৩/৫/১৫ Financial Express ৩/৫/১৫ ইন্ডেক্স ৪/৫/১৫ বাংলাদেশ প্রতিদিন ৪/৫/১৫	CPTU website 7 th June 2015 DPHE Website 03 May 2015	২১	৬	৯/৬/১৫	৪	১	৬ জন	৬ জন	১০,০০০০ ০০০.০০ টাকা	WAPCO S Limited India ৯,৯৯,০০০০০. ০০ টাকা	১৫/০৯/১ ৬	১৩ মাস	৬/১১/১৭

৫.২ মালামাল (Goods)

প্যাকেজ নং	কাজের নাম	প্রকাশের মাধ্যম		কোটেশন বিতরণ ও জমার সংখ্যা		দরপত্র খোলার তাং	রেসপনসিভ	নন-রেসপনসিভ	মূল্যায়ণ কমিটির সদস্য সংখ্যা	উপস্থিত সদস্য সংখ্যা	সর্বনিম্ন দরদাতা ও পরিমাণ	কার্যাদেশের তাং	কাজের শেষের তারিখ
		পত্রিকা	ওয়েবসাইট	বিতরণের সংখ্যা	জমার সংখ্যা								
GD-9	LAN & Internet	-	DPHE Website ১০/০৮/১৫	৮	৪	১৭/৮/১৫	৪	-	৫ জন	৪ জন	Drik ICT Ltd. ৪,৪৮,৪২০.০০	১৮/৮/১৫	১৭.৯.২০১৫
GD-33	Printing of Manuals	-	DPHE Website ২১/১/১৬	৬	৫	২৮/১/১৬	৫	-	৫ জন	৪ জন	M/S. F Printers & Suppliers ৪,৯৪,৩৫০.০০	৩১/১/১৬	২৮.০২.২০১৬
GD-32	Electric Goods and Materials	-	DPHE Website ৬/১০/১৫	৪	৪	১৩/১০/১৫	৩	-	৫ জন	৫ জন	M/S. Monalisa ৪,৯৮,৪৬৫.০০	২৯/১০/১৫	২৮.১১.২০১৫

৫.৩ কাজ (Works)

প্যাকেজ নং	কাজের নাম	প্রকাশের মাধ্যম		দরপত্র বিতরণ ও জমার সংখ্যা		দরপত্র খোলার তাং	রেসপনসিভ	নন-রেসপনসিভ	মূল্যায়ণ কমিটির সদস্য সংখ্যা	উপস্থিত সদস্য সংখ্যা	প্রাক্কলিত মূল্য	সর্ব নিম্ন দরদাতা ও পরিমাণ	কার্যাদেশের তাং	কাজের শেষের তারিখ
		পত্রিকা	ওয়েবসাইট	বিতরণের সংখ্যা	জমার সংখ্যা									
W-106	Piped Water Scheme at Nagarkanda, Faridpur	বাংলাদেশ প্রতিদিন ২৯/৭/১৫ আমাদের অর্থনীতি ২৭/৭/১৫ Daily Star ২৬/৭/১৫		৫	২	২০/৮/১৫	১	১	৫ জন	৫ জন	২,১১,৫২০৫৬.০০ টাকা	Nishad Traders ১,৪৭,৭৮,৪১২.০০	৮/১০/১৫	৭/১০/১৭
W-107	Piped Water Scheme at Harirumpur, Manikganj	বাংলাদেশ প্রতিদিন ২৯/৭/১৫ আমাদের অর্থনীতি ২৭/৭/১৫ Daily Star ২৬/৭/১৫		৪	২	২০/৮/১৫	২	০	৫ জন	৫ জন	১,৫৬,২৯,৮৮৪.০০ টাকা	M.H. Chowdhury Enterprise ১,০৯,২৪,৮৯৩.০০	৮/১০/১৫	৭/১০/১৭
W-573 ID-72546	Installation of 53 DTW #6, modified hand pump at Nabinagar and Koshba Upazila, B.Baria		CPT U	-	৮	Closing date ১৩/১১/১৬ & Opening Date ১৩/১১/১৬	৮	০	২ জন	২ জন	৪৪,৮৭,৪৭২.৭৪ টাকা	M/S Noor Enterprise ৩৪,৯৫,১৫৭.৮৯৯ (২২.১১৩%) Less	৩/১২/১৬	২/৯/১৭

সূত্র: প্রকল্প পরিচালকের অফিস।

নোটঃ আলফাডাঙ্গা, ফরিদপুর জেলায় পাইপড ওয়াটার স্কিমের জন্য আগ্রহী স্পন্সরের সংখ্যা খুবই কম সেহেতু মাত্র ১জন দরপত্র দাতার দরপত্র রেসপনসিভ হওয়া সত্ত্বেও তাকেই কাজ দেওয়া হয়েছে।

৬ষ্ঠ অধ্যায়

মাঠ পর্যায়ে প্রকল্প এলাকা পরিদর্শন এবং নির্মাণ কাজের পরিমাণ ও গুণগতমান পর্যবেক্ষণ।

প্রকল্পের অন্তর্ভুক্ত স্থাপনাগুলোর পরিমাণ ও গুণগতমান দেখার জন্য কিছু নির্বাচিত ইউনিট সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ব্যবহৃত মালামালের ল্যাব টেস্ট রেজাল্ট সমূহ পরীক্ষা করে দেখা হয়েছে। ফরিদপুর সদরে চর কমলাপুর থেকে টিউবওয়েল (AIRP) এর পানির ১ টা নমুনা, ফরিদপুর আলফাডাঙ্গা উপজেলার হেলেঞ্চা থেকে পাইপড ওয়াটার স্কীমের ১টা পানির নমুনা এবং চট্রগ্রামের মিরসরাই উপজেলার খৈয়াচরা গ্রামের ডাগ ওয়েল (Dug Well) ইউনিটের ১টা পানির নমুনাসহ মোট তিনটি নমুনা ল্যাব টেস্ট করা হয়েছে। মাঠ পর্যায় থেকে সংগৃহীত মালামালের ল্যাব টেস্ট ও পানির ল্যাব টেস্ট রেজাল্টসমূহ এ অধ্যায়ে সন্নিবেশিত হল।

৬.১ পরিদর্শনের তারিখ, স্থান ও স্থাপনার বিবরণ

ক্রমিক নম্বর	তারিখ	স্থানের নাম	স্থাপনার নাম	মন্তব্য
১.	২৯/৩/২০১৭	গদখালী, ঝিকরগাছা, যশোর	পাইপড ওয়াটার স্কীম	স্কীমটির ওভারহেড ট্যাংকের ফিনিশিংয়ের কাজ চলছে। বৈদ্যতিক সংযোগ দেয়া হয়েছে। ২টি টিউবওয়েলের কাজ শেষ হয়েছে, এদের গভীরতা যথাক্রমে ৭১৩ ফিট ও ৭২০ ফিট। ৭.৪৫ কিঃমিঃ পাইপ লাইন বসানো শেষ হয়েছে। ৩৫৩টি ওয়াটার পয়েন্টে/ সুবিধাভোগীদের পানি সরবরাহ করা হচ্ছে। সংযোগ ফি বাবদ প্রতিটিতে ১৫০০ টাকা এবং মাসিক পানির বিল বাবদ ১৮০ টাকা নেয়া হচ্ছে। পাম্প থেকে সরাসরি পানির সাপ্লাই দেয়া হচ্ছে। ওভারহেড ট্যাংকের কেপাসিটি ৮০,০০০ লিটার।
২.	২৫/৪/২০১৭	ফরিদপুর সদর	স্বল্প মূল্য ল্যাট্রিন, টিউবওয়েল	স্বল্প মূল্য ল্যাট্রিন ও AIRP সহ টিউবওয়েলের কাজ মোটামোটি ডিজাইন-ড্রয়িং মোতাবেক হয়েছে। তবে AIRP টিউবওয়েলের ফিল্টার চেম্বারের উপরের ঢাকনার মাপ একটু ছোট হয়েছে।
৩.	২৫/৪/২০১৭	আলফাডাঙ্গা, ফরিদপুর	পাইপড ওয়াটার স্কীম	স্কীমটির ওভারহেড ট্যাংকের ফিনিশিংসহ কাজ শেষ হয়েছে। ২টি টিউবওয়েলের গভীরতা যথাক্রমে ১১৮.৯০ মিটার ও ১০৬.২৬ মিটার। বৈদ্যতিক সংযোগ দেয়া হয়েছে। ১১ কিঃমিঃ পাইপ লাইন বসানো শেষ হয়েছে। অফিসিয়ালি এখনও হ্যান্ড ওভার করা হয়নি। মাত্র ৫০ টি ওয়াটার পয়েন্টে পানি সরবরাহের সংযোগ দেয়া হয়েছে কিন্তু আর গ্রাহক পাওয়া যাচ্ছেনা। সংযোগ ফি বাবদ প্রতিটিতে ২৫০০ টাকা নেয়া হয়েছে। স্থাপনাটির ওয়াশিং চলছে। পানি সাপ্লাই দেওয়া এখনও শুরু হয়নি। ওভার ট্যাংকের কেপাসিটি ১,০০,০০০ লিটার। প্রকল্পটিতে গ্রাহক না গেলে অথবা গ্রাহক পেতে দেরি হলে স্পন্সরের পক্ষে কার্যক্রম চলমান রাখা বেশ কষ্ট হবে।
৪.	২৬/৪/২০১৭	মোল্লাহাট, বাগেরহাট	টিউবওয়েল	টিউবওয়েলগুলো বসানের কাজ ডিজাইন-ড্রয়িং মোতাবেক হয়েছে। তবে কোন কোন টিউবওয়েলের রং নষ্ট হয়ে গেছে।
৫.	২৬/৪/২০১৭	চিতলমারী, বাগেরহাট	স্বল্প মূল্য ল্যাট্রিন, PSF (Pond Sand Filter), Rain Water Harvesting	স্থাপনাগুলোর নির্মাণকাজ ডিজাইন-ড্রয়িং মোতাবেক সম্পন্ন হয়েছে। রেইন ওয়াটার হারভেস্টিং এর স্টোরেজ ট্যাংকটির ক্যাপাসিটি ৩০০০ লিটার। স্টোরেজ ট্যাংকটি সার্কুলার ভিতের উপর বসানো হয়েছে।

৬.	২৭/৪/২০১৭	তালা, সাতক্ষীরা	Rain Water Harvesting	ওয়াটার হারভেস্টিংয়ের এরিয়া (টিনের চালা) তুলনামূলকভাবে কম। ওয়াটার স্টোরেজ ট্যাংকগুলো ক্রস ভিতের উপর বসানো। ফলে ট্যাংকগুলো পাশের দিকে চূপসে (Deformed) গেছে। এবং ঘড়ের চালার দৈর্ঘ্য ও প্রস্থ ছোট হওয়ায় যে পরিমান পানি (বর্ষাকালে) সংগ্রহ করা সম্ভব তা দিয়ে পানির চাহিদা পূরণ করা সম্ভব হবে না।
৭.	৩/৫/২০১৭	মিরসরাই, চট্টগ্রাম	Dug well Sand Filter	ডাগ ওয়েলগুলোর গভীরতা ২৫ ফিট থেকে ২৭ ফিট পর্যন্ত। উপরের স্লাবের ২টা অংশ ঠিকমত নির্মাণ ও বসানো হয়নি। ভিতরের নামার রিংগুলো কম DIA-র এমএস বার দিয়ে করা হয়েছে।
৮.	৭/৫/২০১৭	হাসিমপুর, গোহাট, কচুয়া, চাঁদপুর	পাইপড ওয়াটার স্কীম	কাজ ডিজাইন-ড্রয়িং মোতাবেক সম্পন্ন হয়েছে। পাইপ লাইন বসানো শেষ হয়েছে, বৈদ্যুতিক সংযোগ হয়নি। সংযোগ ফি ৩০০০.০০ থেকে ৩৫০০.০০ টাকা নেওয়া হয়েছে। ওয়াটার পয়েন্টের সংযোগের কাজ চলছে।

৬.২ স্থাপনাগুলো পরিদর্শনের চিত্র



স্থানঃ গদখালী, ঝিকরগাছা, যশোর
স্থাপনাঃ পাইপড ওয়াটার স্কীম



ফরিদপুর টিউবওয়েল with (AIRP)



স্থানঃ মোল্লাহাট, বাগেরহাট
স্থাপনাঃ টিউবওয়েল



স্থানঃ মিরসরাই, চট্টগ্রাম
স্থাপনাঃ রিংওয়েল স্যান্ড ফিল্টার



স্থানঃ ফরিদপুর সদর, ফরিদপুর
স্থাপনাঃ AIRP সহ টিউবওয়েল



স্থানঃ ফরিদপুর সদর, ফরিদপুর
স্থাপনাঃ লো-কস্ট ল্যান্ড্রিন




স্থানঃ আলফাডাঙ্গা, ফরিদপুর
স্থাপনাঃ পাইপড ওয়াটার স্কীমের ওভারহেড



স্থানঃ ফরিদপুর সদর, ফরিদপুর
স্থাপনাঃ AIRP সহ টিউবওয়েল



স্থানঃ চিতলমারী, বাগেরহাট
স্থাপনাঃ রেইন ওয়াটার হারভেস্টিং



স্থানঃ সাতক্ষিরার তালা উপজেলায় মাগুরা গ্রাম, স্থাপনাঃ রেইন ওয়াটার হারভেস্টিং



স্থানঃ সাতক্ষিরার তালা উপজেলায় মাগুরা গ্রাম, স্থাপনাঃ রেইন ওয়াটার হারভেস্টিং



স্থানঃ চিতলমারী, বাগেরহাট, স্থাপনাঃ পল্ড স্যান্ড ফিল্টার



ঢাকনা ছোট AIRP টিউবওয়েল, ফরিদপুর সদর

৬.৩ ল্যাব টেস্ট রেজাল্টসমূহ

প্রকল্প স্থাপনাগুলো থেকে সংগৃহীত ৩টি পানির নমুনার ল্যাব টেস্ট ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের স্থানীয় অফিস কর্তৃক করানো ব্যবহৃত অন্যান্য মেটেরিয়ালের জন্য মোট ৭টি ল্যাব টেস্ট রেজাল্টসহ মোট ১০টি ল্যাব টেস্ট রেজাল্ট এই অধ্যায়ে সন্নিবেশিত হলো।

৩৭টির মধ্যে ৪টি পাইপড ওয়াটার স্কীমের এমএস রডের ল্যাব টেস্টের ফলাফল সমূহকে বিশ্লেষণ করে দেখা যায় যে প্রত্যেকটি এমএস রডের ব্যাস যেমন- ২০ এমএম, ১৬ এমএম, ১২ এমএম, ১০ এমএম, ৮ এমএম রডের এর ফলাফল ভালো। সুতরং বলা যায় যে পাইপড ওয়াটার স্কীমে ব্যবহৃত এমএস বার এর গুণগত মান সঠিক ছিল।

এমএস রডের জন্য করানো টেস্ট রেজাল্ট

স্থাপনার নাম	বিভিন্ন ব্যাসের এমএস রড (M.S Rod)	Performed by	তারিখ	প্রাপ্ত গড় ফলাফল Yield Strength (YS)	প্রাপ্ত গড় Tensile Strength (TS)	মন্তব্য
পাইপড	২০ এমএম	বুয়েট (BUET)	৩০.১১.১৫	৮২,০০০ পিএসআই	৯৬,০০০ পিএসআই	ভাল
ওয়াটার	১৬ এমএম	বুয়েট (BUET)	৩০.১১.১৫	৮৪,০০০ পিএসআই	৯৮,৫০০ পিএসআই	ভাল
স্কীম, উত্তর	১২ এমএম	বুয়েট (BUET)	৩০.১১.১৫	৭১,৫০০ পিএসআই	৮৬,৫০০ পিএসআই	ভাল
গোহাট,	১০ এমএম	বুয়েট (BUET)	৩০.১১.১৫	৮১,০০০ পিএসআই	৯৪,০০০ পিএসআই	ভাল
কচুয়া	৮ এমএম	বুয়েট (BUET)	৩০.১১.১৫	৮০,৫০০ পিএসআই	৯৫,৫০০ পিএসআই	ভাল
চাঁদপুর						
পাইপড	১৬ এমএম	বুয়েট (BUET)	৫.৯.২০১৬	৮০,৫০০ পিএসআই	১০,৩০০০ পিএসআই	ভাল
ওয়াটার	১০ এমএম	বুয়েট (BUET)	৫.৯.২০১৬	৯২,০০০ পিএসআই	১০,৬০০০ পিএসআই	ভাল
স্কীম,	৮ এমএম	বুয়েট (BUET)	৫.৯.২০১৬	৮৩,৫০০ পিএসআই	১০১,২৫৮ পিএসআই	ভাল
নাঃগঞ্জ						
জেলা						

নিম্নের ছকের ২টি পাইপড ওয়াটার স্কীমের কনক্রিট এর জন্য করানো ল্যাব টেস্টের ফলাফল সমূহকে বিশ্লেষণ করে দেখা যায় যে প্রত্যেকটির গড় ফলাফল (পিএসআই) স্পেসিফিকেশন অনুযায়ী প্রয়োজনীয় পিএসআই এর চেয়ে তুলনামূলক বেশি। সুতরং বলা যায় যে পাইপড ওয়াটার স্কীমে ব্যবহৃত কনক্রিটের গুণগত মান সঠিক ছিল।

কনক্রিটের জন্য করানো টেস্ট রেজাল্ট

স্থাপনার নাম	কনক্রিটের কমপ্রেসিভ স্ট্রেন্থ	Performed by	তারিখ	প্রাপ্ত গড় ফলাফল	স্পেসিফিকেশন অনুযায়ী প্রয়োজন	মন্তব্য
পাইপড ওয়াটার স্কীম, হারুকান্দি, হরিরামপুর, মানিকগঞ্জ (পাইল)	সিলিন্ডার টেস্ট (২৮ দিন)	বুয়েট (BUET)	১০.৮.২০১৬	৩৯০৪ পিএসআই	৩৫০০ পিএসআই	ভাল
পাইপড ওয়াটার স্কীম, আগলা, নবাবগঞ্জ, ঢাকা (কলাম)	সিলিন্ডার টেস্ট (৭ দিন)	বুয়েট (BUET)	২৫.১১.২০১৫	৩৯০০ পিএসআই	২৪৫০ পিএসআই	ভাল

৩টি পাইপড ওয়াটার স্কীমের ইউপিভিসি পাইপের জন্য করানো টেস্ট রেজাল্টের ফলাফল সমূহকে বিশ্লেষণ করে দেখা যায় যে প্রত্যেকটি ইউপিভিসি পাইপের ব্যাস, প্রয়োগকৃত চাপ এর পর্যবেক্ষণ এর ফলাফল ভালো। সুতরং বলা যায় যে পাইপড ওয়াটার স্কীমে ব্যবহৃত ইউপিভিসি পাইপের গুণগত মান সঠিক ছিল।

ইউপিভিসি পাইপের জন্য করানো টেস্ট রেজাল্ট

স্থাপনার নাম	টেস্টের নাম	Performed by	তারিখ	পাইপের ব্যাস	প্রয়োগকৃত চাপ (Applied Pressure)	পর্যবেক্ষণ	মন্তব্য
পাইপড ওয়াটার স্কীম, চাঁদপুর জেলা	শর্টট্রাম হাইড্রোস্ট্যাটিক প্রেসার টেস্ট	বুয়েট (BUET)	১৪.০৯.১৫	১৫০ এমএম	৭৮০ পিএসআই	কোন চিহ্ন নাই	ভাল
				২৫০ এমএম	৭৮০ পিএসআই	কোন চিহ্ন নাই	ভাল
পাইপড ওয়াটার স্কীম, চাঁদপুর জেলা	রেজিজটেন্স টু এসিটোন টেস্ট	বুয়েট (BUET)	১৪.০৯.১৫	১৫০ এমএম	--	কোন ডিজইন্ড্রিগেশন দেখা যায় নাই	ভাল
				২৫০ এমএম	--	কোন ডিজইন্ড্রিগেশন দেখা যায় নাই	ভাল
পাইপড ওয়াটার স্কীম, চাঁদপুর জেলা	ইমপ্যাক্ট টেস্ট	বুয়েট (BUET)	১৪.০৯.১৫	১৫০ এমএম	--	১৪ বার আঘাতে ভাঙেনি	ভাল
				২৫০ এমএম	--	১৪ বার আঘাতে ভাঙেনি	ভাল

গ্রামীণ পাইপড ওয়াটার ও নন-পাইপড পানির গুণগত মান নির্ণয়ের জন্য প্রকল্প এলাকা হতে ৩টি স্থাপনার পানি সংগ্রহ করে পরীক্ষাগারে টেস্ট করানো হয়। টেস্টের ফলাফল সমূহ নিম্নের ছকে দেওয়া হল। ফলাফল বিশ্লেষণ করে দেখা যায় যে ফরিদপুর সদর (AIRP) থেকে সংগৃহীত পানির আর্সেনিক ও আয়রণের মাত্রা যথাক্রমে ০.০০৩ এবং ০.০৮/ এমজি/লিটার কিন্তু বাংলাদেশে আর্সেনিক ও আয়রণের সহনীয় মাত্রা যথাক্রমে ০.০৫ এবং ০.৩-১ এমজি/লিটার। কিন্তু ফরিদপুরের আলফাডাঙ্গা উপজেলার পাইপড ওয়াটার স্কীমের আর্সেনিকের পরিমাণ সহনীয় মাত্রার চেয়ে একটু বেশি (নমুনা সংগ্রহ করার সময় টিউবওয়ালের ওয়াশিং চলছিল) ও আয়রণের পরিমাণ সহনীয় মাত্রার চেয়ে কম। চট্রগ্রাম মিরসরাই থেকে সংগ্রহীত ডাগ

ওয়েলের আর্সেনিক ও আয়রণের পরিমাণ সহনীয় মাত্রার অনেক কম। অতএব বলা যায় যে ৩ টি নমুনার পানি আর্সেনিক ও আয়রণের পরিমাণ সহনীয় মাত্রার চেয়ে কম হওয়ায় ব্যবহার ও পানযোগ্য।

মাঠ পর্যায়ের ৩টি স্থাপনা থেকে সংগৃহীত পানির ৩টি টেস্ট রেজাল্ট

স্থাপনার নাম	টেস্টের নাম	Performed by	তারিখ	প্রাপ্ত ফলাফল mg/litre	সহনীয়মাত্রা (বাংলাদেশ) mg/litre	মন্তব্য
চর কমলাপুর, ফরিদপুর সদর (টিউবওয়েল)	আর্সেনিক	ডিপিএইচই সেন্ট্রারাল ল্যাব	২১.০৫.২০১৭	০.০০৩	০.০৫	ভাল
	আয়রণ	ডিপিএইচই সেন্ট্রারাল ল্যাব	২১.০৫.২০১৭	০.০৮	০.৩-১	ভাল
আলফাডাঙ্গা, ফরিদপুর (পাইপড ওয়াটার)	আর্সেনিক	ডিপিএইচই সেন্ট্রারাল ল্যাব	২১.০৫.২০১৭	০.০৬৭	০.০৫	** আর্সেনিকের মাত্রা একটু বেশি
	আয়রণ	ডিপিএইচই সেন্ট্রারাল ল্যাব	২১.০৫.২০১৭	০.০৫	০.৩-১	ভাল
মির সরাই, চট্টগ্রাম (ডাগ ওয়েল)	আর্সেনিক	ডিপিএইচই সেন্ট্রারাল ল্যাব	২১.০৫.২০১৭	০.০০১	০.০৫	ভাল
	আয়রণ	ডিপিএইচই সেন্ট্রারাল ল্যাব	২১.০৫.২০১৭	০.০৯	০.৩-১	ভাল

**** আলফাডাঙ্গা পাইপড ওয়াটার স্কিমের পানির নমুনা যখন সংগ্রহ করা হয় তখন টিউবওয়েলের ওয়াশিং চলছিল। স্থানীয় জনস্বাস্থ্য প্রকৌশল আলফাডাঙ্গা অফিসের পানির নমুনা টেস্ট রেজাল্টে দেখা যায় আর্সেনিকের পরিমাণ সহনীয় মাত্রার নিচে আছে যেমন- ০.০০১৯২।**

৭ম অধ্যায়

পর্যবেক্ষণ সংক্রান্ত তথ্যাদি (Major Findings)

প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শন ও বাস্তবায়ন সংক্রান্ত দলিল পত্রাদি নিবিড়ভাবে পর্যবেক্ষণ ও পর্যালোচনা করে দেখা হয়েছে। প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত সমস্যার কথা বলতে গেলে প্রথমে বলতে হয় প্রকল্পটির প্রকৃত বাস্তবায়নের কাজ শুরু করতে বিলম্ব হয়। অর্থাৎ তেমন বিলম্ব হয় নাই। কার্য সংগ্রহের ক্ষেত্রে কোন কোন ক্ষেত্রে বিলম্ব হয়েছে। ব্যবস্থাপনায় দক্ষতা পরিলক্ষিত হয়েছে। প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধির প্রসঙ্গগুলো এখনও আসে নাই। পরিদর্শন পর্যবেক্ষণ ও পর্যালোচনার সার-সংক্ষেপ নিম্নে তুলে ধরা হলো।

৭.১ প্রকল্প কাজের অগ্রগতিঃ

(ক) মূল প্রকল্পটি ১৯/০৬/২০১২ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। ০৮/০৩/২০১৬ তারিখে একনেক সভায় প্রকল্পের ১ম সংশোধন অনুমোদিত হয়। পাইপড ওয়াটার স্কিমের গদখালী, ঝিকরগাছা-যশোরের জন্য প্রথম Contract Agreement করা হয় ৩০/০১/২০১৪ তারিখে অর্থাৎ প্রায় দেড় বছর সময় পরে। Tube-well এর জন্য প্রথম Contract Agreement স্বাক্ষরিত হয় ৩১/০৩/২০১৫ তারিখে। স্বল্প মূল্য ল্যাট্রিনের কাজ শুরু হয় ২০১৫ সালের মে মাসে। প্রকল্পের সম্ভাব্যতা যাচাই, ড্রইং-ডিজাইন, পাইপড ওয়াটার স্কিমের স্পন্সর পেতে বিলম্ব হওয়া, স্থাপনাগুলোর স্থান ও গ্রাহক নির্বাচন ও অন্যান্য সকল প্রক্রিয়া শেষ করে নির্মাণ কাজ শুরু করতে অনেক সময় লেগেছে।

৭.২ সাধারণ পর্যবেক্ষণঃ

(ক) প্রকল্প স্থাপনাগুলো নির্মাণের পাশাপাশি মোটিভেশনাল কার্যক্রম চালানো হয়েছে। প্রকল্প এলাকার জনগণকে বিভিন্ন বিষয়ে যেমন- বিশুদ্ধ পানি, স্বাস্থ্য সম্মত স্যানিটারি ল্যাট্রিনের উপকারিতা ও অপকারিতা ইত্যাদি বিষয়ে অবহিত করা হয়েছে। ফলে জনগণের মধ্যে ল্যাট্রিন ও নন-পাইপড ওয়াটারের বিভিন্ন অপশনগুলোর বিষয়ে সচেতনতা বৃদ্ধি পেয়েছে। জনগণের মধ্যে প্রকল্পটি সম্প্রসারণের ব্যাপারে বিপুল উৎসাহ দেখা গেছে।

(খ) স্পন্সরের অংশগ্রহণে (Financial) পাইপড ওয়াটার স্কিমের স্থাপনাগুলো বাস্তবায়নের কৌশলটি ছিল সরকারি-বেসরকারি অংশগ্রহণমূলক (PPP)। আমাদের দেশের জন্য এটা নতুন উদ্যোগ। তবে আমাদের দেশের প্রেক্ষাপট বিবেচনায় স্পন্সরের আর্থিক পার্টিসিপেশনের পরিমাণ আরও কম হলে ভাল হতো। ক্ষেত্র ও স্থান বিশেষে গ্রামাঞ্চলের জনগণের বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য এ জাতীয় স্কিমগুলো খুবই উপযোগী। যদি দূরবর্তী আর্সেনিক, আয়রন ও লবনমুক্ত এলাকায় পাম্প ও ওভারহেড ট্যাংক নির্মাণ করে পাইপ লাইনের মাধ্যমে আর্সেনিক, আয়রন ও লবনাক্ততা প্রবণ এলাকায় জনগণকে বিশুদ্ধ খাবার পানি সরবরাহের ব্যবস্থা করা যায় তাহলে দক্ষিণাঞ্চলে জনগণের বিশুদ্ধ খাবার পানির অভাব অনেকটাই দূর হবে।

(গ) দক্ষিণাঞ্চলের উপকূলীয় এলাকায় যেখানে অন্য কোন অপশন উপযোগী নয় সেখানে রেইন ওয়াটার হারভেস্টিং এর অপশনগুলো বেশ কার্যকর।

(ঘ) লো-কস্ট ল্যাট্রিনগুলো অতি দরিদ্র জনগণের স্বাস্থ্য সম্মত জীবন যাপন ও পরিবেশ উন্নয়নে বেশ সহায়ক। ল্যাট্রিনগুলোর ব্যাপক চাহিদা রয়েছে।

৭.৩ পূর্ত কাজ সম্পর্কিত ফলাফলঃ

(ক) AIRP সহকারে টিউবওয়েলের ফিল্টার চেম্বারগুলোর উপরে দেওয়া ঢাকনাগুলোর মাপ কোন কোন ক্ষেত্রে ফিল্টার চেম্বারের তুলনায় ছোট হয়েছে। ফলে পানিতে ময়লা ঢুকানো সম্ভাবনা রয়ে গেছে। এছাড়া Airing এর জন্য পরপর উপর-নীচে বসানো ছিদ্রযুক্ত ট্রে ৩টি Flat bar এর উপর বসানো হয়েছে। এগুলো সবসময় পানির সংস্পর্শে থাকে এবং ইতোমধ্যেই মরিচা ধরা শুরু হয়েছে যা ভবিষ্যতে নষ্ট হয়ে গেলে প্রতিস্থাপন করা বেশ দুরূহ হবে।

(খ) কম মূল্য ল্যান্ড্রিনের জন্য টাইপ-১, টাইপ-২, টাইপ-৩ ও মডিফাইড টাইপসহ মোট ৪ ধরনের ল্যান্ড্রিন করা হয়েছে যোগুলোর প্রাক্কলিত ব্যয় যথাক্রমে ৬৮২৮, ৭৫৪৮ ও ৯০০০ টাকা। টাইপ অনুযায়ী গ্রাহকদের জন্য প্রদেয় অর্থ যথাক্রমে ১৮২৮, ২৫৪৮ ও ৪০০০ টাকা।

গ) কম মূল্য ল্যান্ড্রিন টাইপ-১ এর চারপাশের বেড়া বাঁশের চাটাই দিয়ে দেওয়ার কথা (অনুমোদিত নকশা অনুসারে)। কোন কোন এলাকায় বাঁশের চাটাই পাওয়া দুষ্কর ছিল। অন্যদিকে বাঁশের চাটাই রৌদ্র ও বৃষ্টির জন্য মোটেই সহনশীল নয়। সুতরাং বাস্তবে কম দামী ডেউটিন দিয়ে করা হয়েছে।

ঘ) কম মূল্য ল্যান্ড্রিনগুলোর ভিতরের জায়গা ৩৪" X ৩৪" যা খুবই কম। ফলে ভিতরে একটা পানির বালতি/পাত্র রেখে একজন মানুষের পক্ষে স্বাভাবিক ভাবে এই সকল ল্যান্ড্রিন ব্যবহার করতে কষ্টকর হয়।

ঙ) ল্যান্ড্রিনগুলোর স্লাব সরাসরি মাটির উপর বসিয়ে দেওয়া হয়েছে। অধিক বৃষ্টিপাতে নীচের মাটি সরে গেলে পুরো ল্যান্ড্রিনটি ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে।

চ) টিউবওয়েলগুলো ভালভাবে রং করে দেওয়ার কথা থাকলেও অল্প সময়ের মধ্যেই কোন কোন টিউবওয়েলের রং নষ্ট হয়ে গেছে।

ছ) টিউবওয়েলগুলো কমিউনিটি (৮-১০ টি পরিবার) ভিত্তিক দেওয়ার কথা থাকলেও কোন কোন ক্ষেত্রে একক মালিকানায়ও দেওয়া হয়েছে।

জ) রেইন ওয়াটার হারভেস্টিং ইউনিটগুলোর ওয়াটার ট্যাংকের ভিতগুলো দুরকমের দেখা গেছে যেমন বাগের হাটের চিতলমারী উপজেলায় সার্কুলার ভিত। কিন্তু সাতক্ষীরার তালা উপজেলায় ক্রস ভিত। সার্কুলার ভিতের উপর বসানো ট্যাংক ঠিক আছে, কিন্তু ক্রস ভিতের উপর বসানো ট্যাংকগুলো পাশের দিকে চুপসে (Deformed) গেছে।

ঝ) সাতক্ষীরার জেলার তালা উপজেলায় মাগুরা গ্রামে রেইন ওয়াটার হারভেস্টিং করার দুইটি স্থাপনার হারভেস্টিং এরিয়ার (ঘরের চালা) পরিমাপ তুলনামূলকভাবে কম হয়েছে। ফলে বৃষ্টিপাতের সময় সংগৃহীত পানির পরিমাণ প্রয়োজনের তুলনায় খুব কম সংগ্রহ করা যাবে।

ঞ) হস্তান্তর পরবর্তী অল্প সময়ের ব্যবধানে কিছু কিছু স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে যেমন- সাতক্ষীরার তালা উপজেলার মাগুরা গ্রামের রেইন ওয়াটার হারভেস্টিং ইউনিট বা স্থাপনা।

ট) চট্টগ্রামের জেলার মিরসরাই উপজেলার খৈয়াছড়া ইউনিয়নে উত্তর আম বাড়িয়া গ্রামে নির্মিত ডাগ ওয়েলের উপরের স্লাব ডিজাইন মোতাবেক নির্মিত ও লাগানো হয়নি। ফলে স্লাবের দুইটি অংশ সরে গেলে পুনরায় নতুন করে ফাঁকা অংশে জোড়া দিতে হবে। ডাগ ওয়েলের ভিতরে নামার জন্য রিংগুলো (Ladder) নিম্নমানের হয়েছে। ফলে প্রয়োজনে ভিতরে নামতে গেলে ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা বেশি।

ঠ) ৩৭টি পাইপড ওয়াটারের মধ্যে ৫টি স্কিমের Over head tank অংশটি বাদ দেয়া হয়েছে এবং সংশ্লিষ্ট ৫টি পাইপড-ওয়াটার স্কিমগুলোর জন্য সরাসরি পাম্প থেকে গ্রাহকদেরকে পানি সরবরাহ করা হবে।

৮ম অধ্যায়

SWOT বিশ্লেষণ

প্রকল্পের সবল দিক (Strength), দুর্বল দিক (Weakness), সুযোগ (Opportunity) এবং ঝুঁকি (Threat) পর্যালোচনা।

৮.১ প্রকল্পের সবল (Strength) বা ইতিবাচক দিক সমূহঃ

(ক) প্রত্যন্ত গ্রামাঞ্চলের জনগোষ্ঠীকে আর্সেনিক, আয়রণ ও লবণ মুক্ত বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করাই যেহেতু প্রকল্পটির অন্যতম লক্ষ্য সেহেতু আর্সেনিক, আয়রণ ও লবনাক্ততা প্রবণ এলাকা সমূহ চিহ্নিত করে বিশেষ বিশেষ এলাকার জন্য বিশেষভাবে উপযোগী পানি সরবরাহের Option গুলো নির্বাচন করা প্রকল্পটির সবল দিক। প্রকল্পটি গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) এর ৬নং লক্ষ্যমাত্রা (সকলের জন্য বিশুদ্ধ পানি সরবরাহ করা ও স্বাস্থ্য সম্মত পয়ঃনিষ্কাশন এর ব্যবস্থা করা) অর্জনের ক্ষেত্রে অবদান রাখছে।

(খ) পানি সরবরাহ ও এজাতীয় কাজে বিশেষভাবে পারদর্শী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অভিজ্ঞ কর্মকর্তা ও জনবলকে একাজে সম্পৃক্ত করা প্রকল্পটিকে সফলভাবে বাস্তবায়ন ও প্রকল্পটির উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য সহায়ক হয়েছে।

(গ) Marketing Approach প্রক্রিয়ায় ছোট ছোট স্থানীয় উদ্যোক্তার মাধ্যমে স্থাপনাগুলোর মালামাল সংগ্রহ, তৈরী ও নির্মাণ (বিশেষ করে নন পাইপড ওয়াটার সাপ্লাই এর স্থাপনা ও স্বল্প মূল্য ল্যাট্রিনের স্থাপনা) প্রকল্পটির একটি সবল দিক। এতে কাজের গতি ত্বরান্বিত হয়েছে ও কর্মক্ষেত্র তৈরীর সুযোগ সৃষ্টি হয়েছে এবং স্থানীয় পর্যায়ে উদ্যোক্তা তৈরীতে ভূমিকা রেখেছে। আর্থ-সামাজিক উন্নয়নে এর সুদূরপ্রসারী প্রভাব রয়েছে।

(ঘ) সুবিধাভোগীদের সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিকরণের জন্য NGO কর্মকর্তা ও জন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের স্থানীয় কর্মকর্তা ও কর্মচারীদেরকে সম্পৃক্ত করা প্রকল্পটি সফলভাবে বাস্তবায়নের জন্য সহায়ক হয়েছে।

৮.২ প্রকল্পের দুর্বল (Weakness) বা নেতিবাচক দিকসমূহ

(ক) আমাদের দেশে প্রত্যন্ত গ্রামাঞ্চলে সাধারণত খেটে খাওয়া দরিদ্র মানুষের বসবাস। খাবার পানির জন্য প্রতিমাসে উচ্চ মূল্য দেওয়া তাদের পক্ষে কষ্টকর। পাইপড ওয়াটার স্কীমের স্পন্সরকে ৩০% ইকুইটি দিয়ে কাজ করতে হলে কোন কোন এলাকায় মাসিক উচ্চ মূল্যে পর্যাপ্ত পরিমাণ পানির গ্রাহক পাওয়া কঠিন হবে।

(খ) স্বল্প মূল্য ল্যাট্রিনের ক্ষেত্রে প্রতিটির ব্যয় যেহেতু খুবই কম সেহেতু এতে ব্যবহৃত মালামালের নিম্নমান ও কিছু ডিজাইনগত ত্রুটির কারণে (সম্ভবতঃ লো-কন্সট্রাকশন কথা বিবেচনায় রেখে করা হয়েছে) এগুলো দীর্ঘস্থায়ী না হওয়ার সম্ভাবনা রয়েছে।

(গ) প্রকল্পের স্থাপনাগুলো বেশীরভাগ ক্ষেত্রেই প্রত্যন্ত গ্রামাঞ্চলে অবস্থিত বিধায় স্বল্প জনবল সম্বলিত স্থানীয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষে স্থাপনাগুলোর নির্মাণকালে সুষ্ঠুভাবে তদারকি সম্ভব নয়। নিয়মিত তদারকি না থাকলে কাজের গুণগত মান রক্ষা করা সম্ভব নয়।

৮.৩ প্রকল্পের সুযোগ (Opportunity)

(ক) প্রকল্প স্থাপনাগুলোর স্থান নির্ধারণে WAP Committee, স্থানীয় প্রতিনিধি ও NGO প্রতিনিধিরা সম্পৃক্ত থাকায় কিছু ব্যতিক্রম বাদে স্থান নির্বাচনে কালক্ষেপণ হয়নি এবং তেমন কোন ঝামেলাও পেতে হয়নি। ফলে প্রকল্পের কাজ ত্বরান্বিত হয়েছে।

(খ) আর্সেনিক, আয়রণ ও লবনাক্ততা প্রবণ এলাকা নির্বাচনে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পূর্বেকার জরিপের ডাটা ব্যবহার করা হয়েছে; এটাও প্রকল্পের সুযোগের দিক।

(গ) স্থাপনাগুলোর (নন্ পাইপড ওয়াটার অপশন ও স্বল্প মূল্য ল্যাট্রিনের ক্ষেত্রে) জন্য সুবিধাভোগীদের কাছ থেকে কিছু পরিমাণ Contribution Money নেওয়াটা একটা সুযোগের দিক। কারণ এতে করে প্রকল্প কাজে সুবিধাভোগীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ উৎসাহিত হয় এবং তাদের মধ্যে স্থাপনাটির ব্যাপারে sense of ownership তৈরী হয়। তবে এই ক্ষেত্রে তাদের কন্ট্রিবিউশন মানি আরো কম হলে ভাল হতো।

৮.৪ প্রকল্পের ঝুঁকি (Threat)

(ক) পাইপড ওয়াটার স্কীমের স্থাপনাগুলোর প্রতিটির জন্য স্পন্সরদেরকে কমপক্ষে ৭০০ থেকে ১০০০ জন পানির গ্রাহক সংগ্রহ করতে হবে যেটা দরিদ্র এলাকায় অত্যন্ত কঠিন। প্রতি গ্রাহককে কানেকশন ফি বাবদ এককালীন ২০০০/= টাকা থেকে ২৫০০/= টাকা এবং পানির বিল বাবদ প্রতিমাসে কমপক্ষে ২০০/= টাকা দিতে হবে। যেহেতু গ্রামাঞ্চলের মানুষের মধ্যে এ ধরনের অভ্যাস গড়ে উঠেনি সেহেতু স্পন্সরের পক্ষে সর্বক্ষেত্রে লাভজনকভাবে এটা চালানো, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা সম্ভব নাও হতে পারে। লাভ না হলে স্পন্সর স্থাপনাটি চালানোর ব্যাপারে উৎসাহ হারিয়ে ফেলতে পারে।

(খ) আমাদের দেশে পল্লী বিদ্যুতায়ন বোর্ড পল্লী এলাকায় বিদ্যুৎ সরবরাহ করে থাকে। পল্লী এলাকায় বিদ্যুৎ সরবরাহে প্রায়শঃ বিঘ্ন ঘটে। নিয়মিত বিদ্যুৎ না পেলে পাইপড ওয়াটার স্কীমগুলো সমস্যায় পড়তে পারে।

(গ) স্বল্প মূল্য ল্যাট্রিনের Slab ও প্যান Simply মাটির উপর বসানো। যদিও Type-2 এবং Type-3 এর ক্ষেত্রে - চারপাশে ১০" X ২" কংক্রিটের প্লেট দিয়ে সুরক্ষিত করার চেষ্টা করা হয়েছে তবু অধিক বৃষ্টিপাত ও বড় বর্ষা/বন্যায় নীচের মাটি সরে গেলে সম্পূর্ণ স্থাপনাটিই ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে।

(ঘ) প্রকল্প স্থাপনাগুলো বিশেষ করে নন্-পাইপ ওয়াটার ইউনিট গুলো হস্তান্তর পরবর্তী পর্যায়ে রক্ষণাবেক্ষণের জন্য সুবিধাভোগীদেরকে কিছু প্রশিক্ষণ ও ইউনিট প্রতি ১ টা wrench দেওয়া হয়েছে। এক্ষেত্রে পাইপড ওয়াটার স্কীমের মত CBO না থাকলে ইউনিটগুলো রক্ষণাবেক্ষণ ও পরিচালনার ব্যাপারে সমস্যা হতে পারে।

৯ম অধ্যায়

সুপারিশমালা

৯.১ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও কার্যক্রম গতিশীল করার জন্য নিম্নরূপ সুপারিশ করা হলোঃ

- (ক) কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের অবশিষ্ট কার্যক্রম যাতে নির্ধারিত মেয়াদের মধ্যে সমাপ্ত করা যায় তা নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থা হতে প্রকল্পের কার্যক্রম নিয়মিত ভাবে পরিবীক্ষণ করতে হবে।
- (খ) আমাদের দেশের আর্থ-সামাজিক পেক্ষাপট বিবেচনায় পাইপড ওয়াটার স্কীমগুলোর জন্য স্পন্সরের আর্থিক পার্টিসিপেশন যৌক্তিক সীমার মধ্যে রাখা প্রয়োজন যাতে স্পন্সর লাভজনকভাবে স্থাপনাটি চালাতে পারেন এবং জনগণও কম মূল্যে বিশুদ্ধ পানি পেতে পারে।
- (গ) PSF (Pond sand Filter) ইউনিটগুলোর স্থান নির্বাচনের ক্ষেত্রে অতীতে সর্বোচ্চ খরা মৌসুমে পুকুর/জলাশয়ে কি পরিমাণ পানি ছিল সে বিষয়ে স্থানীয় এলাকাবাসীর কাছ থেকে তথ্য সংগ্রহ করতে হবে। অতীতের বছর ভিত্তিক তথ্য সংগ্রহ করে স্থান নির্বাচনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।
- (ঘ) যেসকল জায়গায় স্বল্প গভীরতায় পানি পাওয়া যায় এবং পানি আর্সেনিক, আয়রণ ও লবণমুক্ত সে সকল জায়গায় Dug Well Sand Filter (DWSF) অপশনটি উপযোগী হিসেবে বিবেচনা করা যেতে পারে।
- (ঙ) রেইন ওয়াটার হারভেস্টিং ইউনিটগুলোর ওয়াটার ট্যাংক দু'ধরনের ভিতের উপর বসানো হয়েছে। যেমন বাগেরহাট জেলার চিতলমারী উপজেলায় সার্কুলার ভিতের উপর এবং সাতক্ষীরা জেলার তালা উপজেলায় ক্রস ভিতের উপর বসানো হয়েছে। সার্কুলার ভিতের উপর বসানো ট্যাংক ঠিক আছে কিন্তু ক্রস ভিতের উপর বসানো ট্যাংকগুলো পাশের দিকে চুপসে (Deformed) গেছে। সেজন্য ক্রস ভিতের উপর বসানো সবগুলো ট্যাংকের ভিত সার্কুলার করে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (চ) ভবিষ্যতে রেইন ওয়াটার হারভেস্টিংয়ের জন্য স্থান নির্বাচনের ক্ষেত্রে হারভেস্টিং এরিয়া (ঘরের চালা) যাতে বড় হয় এবং পর্যাপ্ত পরিমাণ পানি সংগ্রহ করা যায় সেদিকে নজর রাখতে হবে।
- (ছ) পাইপড ওয়াটার স্কীমগুলো ১২ বছর পর্যন্ত স্পন্সর নিজে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করবে এবং স্পন্সর গ্রাহকদের কাছ থেকে পানির বিল আদায় করবে। উদ্ভূত কোন সমস্যা নিরসনে প্রয়োজনে সিবিও (CBO) এর সাথে আলোচনাক্রমে সিদ্ধান্ত নিবে। কিন্তু ১২ বছর পরে স্থাপনাগুলোর পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব বর্তাবে সিবিও (CBO) ও স্থানীয় ইউপি চেয়ারম্যান এর উপর। হস্তান্তর পরবর্তী সময়ে নন-পাইপড ওয়াটার অপশনগুলোর পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য স্থানীয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তাদের সংশ্লিষ্ট করে সুনির্দিষ্ট নীতিমালাসহ একটা কমিটি গঠন করে কমিটিকে একাজের দায়িত্ব দেওয়া যেতে পারে।
- (জ) স্বল্প মূল্য ল্যাট্রিনের ক্ষেত্রে একটি লোক স্বাভাবিকভাবে বসে ল্যাট্রিনে প্রাকৃতিক ক্রিয়াদি সম্পন্ন করতে পারে এবং ল্যাট্রিনে যাতে একটা পানির আধার ও একটা বদনা রাখার জন্য জায়গার সংকুলান হয় সে বিষয়টি মাথায় রেখে ল্যাট্রিনের ডিজাইন করতে হবে।
- (ঝ) স্বল্প মূল্য ল্যাট্রিনের ডিজাইনের মডেল ও ব্যবহৃত মালামাল (টিন, কাঠ ও অন্যান্য সামগ্রী) আরও উন্নত করা প্রয়োজন। ল্যাট্রিনের টাইপ (TYPE) তিনটা না করে একটা স্ট্যান্ডার্ড (Standard) টাইপ করা প্রয়োজন। প্রতিটি ল্যাট্রিনের প্রাক্কলিত ব্যয় কিছু বেশি হলেও এটা করতে হবে যাতে স্থাপনাটি দীর্ঘস্থায়ী ও টেকসই হয়।
- (ঞ) স্বল্প মূল্য ল্যাট্রিনের জন্য গ্রাহকের প্রদেয় অর্থের (Contribution Money) পরিমাণ কমানো যেতে পারে।
- (ট) রিংওয়েল স্থাপনাগুলোর উপরের স্লাব ডিজাইন মোতাবেক তৈরী ও বসানো প্রয়োজন।

- (ঠ) হস্তান্তরের কিছু দিনের মধ্যে যেসমস্ত স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলোর সঠিক তালিকা তৈরী করে সেগুলো সংস্কার করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (ড) ভবিষ্যতে পাইপড ওয়াটার স্কীমের মত কোন প্রকল্প গ্রহণ করলে নির্বাচিত এলাকায় পর্যাপ্ত পরিমান গ্রাহক পাওয়া যাবে কিনা বিষয়টি আগাম জরিপের মাধ্যমে নিশ্চিত হয়ে প্রকল্প গ্রহণ করতে হবে।
- (ঢ) প্রকল্প এলাকার মোটিভেটেড জনগণের মাঝে নন-পাইপড ওয়াটার অপশন ও স্বল্প মূল্যে স্বাস্থ্য সম্মত ল্যান্ড্রিনের চাহিদা ব্যাপক বেড়েছে। গ্রামাঞ্চলে অতি দরিদ্র ও দরিদ্র জনগণের কথা বিবেচনা করে প্রকল্পটি দেশের অন্যান্য এলাকায় সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

বাংলাদেশ গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (১ম সংশোধিত)
প্রশ্নমালা-১ প্রকল্পের সুবিধাভোগী

পরিচিতিমূলক তথ্য

পরিচিতিমূলক তথ্য												
গ্রামের নাম												
ইউনিয়নের নাম ও কোড												
উপজেলার নাম ও কোড												
জেলার নাম ও কোড												
উত্তর দাতার মোবাইল নম্বর	মোবাইল নম্বর											
স্বাক্ষাত গ্রহণের তারিখ							স্বাক্ষাৎকার শুরুর সময়					
							স্বাক্ষাৎকার শেষের সময়					

সেকশন-কঃ আর্থ-সামাজিক বিষয়ে তথ্য:

ক্রঃ নং	বিষয়	উত্তর	কোড	স্কিপ	
১০১	উত্তর দাতার নাম				
১০২	উত্তর দাতার লিঙ্গ	পুরুষ	১		
		মহিলা	২		
১০৩	উত্তর দাতার বয়স (তার জন্মসাল জিজ্ঞেস করুন, প্রয়োজনে ঐতিহাসিক ঘটনা উল্লেখ করুন) বছর			
১০৪	আপনার পরিবারের সদস্য সংখ্যা কতজন? (একই খানায় যতজন খাবার খায়)	মহিলা ----- পুরুষ----- মোট-----			
১০৫	আপনার খানা প্রধানের মূল পেশা কি? (একটি উত্তর হবে)	কৃষিকাজ	১		
		চাকুরী	২		
		হাঁস মুরগী, গরু ছাগল পালন	৩		
		মৎস্য চাষ	৪		
		কুটির শিল্প/ সেলাই	৫		
		ক্ষুদ্র ব্যবসা	৬		
		অন্যান্য			
১০৬	আপনার খানার (পরিবারে বসবাসরত সকলের মাসিক আয়) কত?	-----টাকা			

সেকশন-খঃ নিরাপদ পানি বিষয়ক তথ্য:

২০১	আপনার পরিবার কি নিরাপদ পানি ব্যবহার করেন ?	হ্যাঁ	১	
		না	২	
২০২	আপনি কোন পানিকে নিরাপদ পানি মনে করেন?	যে পানি রোগ জীবানু মুক্ত	১	

	(একাধিক উত্তর হতে পারে)	যে পানি আর্সেনিক মুক্ত	২	
		যে পানি আয়রন মুক্ত	৩	
		যে পানি খেলে পেটের অসুখ/ডায়েরিয়া হয় না	৪	
		জানিনা	৫	
		অন্যান্য নির্দিষ্ট করুন-----		
২০৩	প্রকল্পের আওতায় আসার পূর্বে আপনার খানার খাবার পানির প্রধান উৎস কি ছিল ? (উত্তর একটি হবে) (যাদের বাড়িতে গ্রামিন পানি সরবরাহ ও সেনিটেশন প্রকল্প বিদ্যমান)	পাইপ লাইন থেকে	১	
		গভীর নলকূপ	২	
		অগভীর নলকূপ (স্যালো)	৩	
		সংগৃহীত বৃষ্টির পানি	৪	
		সংরক্ষিত কূপ/কুয়া/ইদারা	৫	
		অসংরক্ষিত কূপ/কুয়া/ইদারা	৬	
		ভূ-পৃষ্ঠের পানি (নদী, খাল, পুকুর, জলাশয়)	৭	
		অন্যান্য (নির্দিষ্ট করুন-----)		
২০৪	বর্তমানে আপনারা প্রকল্পের কোন উৎস থেকে খাবার পানি সংগ্রহ করেন? (উত্তর একটি হবে) (যাদের বাড়িতে গ্রামিন পানি সরবরাহ ও সেনিটেশন প্রকল্প বিদ্যমান)	পাইপ লাইন থেকে	১	
		গভীর নলকূপ	২	
		অগভীর নলকূপ (স্যালো)	৩	
		সংগৃহীত বৃষ্টির পানি	৪	
		পুকুর/জলাশয় থেকে সংগৃহীত পানি কাকর বালু ফিল্টার পদ্ধতির মাধ্যমে বিশুদ্ধকরণ	৫	
		অন্যান্য (নির্দিষ্ট করুন-----)		
২০৫	প্রকল্পের আওতায় আসার পূর্বে আপনারা কত দূর থেকে খাবার পানি নিয়ে আসতেন? মিটার		
২০৬	বর্তমানে আপনারা কত দূর থেকে খাবার পানি আনেন? মিটার		
২০৭	বর্তমানে খাবার পানি কাছ থেকে আনার কারণে আপনার কি উপকার হয়েছে? (উত্তর একটি হবে)	সময় কম লাগে	১	
		খাবার পানির জন্য অতিরিক্ত টাকা খরচ করতে হয়না	২	
		প্রয়োজন মত পানি পান করা যায়	৩	
		অন্যান্য		
২০৮	প্রকল্পের আওতায় আসার পূর্বে আপনাদের খানার খাবার পানি কি আর্সেনিক মুক্ত ছিল?	হ্যাঁ	১	
		না	২	
২০৯	প্রকল্পের আওতায় আসার পরে/বর্তমানে আপনাদের খানার খাবার পানি আর্সেনিক মুক্ত কিনা ?	হ্যাঁ	১	
		না	২	
২১০	প্রকল্পের আওতায় আসার পূর্বে আপনাদের খানার খাবার পানি কি আয়রন মুক্ত ছিল?	হ্যাঁ	১	
		না	২	
২১১	প্রকল্পের আওতায় আসার পরে/বর্তমানে আপনাদের খানার খাবার পানি আয়রন মুক্ত কিনা ?	হ্যাঁ	১	
		না	২	
২১২	প্রকল্পের আওতায় আসার পূর্বে আপনাদের খানার খাবার পানি লবণাক্ত ছিল কিনা?	হ্যাঁ	১	
		না	২	
২১৩	প্রকল্পের আওতায় আসার পরে/বর্তমানে আপনাদের খানার খাবার পানি লবণাক্ত মুক্ত কিনা?	হ্যাঁ	১	
		না	২	

২১৪	আপনি কি মনে করেন যে নিরাপদ পানি ব্যবহারের ফলে আপনার পরিবারে পানি বাহিত রোগের প্রাদুর্ভাব কমেছে ? (ডায়রিয়া, আমশয়, জন্ডিস, চর্মরোগ ইত্যাদি)	হ্যাঁ	১	
		না	২	
		উত্তর না দেওয়া	৯৯	

সেকশন-গঃ স্যানিটেশন বিষয়ক তথ্য:				
৩০১	আপনার পরিবারের সদস্যগণ সাধারণত কি ধরনের পায়খানা ব্যবহার করেন? (সরেজমিনে দেখে নিশ্চিত হয়ে সার্কেল করুন) (উত্তর একটি হবে)	ফ্লাশ পায়খানা (পাকা স্যানিটারী)/জলাবদ্ধ পায়খানা	১	
		পিট লেট্রিন (Slab/Ring সহ) ওয়াটার সিল সহ	২	
		পিট লেট্রিন (Slab বিহীন/খোলা)	৩	
		কাঁচা পায়খানা	৪	
		খোলা/বুলন্ত	৫	
		অন্যান্য নির্দিষ্ট করুন-----		
৩০২	পায়খানার আউটলেট/নির্গমন নল পানির উৎস/খোলা জায়গার সাথে সংযুক্ত কিনা?	হ্যাঁ	১	
		না	২	
৩০৩	পায়খানাটির জলাবদ্ধতাটি (ওয়াটার সিল) অক্ষত আছে কি (খানার পায়খানাটি পর্যবেক্ষন করে লিখুন)?	হ্যাঁ	১	
		না	২	
৩০৪	পরিবারের শিশুর পায়খানা সাধারণত: কোথায় ফেলা হয়? (পরিবারে ৫ বছরের নিচে শিশু না থাকলে প্রযোজ্য নয়)	নির্দিষ্ট পায়খানার গর্তে	১	
		বাড়ীর আবর্জনা ফেলার গর্তে	২	
		খোলা জায়গায়	৩	
		অন্যান্য নির্দিষ্ট করুন-----		
৩০৫	আপনারা যে পায়খানা ব্যবহার করেন সেটি কি পরিষ্কার পরিচ্ছন্ন থাকে এবং স্বাস্থ্য সম্মত? (সাক্ষাৎকারগ্রহনকারীঃ নিজে গিয়ে খানার পায়খানাটি পরিদর্শন করুন এবং পর্যবেক্ষন করে তথ্য লিপিবদ্ধ করুন) [একাধিক উত্তর হবে]	পায়খানার দেয়াল বা বেড়া দিয়ে ঘেরা	১	
		পায়খানায় মল ভাসছে না	২	
		পায়খানা দুর্গন্ধ ছড়ায় না	৩	
		পায়খানা দেয়াল বা বেড়া দিয়ে ঘেরা নয়	৪	
		পায়খানায় মল ভাসছে	৫	
		পায়খানা দুর্গন্ধ ছড়ায়	৬	
		অন্যান্য নির্দিষ্ট করুন-----		
৩০৬	ল্যাট্রিনে ব্যবহার করার জন্য পানি কোথা থেকে আনেন?	-----		
৩০৭	এই পানি পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য পযাপ্ত কিনা?	-----		
৩০৮	যদি পর্যাপ্ত না হয় তবে ল্যাট্রিনে পযাপ্ত পানির জন্য কোথা থেকে পানি সরবরাহ করলে ভাল হয়?	-----		
৩০৯	বর্তমানে আপনারা যে পায়খানা/ল্যাট্রিন ব্যবহার করেন সেটি তৈরী করতে কে/কারা সহযোগীতা করেছেন ?	লোকাল স্যানিটারি এন্টারপ্রাইজ/দোকান	১	
		কোন এনজিও	২	
		এলাকার জনসাধারণ কর্তৃক নির্বাচিত প্রতিনিধি	৩	
		অন্যান্য নির্দিষ্ট করুন-----		
৩১০	আপনার কোন আর্থিক ব্যয় হয়েছে কি না ?	হ্যাঁ	১	
		না	২ →	৩১২
৩১১	হ্যাঁ হলে কত টাকা ব্যয় হয়েছে?	-----টাকা		

৩১২	আপনারা কিভাবে এই ল্যান্ডট্রিন রক্ষণাবেক্ষণ করেন			
আপনার খানার সদস্যরা নিম্নোক্ত কাজের আগে ও পরে হাত ধুয়ে থাকে কিনা তা অনুগ্রহ করে বলুন?				
৩১৩	শৌচকার্যের পরে	হ্যাঁ	১	
		না	২	
৩১৪	শিশুদের শৌচকার্য করানোর পরে	হ্যাঁ	১	
		না	২	
৩১৫	শিশুদের খাওয়ানোর আগে	হ্যাঁ	১	
		না	২	
৩১৬	খাবার প্রস্তুত ও পরিবেশনের আগে	হ্যাঁ	১	
		না	২	
৩১৭	আপনি কি মনে করেন যে স্বাস্থ্য সম্মত পয়ঃনিষ্কাশন ব্যবস্থার ফলে আপনার পরিবারে সদস্যদের স্বাস্থ্যের উন্নতি হয়েছে ?	হ্যাঁ	১	
		না	২	
৩১৮	যদি হ্যাঁ হয় তবে কি কি উন্নতি হয়েছে		
			

সেকশন-ঘঃ সচেতনতা ও প্রশিক্ষণ সম্পর্কে তথ্য				
৪০১	আপনি অথবা আপনার পরিবারের কোন সদস্য কি নিরাপদ পানির উপকারিতা, সংগ্রহ, সংরক্ষণ এবং ব্যবহার সম্পর্কে কোন সচেতনতা মূলক সভা, মিটিং এ অংশগ্রহণ করেছিলেন ?	হ্যাঁ	১	
		না	২	৫০১
		উত্তর না দেয়া	৯৯	
৪০২	যদি হ্যাঁ হয় তবে কে/কারা এই সচেতনতা মূলক সভা, মিটিং এর আয়োজন করেছিলেন ? (ব্যক্তির নাম নির্দিষ্ট করে লিখুন এবং সম্পর্ক লিখুন)		
৪০৩	এই সচেতনতা মূলক সভা, মিটিং এ কি কি বিষয় নিয়ে আলোচনা হয়েছিল১		
	২		
	৩		

সেকশন-ঙঃ সবল, দুর্বল, সুযোগ ও ঝুঁকি সম্পর্কিত তথ্য (SWOT)				
৫০১	আপনার মতে এই প্রকল্পের সবল দিকসমূহ কি কি?১		
	২		
	৩		
৫০২	আপনার মতে এই প্রকল্পের দুর্বল দিকসমূহ কি কি?১		
	২		
	৩		

৫০৩	আপনার মতে এই প্রকল্পের ফলে কি কি সুযোগ সৃষ্টি হয়েছে?	-----১ -----২ -----৩
৫০৪	আপনার মতে এই প্রকল্পের কি বুকি/সমস্যা হতে পারে?	-----১ -----২ -----৩

সেকশন-৮ঃ অন্যান্য তথ্য

৬০১	আপনি কি মনে করেন যে বাংলাদেশ গ্রামীণ পানি সরবরাহ ও সেনিটেশন প্রকল্পের আওতায় এসে আপনার পরিবার লাভবান হয়েছে ?	হ্যাঁ	১	
		না	২	শেষ করুন
		উত্তর না দেয়া	৯৯	
৬০২	যদি হ্যাঁ হয় তবে কি কি ধরনের লাভ হয়েছে বলে আপনি মনে করেন	-----১ -----২ -----৩		

সুপারভাইজারের নাম ও স্বাক্ষর
মোবাইল নম্বরঃ
তারিখঃ

তথ্য সংগ্রহকারীর নাম ও স্বাক্ষর
মোবাইল নম্বর
তারিখ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

বাংলাদেশ গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (১ম সংশোধিত) প্রকল্প

প্রশ্নমালা- ২, এনজিও

উত্তরদাতার নামঃ

সংস্থার নামঃ

পদবীঃ

1. বাংলাদেশে গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (১ম সংশোধন) সম্পর্কে আপনারা কি জানেন?
2. এই প্রকল্পের সাথে আপনারা কিভাবে যুক্ত হলেন?
3. এক্ষেত্রে আপনারা কি কি পদ্ধতি অবলম্বন করেছেন?
4. চুক্তি পত্র অনুযায়ী যে সকল কাজ করার কথা ছিল তা করা হয়েছে কি? হ্যাঁ হলে সঠিক সমাপ্ত কম সম্পন্ন করবার ক্ষেত্রে কি কি বিষয়ে কম রয়েছে? না হলে কেন করা হয়নি?
5. চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হয়েছিল কি? হলে কেন/কি কারণে করা হয়েছিলো?
6. আপনার সংস্থা হতে এই প্রকল্পের মাধ্যমে কতজন সুবিধাভোগীদের প্রশিক্ষণ দিয়েছেন এদের মধ্যে নারী ও পুরুষের সংখ্যা কত?
7. কি কি বিষয়ে প্রশিক্ষণ দিয়েছেন?
8. কাজ করতে গিয়ে আপনারা কোন সমস্যায় পড়েছিলেন কি? হ্যাঁ হলে কি কি সমস্যায় পড়েছিলেন এবং কিভাবে তা সমাধান করেছিলেন?
9. আপনার মতে এই প্রকল্পের সবল দিকসমূহ কি কি?
10. আপনার মতে এই প্রকল্পের দুর্বল দিকসমূহ কি কি?
11. আপনার মতে এই প্রকল্পের ফলে কি কি সুযোগ সৃষ্টি হয়েছে?
12. ভবিষ্যৎতে সরকার যদি এই ধরনের প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়নের চিন্তা ভাবনা করে সেক্ষেত্রে আপনার মতামত ও সুপারিশ বলুন?
13. আপনাদের কোন সুপারিশ যদি থাকে দয়া করে বলুন ?
14. আপনি কি মনে করেন এই প্রকল্পের পদ্ধতিগত কোন দুর্বলতা ছিল?(সুবিধাভোগীদের সম্পৃক্ত করার স্পন্সর খোজা, মেইনটেনেন্স এর ব্যবস্থা ইত্যাদি ক্ষেত্রে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

বাংলাদেশ গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (১ম সংশোধিত) প্রকল্প
প্রশ্নমালা- ৩, সরকারি-বেসরকারি অংশগ্রহণ (পিপিপি)

উত্তরদাতার নামঃ

সংস্থার নামঃ (যদি থাকে)

পদবীঃ

১. বাংলাদেশে গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (১ম সংশোধন) সম্পর্কে আপনারা কি জানেন?
২. এই প্রকল্পের সাথে আপনারা কিভাবে যুক্ত হলেন?
৩. এক্ষেত্রে আপনারা কি কি পদ্ধতি অবলম্বন করেছেন?
৪. চুক্তি পত্র অনুযায়ী আপনারা কি কি কাজ করেছেন?
৫. আগামীতে কতদিন/বছর পর্যন্ত এই প্রকল্পের সাথে সংযুক্ত থাকবেন এবং কি কি কাজ করবেন?
৬. আপনাদের চুক্তির মেয়াদ শেষ হওয়ার পর এই প্রকল্প কিভাবে সুবিধাভোগীদের নিকট হস্তান্তর করবেন?
৭. এক্ষেত্রে আপনাদের কোন পরিকল্পনা আছে কি না? হ্যাঁ হলে কি পরিকল্পনা আছে?
৮. কাজ করতে গিয়ে আপনারা কোন সমস্যায় পড়েছিলেন কি? হ্যাঁ হলে কি কি সমস্যায় পড়েছিলেন এবং কিভাবে তা সমাধান করেছিলেন?
৯. আপনার মতে এই প্রকল্পের সবল দিকসমূহ কি কি?
১০. আপনার মতে এই প্রকল্পের দুর্বল দিকসমূহ কি কি?
১১. আপনার মতে এই প্রকল্পের ফলে কি কি সুযোগ সৃষ্টি হয়েছে?
১২. আপনার মতে এই প্রকল্প যদি সার্থক না হয় তবে কি কি ঝুঁকি হতে পারে?
১৩. বর্তমানে এই প্রকল্পের স্থাপনাগুলো রক্ষণাবেক্ষণের দায়িত্ব কে/বা কারা নিয়েছে?
১৪. ভবিষ্যতে এই প্রকল্পের উন্নয়নে আপনাদের কোন সুপারিশ যদি থাকে দয়া করে বলুন?
১৫. ভবিষ্যতে সরকার যদি এই ধরনের প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়নের চিন্তা ভাবনা করে এক্ষেত্রে আপনার মতামত ও সুপারিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
“বাংলাদেশে গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (১ম সংশোধন)”
এর শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের জন্য

পিপিআর -২০০৮ অনুযায়ী সেবা (Service) ক্রয় সংক্রান্ত তথ্যাবলী

প্যাকেজ-এস-১৭

কার্যাদেশ অনুযায়ী প্যাকেজটির মেয়াদকাল শেষ হবে ০৬ নভেম্বর ২০১৭। বিশ্ব ব্যাংকের নির্দেশ মোতাবেক আর্ন্তজাতিক দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নিয়োগ দেওয়া হয়েছে। বর্তমান সময় পর্যন্ত কাজের মান সন্তোষ জনক।

ক্রমিক নং	বিষয়	মন্তব্য
১	মন্ত্রণালয়/বিভাগ	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ
২	বাস্তবায়নকারী সংস্থা	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৩	প্রকল্পের নাম	বাংলাদেশে গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প
৪	দরপত্র অনুযায়ী কাজের নাম (ক্রমিক অনুসারে)	Technical assistance (TA) for assessment, development of detailed design, development of services, option and modality and preparation of water supply and sanitation (WSS) in 33 small towns of Bangladesh
৫	দরপত্র বা প্রস্তাব প্রস্তুতকরণের ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কিনা?	হ্যাঁ
৬	বিনির্দেশ প্রস্তুতকরণে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কিনা?	হ্যাঁ
৭	দরপত্র প্রকাশের মাধ্যম (ই-টেন্ডারিং) জাতীয় দৈনিক পত্রিকা	বাংলাদেশ প্রতিদিন-৪ মে ২০১৫ দৈনিক ইত্তেফাক-৪ মে ২০১৫ The Financial Express-৩ মে ২০১৫ The Daily Star-৩ মে ২০১৫ CPTU website-৭মে ২০১৫ DPHE website-৩ মে ২০১৫
৮	ই-টেন্ডারিং/টেন্ডারিং এর বিজ্ঞপ্তি প্রদানের তারিখ	৩, ৪ ও ৭ মে ২০১৫
৯	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	৯ জুন ২০১৫
১০	দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়	৯ জুন ২০১৫
১১	প্রাপ্ত মোট দরপত্রের সংখ্যা	২১ এবং শর্টলিটেড -৬
১২	রেসপনসিভ দরপত্রের সংখ্যা	৪
১৩	নন-রেসপনসিভ দরপত্রের সংখ্যা	২
১৪	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	৭ জানুয়ারী ২০১৬

১৫	ক্রয় অনুমোদনের ক্ষেত্রে পরিদপ্তরের জন্য প্রযোজ্য নিয়ম অনুসরণ করা হয়েছিল কি না?	হ্যাঁ
১৬	কার্যবিবরণী অনুমোদনের তারিখ	৭ জানুয়ারী ২০১৬
১৭	Notification of Award প্রদানের তারিখ	প্রযোজ্য নহে
১৮	মোট চুক্তি মূল্য	৯,৯৯,০০০০০ টাকা
১৯	চুক্তি স্বাক্ষরের তারিখ (ই-মেইলের মাধ্যমে)	১৫ সেপ্টেম্বর ২০১৬
২০	কার্যাদেশ প্রদানের তারিখ	১৫ সেপ্টেম্বর ২০১৬
২১	কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ	৭ অক্টোবর ২০১৬
২২	সময় বৃদ্ধি থাকলে, কতদিন বৃদ্ধি এবং কারণ	প্রযোজ্য নহে
২৩	কার্যাদেশ অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ	৬ নভেম্বর ২০১৭
২৪	ক্রয়কৃত মালামাল ক্রমিক অনুসারে সরবরাহ কালে নিয়ম মাসিক ইনভেন্টরী প্রক্রিয় সম্পন্ন হয়েছিল কি না?	হ্যাঁ
২৫	না হয়ে থাকলে কেন ?	প্রযোজ্য নহে
২৬	দরপত্রের উল্লেখিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে ক্রয়/সংগ্রহ করা হয়েছিল কি না?	না
২৭	যদি হয়ে থাকে তবে কেন ?	প্রযোজ্য নহে
২৮	সরবরাহকৃত মালামালের কোন ওয়ারেন্টি ছিল কি ?	না
২৯	যদি থাকে তবে কত দিন/মাস/বছর	প্রযোজ্য নহে
৩০	ক্রয়ের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর কোন ব্যত্যয় হয়েছিল কি না ?	না
৩১	যদি হয়ে থাকে তবে তার কারণ উল্লেখকরণ	প্রযোজ্য নহে
৩২	ক্রয় সংক্রান্ত রেকর্ডপত্র সংরক্ষিত আছে কি না ?	হ্যাঁ
৩৩	ক্রয় প্রক্রিয়াভোর পুনঃনিরীক্ষণ করা হয়েছে কি না ?	

প্যাকেজ-জি ডি ৯

প্যাকেজটির কার্যাদেশ প্রদানের তারিখ ছিল ১৮/০৮/২০১৫ এবং কাজের মেয়াদকাল ছিল ০২ সেপ্টেম্বর ২০১৫ পর্যন্ত। RFQ পদ্ধতিতে ঠিকাদার নিয়োগ দেওয়া হয়। কাজটি যথাসময়ে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

ক্রমিক নং	বিষয়	মন্তব্য
১	মন্ত্রণালয়/বিভাগ	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ
২	বাস্তবায়নকারী সংস্থা	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৩	প্রকল্পের নাম	বাংলাদেশে গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প
৪	দরপত্র অনুযায়ী কাজের নাম (ক্রমিক অনুসারে)	LAN & Internet
৫	দরপত্র বা প্রস্তাব প্রস্তুতকরণের ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কিনা?	হ্যাঁ
৬	বিনির্দেশ প্রস্তুতকরণে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কিনা?	হ্যাঁ

৭	দরপত্র প্রকাশের মাধ্যম (ই-টেন্ডারিং)	DPHE Website/RFQ
৮	ই-টেন্ডারিং/টেন্ডারিং এর বিজ্ঞপ্তি প্রদানের তারিখ	১০ আগস্ট ২০১৫
৯	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	১৭ আগস্ট ২০১৫
১০	দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়	১৭ আগস্ট ২০১৫
১১	প্রাপ্ত মোট দরপত্রের সংখ্যা	৪
১২	রেসপনসিভ দরপত্রের সংখ্যা	৪
১৩	নন-রেসপনসিভ দরপত্রের সংখ্যা	০
১৪	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	১৭ আগস্ট ২০১৫
১৫	ক্রয় অনুমোদনের ক্ষেত্রে পরিদপ্তরের জন্য প্রযোজ্য নিয়ম অনুসরণ করা হয়েছিল কি না?	হ্যাঁ
১৬	কার্যবিবরণী অনুমোদনের তারিখ	১৭ আগস্ট ২০১৫
১৭	Notification of Award প্রদানের তারিখ	প্রযোজ্য নহে
১৮	মোট চুক্তি মূল্য	৪,৪৮,৪২০ টাকা
১৯	চুক্তি স্বাক্ষরের তারিখ (ই-মেইলের মাধ্যমে)	১৮ আগস্ট ২০১৫
২০	কার্যাদেশ প্রদানের তারিখ	১৮ আগস্ট ২০১৫
২১	কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ	১৯ আগস্ট ২০১৫
২২	সময় বৃদ্ধি থাকলে, কতদিন বৃদ্ধি এবং কারণ	প্রযোজ্য নহে
২৩	কার্যাদেশ অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ	০২ সেপ্টেম্বর ২০১৫
২৪	ক্রয়কৃত মালামাল ক্রমিক অনুসারে সরবরাহ কালে নিয়ম মারফিক ইনভেন্টরী প্রক্রিয় সম্পন্ন হয়েছিল কি না?	হ্যাঁ
২৫	না হয়ে থাকলে কেন ?	প্রযোজ্য নহে
২৬	দরপত্রের উল্লেখিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে ক্রয়/সংগ্রহ করা হয়েছিল কি না?	না
২৭	যদি হয়ে থাকে তবে কেন ?	প্রযোজ্য নহে
২৮	সরবরাহকৃত মালামালের কোন ওয়ারেন্টি ছিল কি ?	হ্যাঁ
২৯	যদি থাকে তবে কত দিন/মাস/বছর	১ বছর
৩০	ক্রয়ের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর কোন ব্যত্যয় হয়েছিল কি না?	না
৩১	যদি হয়ে থাকে তবে তার কারণ উল্লেখ করণ	প্রযোজ্য নহে
৩২	ক্রয় সংক্রান্ত রেকর্ডপত্র সংরক্ষিত আছে কি না ?	হ্যাঁ
৩৩	ক্রয় প্রক্রিয়াগতের পুনঃনিরীক্ষণ করা হয়েছে কি না ?	হ্যাঁ

প্যাকেজ-জি ডি ৩২

প্যাকেজটির কার্যাদেশ প্রদানের তারিখ ছিল ২৯/১০/২০১৫ এবং কাজের মেয়াদকাল ছিল ১৪/১১/২০১৫ পর্যন্ত। RFQ পদ্ধতিতে ঠিকাদার নিয়োগ দেওয়া হয়। কাজটি যথাসময়ে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

ক্রমিক নং	বিষয়	মন্তব্য
১	মন্ত্রণালয়/বিভাগ	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ
২	বাস্তবায়নকারী সংস্থা	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৩	প্রকল্পের নাম	বাংলাদেশে গ্রামীণ পানি সরবরাহ ও

		স্যানিটেশন প্রকল্প
৪	দরপত্র অনুযায়ী কাজের নাম (ক্রমিক অনুসারে)	Electric Goods and Materials
৫	দরপত্র বা প্রস্তাব প্রস্তুতকরণের ক্ষেত্রে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কিনা?	হ্যাঁ
৬	বিনির্দেশ প্রস্তুতকরণে পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছিল কিনা?	হ্যাঁ
৭	দরপত্র প্রকাশের মাধ্যম (ই-টেন্ডারিং)	DPHE Website/RFQ
৮	ই-টেন্ডারিং/টেন্ডারিং এর বিজ্ঞপ্তি প্রদানের তারিখ	৬ অক্টবর ২০১৫
৯	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	১৩ অক্টবর ২০১৫
১০	দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়	১৩ অক্টবর ২০১৫
১১	প্রাপ্ত মোট দরপত্রের সংখ্যা	৪
১২	রেসপনসিভ দরপত্রের সংখ্যা	৩
১৩	নন-রেসপনসিভ দরপত্রের সংখ্যা	১
১৪	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	১৩ অক্টবর ২০১৫
